

## আতঙ্কে আত্মঘাতী

এসআইআরে শুনানির নোটিশ পেয়ে আতঙ্কে আত্মঘাতী নূপেন ঘোষ। ২০০২ সালের তালিকায় নাম ছিল না। ফলে খসড়াতেও নাম না থাকায় তাঁকে শুনানির নোটিশ দেওয়া হলে দুষ্কিন্তায় আতঙ্কে আত্মঘাতী হন তিনি



# জাগোবাংলা

মা মাটি মানুষের পক্ষে সওয়াল

e-paper : [www.epaper.jagobangla.in](http://www.epaper.jagobangla.in)

f /DigitalJagoBangla

📺 /jagobangladigital

📺 /jago\_bangla

🌐 [www.jagobangla.in](http://www.jagobangla.in)

## পাহাড়ি শৈতবলয়

দিন ও রাতের তাপমাত্রায় বিরাট ধস। ১১ জানুয়ারি পর্যন্ত একই রকম থাকবে আবহাওয়া। শৈতবলয়ের প্রভাবে সূর্যাস্তের পর থেকেই কনকনে ঠান্ডা। কিছু কিছু জেলায় রাতের পায়দ এক সংখ্যাত্তেও নামতে পারে



বিশেষ প্রার্থনার মাধ্যমে শেষ হল বিশ্ব ইজতেমা



কথা রাখলেন মুখ্যমন্ত্রী, শ্রমিক সন্তানদের স্কুলে পৌঁছাতে চালু বাস



## সেতু-সহ একগুচ্ছ প্রকল্পের শিলান্যাস ও উদ্বোধন করলেন মুখ্যমন্ত্রী



■ মুড়িগঙ্গা নদীর উপর গঙ্গাসাগর সেতুর শিলান্যাস করে বক্তব্য রাখছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ডানদিকে রূপশ্রী প্রকল্পে বিয়ে। মুখ্যমন্ত্রীকে প্রণাম নবদম্পতির। সোমবার।



## দিনের কবিতা

‘জাগোবাংলা’র শুরু হয়েছে নতুন সিরিজ— ‘দিনের কবিতা’। মমতা বন্দ্যোপাধ্যায়ের কবিতাবিভাগ থেকে একেদিন এক-একটি কবিতা নির্বাচন করে ছাপা হবে দিনের কবিতা। সমকালীন দিনে যার জন্ম, চিরদিনের জন্য যার যাত্রা, তাই আমাদের দিনের কবিতা।



## সংগ্রাম

দীর্ঘ জীবন, দীর্ঘ লড়াই  
দীর্ঘ সংগ্রাম, আন্দোলনের বড়াই,  
দীর্ঘ পথ চলা, দীর্ঘ কথা বলা,  
দীর্ঘ অত্যাচার, দীর্ঘ স্বৈরাচার।  
জীবন এক জীবন্ত লশা,  
অত্যাচারে জীবন বনবাস।  
তবুও লড়াই চলছে, লড়াই চলবে,  
আন্দোলন যার জন্মতিথি  
ডরবে না তবু লড়বে।

# মুখ্যমন্ত্রীর হাত ধরে ইতিহাস গঙ্গাসাগরে

মণীশ কীর্তিনিয়া • গঙ্গাসাগর

সোমবার ঐতিহাসিক গঙ্গাসাগর সেতু নির্মাণকাজের উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী। যে সংস্থা এই কাজ করছে তাদের সঙ্গে চুক্তি স্বাক্ষর হল। বরাত দেওয়া হয়ে গিয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, আমি কথায় নয়, কাজে বিশ্বাসী। আজ আমি নিজেকে অন্তত একটুও বাংলার মানুষের জন্য, সারা বিশ্বের মানুষের জন্য, পৃথিবীর মানুষের জন্য গর্ববোধ করছি। আমরা মুখে বলি না, আমরা কাজে করি।

দীর্ঘদিনের জলযন্ত্রণা। অনেকগুলি সেতু আমরা আগেও করেছি। গঙ্গাসাগর সেতুর আজকে শিলান্যাস করে কাজের টেন্ডার দিয়ে দেওয়া হল। ১৭০০ কোটি টাকা খরচ করে এই সেতু আগামী দু-তিন বছরের মধ্যে হয়ে যাবে। পাঁচ কিলোমিটার দীর্ঘ চার লেনের এই সেতু হবে অত্যাধুনিক। আগে বলা হত— সব ‘তীর্থ বারবার, গঙ্গাসাগর একবার’। আর আজকে ‘সব তীর্থ একবার, গঙ্গাসাগর বারবার’।

স্থানীয় তিন লক্ষ মানুষের যাতায়াত-সহ বিভিন্ন সুবিধা হবে। পর্যটকদের আনাগোনা বেড়ে যাবে, প্রাকৃতিক দুর্যোগে দ্রুত ত্রাণকাজে এই সেতু গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এদিন, মোট ৯৬টি প্রকল্পের উদ্বোধন হল যার আর্থিক মূল্য ৩৯৪ কোটি। (এরপর ৭ পাতায়)

## নাম বাদ! ক্ষুব্ধ নিমাই মহারাজ

প্রতিবেদন : নির্বাচন কমিশনের তুঘলকি কর্মকাণ্ডে এবার নাম বাদ পড়ল গঙ্গাসাগর ভারত সেবাশ্রম সংঘের নিমাই মহারাজের। সোমবার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ভারত সেবাশ্রম সংঘে গেলে তাঁর সামনেই মহারাজ বলেন, আমি ৪০ বছর ধরে বাংলায় আছি। এখন এরা আমার নাম বাদ দিয়ে দিয়েছে। শুনানিতে যেতে বলেছিল। আমি কাজ ফেলে— এছাড়া মুখ্যমন্ত্রী আসছেন তাই যাইনি। অত্যন্ত খেদের সঙ্গে জানালেন মানবসেবায় জীবন উৎসর্গ করা নিমাই মহারাজ। পরে কপিল মূনির মন্দিরে দাঁড়িয়ে মুখ্যমন্ত্রীও বললেন, দেখুন কী অবস্থা! মহারাজের নাম বাদ দিয়ে (এরপর ৭ পাতায়)



■ ভারত সেবাশ্রম সংঘে মুখ্যমন্ত্রী। সোমবার গঙ্গাসাগরে।

## নাগা সন্ন্যাসীদের মুখে জয় বাংলা

প্রতিবেদন : এবার ‘জয় বাংলা’ বলে উঠলেন নাগা সন্ন্যাসীরাও। সোমবার কপিল মূনির মন্দিরে পূজা দিয়ে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যখন ফিরে যাচ্ছেন সেখানে উপস্থিত কয়েকজন নাগা সন্ন্যাসী তাঁকে দেখে বলে ওঠেন ‘জয় বাংলা’। মুহূর্তে গোটা এলাকা জয় বাংলা স্লোগানে মুখরিত হয়। কোচবিহার থেকে কাকদ্বীপ— এই স্লোগানেই মেতে আছে সাধারণ মানুষ। তবে সাগরে কপিল মূনির মন্দির চত্বরে থাকা সন্ন্যাসীরাও বুঝিয়ে দিলেন রাজনীতির ধারপাশেও না থাকলে তাঁদের আশীর্বাদ (এরপর ৭ পাতায়)

## মানুষের অধিকার রক্ষায় এবার যাব সুপ্রিম কোর্টে

প্রতিবেদন : এবার এসআইআর নিয়ে সরাসরি আইনের পথে যাওয়ার হুঁশিয়ারি দিলেন মমতা বন্দ্যোপাধ্যায়। সোমবার গঙ্গাসাগর মেলায় প্রস্তুতি খতিয়ে দেখতে এসে কমিশনকে নিশানা করে তিনি বলেন, আমি উকিল। আমরা আইনের সাহায্য নিচ্ছি। আগামী কাল কোর্ট খুলবে।

## এসআইআর নিয়ে স্বেচ্ছাচারিতা

প্রয়োজন পড়লে আমি সুপ্রিম কোর্টে যাব, একজন আইনজীবী হিসাবে নয়, একজন সাধারণ মানুষ হিসাবে যাব। আমি সাধারণ মানুষের অধিকারের কথা বলতে যাব। আমিও সুপ্রিম কোর্টে মানুষের হয়ে প্লিড করব। এদিনও কমিশনের বিরুদ্ধে স্বেচ্ছা উগরে দিয়েছেন তিনি। মুখ্যমন্ত্রীর কথায়, ৮৫ বছর বয়স্ক মানুষ নাকে নল, তাকে ডেকে নিয়ে যাচ্ছে, প্রেগন্যান্ট মহিলাদের ডেকে নিয়ে যাচ্ছে শুনানির জন্য! বাংলাকে এখন প্রমাণ দিতে (এরপর ৭ পাতায়)



## শুনানির চিঠি এবার দেবকেও

প্রতিবেদন : রাজ্য জুড়ে চলছে এসআইআরের শুনানি। সেই সঙ্গে জারি আমজনতার হয়রানি ও হেনস্থা। এবার এসআইআর শুনানির নোটিশ পেলেন তৃণমূলীর সাংসদ-অভিনেতা দীপক অধিকারী ওরফে দেব। দেবের সঙ্গেই ডাক পেয়েছেন তাঁর পরিবারের আরও ৩ জন সদস্য। এ-ছাড়াও শুনানিতে ডাকা হয়েছিল টলিপাড়ার তারকা-দম্পতি কৌশিক বন্দ্যোপাধ্যায় ও লাবনি সরকারকেও। ভারতীয় (এরপর ১০ পাতায়)

## আজ বীরভূমে অভিষেকের সভা

প্রতিবেদন : বীরভূমে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের মেগা ঐতিহাসিক জনসভা হতে চলেছে রামপুরহাট বিধানসভার বিনোদপুর মাঠে। শেষপর্বের প্রস্তুতি দেখে গেলেন বীরভূম জেলা সভাপতি কাজল শেখ ও তৃণমূল জেলা চেয়ারপার্সন আশিস বন্দ্যোপাধ্যায়। পরিদর্শন শেষে কাজল বলেন, মঙ্গলবার তৃণমূল সর্বভারতীয় সাধারণ সম্পাদক কী বার্তা দেন শুনতে মুখিয়ে রয়েছেন কর্মী-সমর্থকরা। ওঁর বার্তা আগামী বিধানসভা নির্বাচনে বীরভূমের ১১টি আসনের জয়ের রাস্তা প্রশস্ত করে দেবে। অভিষেক যে বার্তা দেবেন, আমরা মানুষের দুয়ারে দুয়ারে গিয়ে তা পৌঁছে দেব। জেলা নেতৃত্বের অনুমান, বিনোদপুর মাঠ কয়েক লক্ষ মানুষে ভরে যাবে। কড়া পুলিশি নিরাপত্তা বেষ্টনীতে ঘিরে ফেলা হয়েছে বিনোদপুর মাঠ-সহ গোটা এলাকা।



■ সাতগাছিয়ায় সেবাশ্রম-২ স্বাস্থ্যশিবিরে অভিষেক বন্দ্যোপাধ্যায়।



## তারিখ অভিধান

১৯৭১  
পি সি সরকার  
(সিনিয়র)

(১৯১৩-১৯৭১) এদিন শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। পুরো নাম প্রতুলচন্দ্র সরকার। বিশ্ববিখ্যাত জাদুকর। কলকাতার ইম্পেরিয়াল রেস্টোরাঁয় সপার্বদ হাজির হয়েছেন অবিভক্ত বাংলার প্রধানমন্ত্রী ফজলুল হক। অবশ্য তখন মুখ্যমন্ত্রী পদটিকেই অভিহিত করা হত প্রধানমন্ত্রী বলে। সেখানেই হাজির হয়েছেন পি সি সরকার সিনিয়র। হক সাহেবকে নিজের ‘ম্যাজিক’ দেখাবেন। রাজিও হলেন তিনি। জাদুকরের কথামতো, সাধারণ একটা কাগজের টুকরোয় কিছু লিখলেন। সেইও করলেন। বাকি মন্ত্রীরা যাঁরা এসেছিলেন, তাঁরাও তার তলায় সেই করলেন। ঠিক তারপরই, চিচিং ফাঁক! জাদুকরের মন্ত্রবলে সেই সামান্য কাগজ হয়ে গেল পদত্যাগপত্র! ফজলুল হক প্রধানমন্ত্রিত্ব হারালেন, আর সেই মুহূর্তের জন্য সিংহাসনে বসলেন সেই বাঙালি জাদুকর, পি সি সরকার সিনিয়র। ৯ এপ্রিল, ১৯৫৬। বিবিসি লন্ডন থেকে সম্প্রচারিত হল ১৫ মিনিটের ম্যাজিক শো। এক তরুণীকে কাটা হয়ে গেল বৈদ্যুতিক করাত দিয়ে। জোড়া লাগানোর সময় জাদুকরের আন্তরিক চেষ্টাতেও তরুণী বেঁচে উঠলেন না। পি সি সরকার চোখে-মুখে এমন হাব-ভাব ফোটালেন যেন বিরাট দুর্ঘটনা ঘটে গেছে। তরুণী আর প্রাণ ফিরে পেল না। সময় শেষ। এবার



নতুন টেলিকাস্ট শুরু হয়ে গেল। অনুষ্ঠানের প্রযোজক ভীষণ চটে গেলেন জাদুস্রাটের ওপর। জাদুস্রাটও এমন ভাব দেখালেন যেন খুবই অপরাধ করে ফেলেছেন। কিছুক্ষণ বাদে আসল নাটক শুরু হল গোটা লন্ডন শহর এবং শহরতলি জুড়ে। এক পাকা জাদুশিল্পী খেলা দেখাতে গিয়ে প্রাণ কেড়ে নিলেন সহকারিগীর! হুমড়ি খেয়ে পড়লেন সাংবাদিকেরা ব্রডকাস্টিং সেটারে। ঘনঘন টেলিফোন। সংবাদপত্রের অফিসে ফোন এল এত বেশি যে লন্ডন শহরে দু’ঘণ্টার জন্য টেলিফোন লাইন অচল হয়ে গিয়েছিল। পরের দিন ১৯৫৬ সালের ১০ এপ্রিল তারিখে লন্ডনের সমস্ত খবরের কাগজে বড় বড় করে প্রথম পাতায় বেরোল ‘চিন্তা করবেন না মেয়েটা সুস্থ আছে। পুরোটাই জাদুস্রাট পি সি সরকারের জাদুর চালাকি।’ পি সি সরকার সিনিয়র জাদুবিদ্যায় কল্পনা, উদ্ভাবনীর ক্ষমতা, প্রদর্শনভঙ্গি, পরিবেশনের মূর্তি, জাঁক-জমকপূর্ণ পোশাক, থিয়েটারের কায়দায় দৃশ্যপট, স্বদেশি কায়দায় বাজনা-সহ অভিনয়ে দক্ষ সুন্দর-সুন্দরী সহকারী-সহকারিগীর সঙ্গে আন্ট্রাভায়েলেট আলোর ব্যবহার করতেন। তিনিই প্রথম এসবের প্রবর্তক।



২০২১ আমেরিকার  
আইনসভা কংগ্রেসের ক্যাপিটল  
ভবন এদিন কার্যত কয়েক ঘণ্টা  
দখল করে রাখে ডোনাল্ড  
ট্রাম্পের সমর্থকরা। কংগ্রেসের  
অধিবেশন চলাকালীন ক্যাপিটল

ভবনে তারা ঢুকে পড়লে কিছুক্ষণ অধিবেশন বন্ধ থাকে। পরে ভবন থেকে বিক্ষোভকারীদের বের করে দিয়ে আবারও শুরু হয় অধিবেশন। এই ঘটনায় চারজন মারা যায়, গ্রেফতার হয় জনা পঞ্চাশেক ব্যক্তি। এদিন ক্যাপিটল বিল্ডিংয়ে হাউস অব রিপ্রেজেন্টেটিভ এবং সেনেটের বৈঠক চলছিল আমেরিকার প্রেসিডেন্ট নির্বাচনের ফলাফলের চূড়ান্ত সিলমোহরের বিষয়টি নিয়ে। তখনই ঘটনাটি ঘটে। এই ঘটনার পরই গোটা ক্যাপিটল বিল্ডিং চত্বর নিরাপত্তার বলয়ে মুড়ে ফেলা হয়।

২০০১ জর্জ বুশকে এদিন  
আমেরিকার রাষ্ট্রপতি হিসেবে  
আনুষ্ঠানিক অনুমোদন দিল মার্কিন  
কংগ্রেস। আইনি লড়াইয়ের শেষে  
এল এই স্বীকৃতি। ডেমোক্রট  
দলের প্রার্থী আল গোর ২০০০-  
এর নির্বাচনী ফলাফল নিয়ে এই  
মামলা করেছিলেন।



১৯৮০ দিলীপকুমার রায় (১৮৯৭-১৯৮০)  
এদিন প্রয়াত হন। জন্মও এই মাসেই, ২২  
জানুয়ারি, ১৮৯৭। সঙ্গীতজ্ঞ, সঙ্গীত আলোচক,  
গীতরচয়িতা, সুরকার ও গায়ক। বাবা বিখ্যাত  
নাট্যকার ও গীতিকার দ্বিজেন্দ্রলাল রায়।  
দিলীপকুমার আত্মপরিচয়ে লিখেছিলেন—  
“প্রেম আমার সাধন জানি, আমার জীবন মানি/ বন্ধনে মণিমুক্তো  
তারা প্রেম/ বিরহে প্রেম উদ্দীপন, মিলনে প্রেম উন্মাদন।” পুণ্যে  
হরেকৃষ্ণ মন্দিরে তাঁর সমাধিবেদিতে উৎকীর্ণ এই পঙ্ক্তি।

২০২১ আমেরিকার অন্যতম প্রধান

সরকারি কার্যালয় তথা আমেরিকান  
কংগ্রেসের সদর দফতর ক্যাপিটলে এদিন  
আমেরিকার প্রেসিডেন্ট নির্বাচনে জয়ী  
ডেমোক্র্যাট প্রার্থী জো বাইডেনের  
আনুষ্ঠানিক জয় ঘোষণার কথা ছিল। কিন্তু পরাজিত রিপাবলিকান  
পার্টির প্রার্থী তথা বিদায়ী প্রেসিডেন্ট ট্রাম্প ফলপ্রকাশের পর  
থেকেই ভোটে কারচুপির অভিযোগ তুলেছিলেন। অভিযোগ,  
নির্বাচনের ফল ঘোষণাতে সেদিন হিংসা ছড়ানোর পরিকল্পনা  
করেছিলেন মরিয়্যা ট্রাম্প। রিপাবলিকান সমর্থকদের উসকে দিয়ে  
অভ্যুত্থানের পরিকল্পনা ছিল তাঁর। সেই উদ্দেশ্যে নির্বাচনে  
কারচুপির জিগির তুলে সমর্থকদের উত্তেজিত করার চেষ্টা  
চালিয়েছিলেন। ঘটনায় কমপক্ষে পাঁচজন নিহত হন।



## কর্মসূচি



■ ৭ জানুয়ারি মালদহে আসছেন তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক  
অভিষেক বন্দ্যোপাধ্যায়। সোমবার জলঙ্গা মাঠে গিয়ে সভাস্থলের প্রস্তুতি ও নিরাপত্তা  
ব্যবস্থা খতিয়ে দেখেন মালদহ জেলা পুলিশ প্রশাসনের শীর্ষ আধিকারিকরা। জেলা পুলিশ  
সুপার অভিজিৎ বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে পুলিশ কর্তারা মঞ্চ, দর্শকাসন, প্রবেশ ও প্রস্থান  
পথ সহ একাধিক গুরুত্বপূর্ণ দিক পরিদর্শন করেন।

■ তৃণমূল কংগ্রেস পরিবারের সহকর্মীদের প্রতি : আপনার এলাকায় কোনও কর্মসূচি থাকলে তা  
আগাম জানান। এবং কর্মসূচি পালনের পর ছবি-সহ প্রতিবেদন পাঠান।

ই মেল : jagabangla@gmail.com  
editorial@jagobangla.in

## শব্দবাংলা-১৬০৭

১			২		৩		৪
৫	৬		৭				
					৮	৯	
১০		১১					
		১২		১৩		১৪	১৫
১৬							
১৭				১৮			

পাশাপাশি : ১. অতি সহজে, অক্লেশে  
৩. যেহেতু ৫. অন্ধকারে ঢাকে— ৭.  
ধন, স্বাবর ও অস্বাবর সম্পত্তি ৮.  
পাকানো ১০. অসত্য, বেঠিক ১২.  
নোংরামি ১৪. নতুন, নবীন ১৭.  
ব্যাপক পরিবর্তন ১৮. সৌম্যমূর্তি।

উপর-নিচ : ১. মুক্তি, স্বাধীনতা ২. শতাব্দ  
৩. — কাছে এসেছি ৪. নাটক ৬. মুখর,  
শব্দকারী ৯. বিশ্ব ১১. যক্ষ্মা রোগ ১৩.  
তবু, তথাপি ১৫. পতি, স্বামী ১৬. গুন্মা।

■ শুভজ্যোতি রায়

সমাধান ১৬০৬ : পাশাপাশি : ১. কৈলাসবাসিনী ৬. তপ ৮. খরানি ৯. জলধর ১০. লঘুভার  
১২. আলাপ ১৩. নোট ১৫. বহিরাবরণ। উপর-নিচ : ২. লাগানি ৩. বাতধ্বজ ৪. নীত ৫.  
চোখউলটানো ৭. পরিধিমাপক ১১. রসকরা ১২. আদর ১৪. টব।

সম্পাদক : শোভনদেব চট্টোপাধ্যায়

● সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের পক্ষে ডেরেক ও'ব্রায়েন কর্তৃক তৃণমূল ভবন,  
৩৬জি, তপসিয়া রোড, কলকাতা ৭০০ ১০০ থেকে প্রকাশিত ও প্রতিদিন প্রকাশনী  
প্রাইভেট লিমিটেড, ২০ প্রফুল্ল সরকার স্ট্রিট, কলকাতা ৭০০ ০৭২ থেকে মুদ্রিত।  
সিটি অফিস : ২৩৪/৩এ, এজেসি বোস রোড, পঞ্চম তল, কলকাতা ৭০০ ০২০

Editor : SOBHANDEB CHATTOPADHYAY

Owned by ALL INDIA TRINAMOL CONGRESS, Published by Derek  
O'Brien from Trinamool Bhavan, 36G Topsia Road, Kolkata 700 100 and  
Printed by the same from Pratidin Prakashani Pvt. Ltd.,  
20 Prafulla Sarkar Street, Kolkata 700 072

Regd. No. WBBEN/2004/14087

● Postal No. Kol RMS/352/2012-2014 DL. No. 15 dt 19/7/21  
City Office : 234/3A, A. J. C Bose Road, 4Th Floor, Kolkata 700 020

## ৫ জানুয়ারি কলকাতায় সোনা-রূপোর বাজার দর

পাকা সোনা	১৩৬১৫০
(২৪ ক্যারেট, ১০ গ্রাম),	
গহনা সোনা	১৩৬৮৫০
(২২ ক্যারেট, ১০ গ্রাম),	
হলমার্ক গহনা সোনা	১৩০০৫০
(২২ ক্যারেট, ১০ গ্রাম),	
রূপোর বাট	২৩৮৪৫০
(প্রতি কেজি),	
খুচরো রূপো	২৩৮৫৫০
(প্রতি কেজি),	

সূত্র : গুরুত্বপূর্ণ বুলিয়ন মার্কেটস অ্যান্ড  
জুয়েলার্স অ্যাসোসিয়েশন। দর টাকায় (জিএসটি),


## মুদ্রার দর (টাকায়)

মুদ্রা	ক্রয়	বিক্রয়
ডলার	৯১.১৭	৮৯.১৭
ইউরো	১০৬.৭১	১০৪.০৯
পাউন্ড	১২২.৯৩	১২০.০৬

## নজরকাড়া ইনস্টা



■ কুমার শানু, সঙ্গে তাঁর মা-বাবা



■ রুক্মিণী মৈত্র





## গঙ্গাসাগর সেতুর শিলান্যাস ■ মেলার প্রস্তুতি দেখলেন মুখ্যমন্ত্রী



## ড্রোন পাঠিয়ে উদ্ধার করা যাবে বিপদগ্রস্তকে, অভিনব উদ্যোগ

মণীশ কীর্তনীয়া • সাগর

এবারের গঙ্গাসাগর মেলাকে কেন্দ্র করে অভূতপূর্ব নিরাপত্তার ব্যবস্থা করেছে জেলা প্রশাসন। সিসিটিভি, জিপিআরএস-এর ট্র্যাকিং সিস্টেম তো আছেই। আকাশে ড্রোন উড়ছে অনবরত। এর সঙ্গে এবার যুক্ত হয়েছে ড্রোনের সাহায্যেই মানুষ বাঁচানোর নয়া পদ্ধতি। যদি কোনও পুণ্যার্থীর জলে ডুবে যাওয়ার বা ভেসে যাওয়ার পরিস্থিতি হয়, তখন তাঁর কাছে ড্রোন পাঠিয়ে ওই ড্রোনের সাহায্যেই জল থেকে ওই ব্যক্তিকে পাড়ে টেনে আনা হবে। দক্ষিণ ২৪ পরগনার জেলাশাসক অরবিন্দ মিনা জানান, নতুন এই ব্যবস্থা এবছর পরীক্ষামূলকভাবে চালু করা হচ্ছে। ফলে নজরদারি চালাতে গিয়ে যদি দেখা যায় লট ৮ বা

কচুবেড়িয়ার মধ্যে পারাপারের সময় মুড়িগঙ্গায় কেউ বিপদে পড়েছেন কিংবা পুণ্যস্নান করতে গিয়েও বিপদ এলে তাঁকে দ্রুত উদ্ধার করা যাবে। এর সঙ্গে অন্যান্য আনুষঙ্গিক ব্যবস্থাপনা তো থাকছেই। মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়ের নির্দেশে জেলাশাসকের নেতৃত্বে আধিকারিক এবং জেলা পুলিশের গোটা টিম একযোগে দিনরাত কাজ করে চলেছেন। এবছর কুস্তমেলানা থাকায় গঙ্গাসাগর মেলায় প্রবল ভিড় হবে। সেইসঙ্গে মাঘ মেলা থেকেও অনেক সাধুসন্ত এবং পুণ্যার্থীরা আসতে পারেন, ফলে সবদিক বিবেচনা করেই নিজেদের তৈরি রেখেছে জেলা প্রশাসন। উল্লেখ্য, আগামী ৮ জানুয়ারি কলকাতার আউট্রাম ঘাটে সাধুদের অস্থায়ী শিবিরে যাবেন মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়।

## চিন্তা করবেন না, সার্ভে করে দেব

প্রতিবেদন : ওবিসি সংরক্ষণ নিয়ে সংখ্যালঘুদের অভয় দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়। প্রয়োজনে সার্ভে করে দেব আমরা। সোমবার সাগরে গঙ্গাসাগর সেতুর শিলান্যাস অনুষ্ঠানের মঞ্চ থেকে মুখ্যমন্ত্রী বলেন, যা হয়েছে কোর্টের আর্ডারে হয়েছে। প্রয়োজন হলে নতুন করে আমরা আবেদন করব। আমরা এই মর্মে আইনি পরামর্শ নিচ্ছি। ওটা আমরা আইন মেনে সার্ভে করে দেব। কোনও চিন্তা করবেন না। উল্লেখ্য, সংখ্যালঘু মুসলিম গোষ্ঠীর একাংশের ক্ষোভ ছিল, তাদের ওবিসি-এ তালিকা থেকে সরিয়ে দেওয়া হয়েছে। সার্ভে করে তাঁদের ফিরিয়ে আনা দরকার। সেক্ষেত্রে যা করণীয় করবেন মুখ্যমন্ত্রী। প্রয়োজনে সার্ভেও করবেন বলে জানান তিনি।

## পুণ্যার্থীর মৃত্যুতে বিমার ৫ লক্ষ সাহায্য

প্রতিবেদন : গঙ্গাসাগর মেলা চলাকালীন কোনও পুণ্যার্থী দুর্ঘটনার মারা গেলে তাঁদের পরিবারকে ৫ লক্ষ টাকা আর্থিক সহায়তা দেওয়া হবে। সোমবার গঙ্গাসাগর সেতুর শিলান্যাস অনুষ্ঠানের পর সোশ্যাল মিডিয়া পোস্টে মুখ্যমন্ত্রী জানান, ৯ জানুয়ারি থেকে ১৭ জানুয়ারি পর্যন্ত গঙ্গাসাগরে উৎসব চলবে। এই সময়ে রাজ্য সরকারের পক্ষ থেকে পুণ্যার্থী-সহ সবার জন্য বিমার ব্যবস্থা করা আছে। কোনও পুণ্যার্থীর মৃত্যু হলে তাঁর পরিবার পাঁচ লক্ষ টাকা পাবেন।





জাগোবাংলা  
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

## বঞ্চনা, তবু...

মুখ্যমন্ত্রীর হাত ধরে ইতিহাসের পাতায় জায়গা করে নিচ্ছে এবার গঙ্গাসাগর। কেন্দ্রীয় সরকার বাংলাকে শুধু বঞ্চনা করেছে রাজনৈতিক কারণে। স্বাধীনোত্তর বাংলায় এতগুলি সরকার ক্ষমতায় ছিল, কেউ ঘুরে তাকায়নি গঙ্গাসাগরের দিকে। ৩৪ বছরের বাম সরকার শুধু কেন্দ্রের বঞ্চনার কথা চোঙা ফুঁকে বলেছে, কিন্তু বাংলার উন্নয়নের কথা ভাবেনি। ভেবেছে শুধু ভোটে জেতার কথা। মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার কেন ব্যতিক্রম, কেন দেশের অন্য রাজ্যগুলির কাছে বাংলা এখন মডেল, তা বুঝিয়ে দিচ্ছেন জননেত্রী। সাগরদ্বীপের সঙ্গে যোগাযোগের একমাত্র রাস্তা ছিল জলপথ। একটা সেতুর কথা কেউ ভাবেনি। ভাবেনি এলাকার মানুষের কথা। ভাবলেন মমতা বন্দ্যোপাধ্যায়। সেতুর শিলান্যাস করলেন। আগামী দিনের নতুন ইতিহাসের সূচনা হল গঙ্গাসাগরে। কেন্দ্রের বঞ্চনা ছিল, আজও প্রকটভাবে রয়েছে। বাংলাকে ভাতে মারার চেষ্টা চালাচ্ছে বিজেপি সরকার। কিন্তু সেসব উপেক্ষা করে বাংলার মানুষের অর্থে তৈরি হচ্ছে প্রার্থিত সেতু। বদলে যেতে চলেছে এলাকার উন্নয়নের মানচিত্র। বিজেপির নোংরা রাজনীতি পরাস্ত। যেভাবে বিজেপির রাজনীতি মাঠে মারা গিয়েছে ঘাটাল মাস্টার প্ল্যানও। কেন্দ্র অর্থ দেয়নি। তবু রাজ্যের অর্থেই হচ্ছে এই প্রকল্প। ক'জন পারেন কেন্দ্রের সঙ্গে লড়াই করে তাদের সাহায্য ছাড়াই এমন প্রকল্প করতে। যে অর্থ তারা বাংলা থেকে নিয়ে যায়, সেই বিলিয়ে দিচ্ছে বিজেপি রাজ্যগুলিতে। এই নোংরা রাজনীতি শেষ কথা বলে না, শেষ কথা বলবেন জনতা-জনার্দন। তাই যতই এসআইআর-এর চক্রান্ত করুক না কেন বিজেপি, জিতবেন মুখ্যমন্ত্রী, জিতবে বাংলা, জিতবে বাংলার মানুষের হার না-মানা মানসিকতা।



## আছে দিনে এত বেকার কেন?

১৪০ কোটি মানুষের ভারতে সবচেয়ে বড় সমস্যার নাম বেকারত্ব। ২০১৩-১৪ সালে প্রধানমন্ত্রী পদপ্রার্থী হিসেবে নরেন্দ্র মোদি বেকারত্ব ইস্যুতেই যুবসমাজের মন জয় করেছিলেন। জাতীয় রাজনীতিতে তাঁর প্রথমবারের আক্রমণের লক্ষ্য ছিল নেহরু-গান্ধী পরিবার এবং কংগ্রেস সরকার। তাঁর অভিযোগ ছিল, কংগ্রেস সরকারগুলির অকর্মণ্যতার কারণে এবং সদিচ্ছার অভাবেই যুবসমাজের এই দুর্দশা। কেন্দ্র সরকার গঠনে যুবসমাজের সমর্থন ভিক্ষা করেছিলেন মোদি। তাঁর প্রতিশ্রুতি ছিল, সরকার গড়তে গেলে এই যুবসমাজের প্রত্যেকের হাতে হাতে কাজ দেবেন। তার ফলে এই বেকার বাহিনীই, যারা দেশের 'বোঝা' বলে গণ্য হচ্ছে, তারাই হয়ে উঠবে আসল সম্পদ এবং দেশকে দ্রুত এগিয়ে নিয়ে যাওয়ার কারিগর। পুরো প্রথম দফা পার করার মুখে দ্বিতীয় দফার ভোটের আগে, ২০১৯-এ এসেও নরেন্দ্র মোদি জানাননি কথার খেলাপের কী কারণ। তবু দেশবাসী তাঁকে আর একটা সুযোগ দেওয়ার সিদ্ধান্ত নেয় এবং তিনি ফের প্রধানমন্ত্রী হন। দ্বিতীয় দফায় ব্যর্থ প্রধানমন্ত্রীকেও, ২০২৪-এ দেশবাসী সুযোগ দিয়েছে হ্যাটট্রিক করার। কিন্তু এই টানা বারো বছরেও বেকারত্ব ঘোচানো দূর, এক তিল কমাতেও কি পেরেছেন তিনি? এই একটি প্রশ্নে তাঁর পরম ভক্তরাও একবাক্যে স্বীকার করবেন যে, 'না'। সমস্বরে এটাই বলবেন সকলে, চাকরি প্রদানে, কর্মসংস্থান সৃষ্টিতে এবং বেকারদের দিশা দেখাতে দেশের সবচেয়ে ব্যর্থ নেতার নাম নরেন্দ্র মোদি। বছরে দুই কোটি চাকরির খোঁচা দিয়ে তাঁকে আর লজ্জা দেওয়ার মানে হয় না। বলেছিলেন, ২০২৪ সালের আগে ১০ লক্ষ নিয়োগের ব্যবস্থা করবেন। গুচ্ছ রোজগার মেলা সাজিয়েও কিছু লাভ হল কি? বরং নিখাদ সত্য হয়ে উঠল এটা যে, মুখ খুবড়ে পড়েছে প্রধানমন্ত্রী ইন্টারশিপ যোজনাও। ২০২৫-এর স্বাধীনতা দিবসের ঘোষণা ছিল আরও বড়: আগামী দু'বছরে সাড়ে তিন কোটি কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে তাঁর সরকার এক লক্ষ কোটি টাকার প্রকল্প রূপায়ণ করবে। এই প্রচারকে সামনে রেখে বিহার বিধানসভা নির্বাচনে দাঁও মেরেছে বিজেপি জোট। কিন্তু এখনও পর্যন্ত অশ্বাভিষেকের অধিক কিছু প্রসব করতে দেখল কি দেশ? ওদিকে সিএমআইই জানাচ্ছে, গত মাসে দেশে গড় বেকারত্বের হার ছিল ৬.৯ শতাংশ। সংখ্যাটি ৪.৭ ছিল তার পূর্ববর্তী মাস নভেম্বরে। বৃদ্ধির শতকরা বিচারে দেখা যাচ্ছে, বছর শেষে মাত্র একমাসে কর্মহীনতার হার ৪৬ শতাংশ ছাপিয়ে গিয়েছে। স্থায়ী কর্মসংস্থানের দিক থেকে দ্রুত সরে এসেছে মোদি সরকার। তার বদলে গুরুত্ব আরোপ করেছে চুক্তিভিত্তিক নিয়োগের উপরে। কোপ মারা হয়েছে ১০০ দিনের কাজের প্রকল্পে (মনরেগা)।

— প্রিয়ঙ্কর প্রামাণিক, বিবেকানন্দ রোড, কলকাতা ৬

■ চিঠি এবং উত্তর-সম্পাদকীয় আপনিও পাঠাতে পারেন :  
jagabangla@gmail.com / editorial@jagobangla.inএ লড়াই বাঁচার লড়াই  
এ লড়াই জিতবে বাংলাই

রাজনীতির ময়দানে বিজেপি এবং বাম-কংগ্রেস জোট আসলে একই মুদ্রার এপিঠ আর ওপিঠ। বিশ্বাস হচ্ছে না? তবে পুরাতন মালদহের দিকে তাকিয়ে দেখুন।

বিজেপি আর কংগ্রেস, দুই দলের নেতৃত্ব সমঝোতা করে নিজেদের আখের গোছাচ্ছে। কংগ্রেসের সমর্থনে পঞ্চায়েত সমিতি চালাচ্ছে বিজেপি বোর্ড। সমিতির সভাপতি বিজেপির। অন্যদিকে, মহিষবাথানি গ্রাম পঞ্চায়েতেও একই অবস্থা। সেখানে বিজেপির সমর্থনে ক্ষমতায় রয়েছে কংগ্রেসের বোর্ড। প্রধান রয়েছে কংগ্রেসের।

পুরাতন মালদহে পঞ্চায়েত সমিতির আসন ১৮টি। সেখানে বিজেপি আট, কংগ্রেসের দুই, সিপিএম একটি আসন পায়। তৃণমূল পেয়েছিল সাতটি। অন্যদিকে, মহিষবাথানি গ্রাম পঞ্চায়েতে ২৫টি আসনের মধ্যে তৃণমূল এবং কংগ্রেস ন'টি করে আসন পায়, বিজেপি পাঁচ এবং দুটিতে নির্দল প্রার্থী জিতেছিলেন। পরবর্তীতে বিজেপি এবং কংগ্রেস সমঝোতা করে বোর্ড চালাচ্ছে। বিজেপি একটি আপাদমস্তক বাংলা বিরোধী দল। বিশ্বাস হচ্ছে না? তবে বর্ধমানের দিকে তাকিয়ে দেখুন।

ভিনরাজ্য থেকে আসা বিজেপি নেতারা সে জেলায় থাকছেন নামী হোটেল ভাড়া করে। তাঁদের জন্য রয়েছে এলাহি বন্দোবস্ত। প্রতিটি বিধানসভা কেন্দ্র ঘুরে ভেট ব্যাক্স তৈরি করা নাকি তাঁদের টার্গেট। অথচ, তাঁরা বাংলা বলতে জানেন না। বোঝেনও না। সেক্ষেত্রে দোভাষীর প্রয়োজন হচ্ছে। ভিনরাজ্য থেকে থেকে আসা নেতারা গ্রামে গিয়ে ভোজপুরী, হিন্দি ভাষায় বুলি আওড়াচ্ছেন। অনেকেই কিছু না বুঝে মাথা নাড়াচ্ছেন। অন্য রাজ্যের ভোট যে কায়দায় হয়, বাংলায় সে কায়দায় ভোট করানোর জন্য ওইসব নেতাদের আমদানি করা হয়েছে। এটা কার্যত বাংলার মানুষের প্রতি, বাঙালি সংস্কৃতির প্রতি অপমান।

আর একদিকে এত মাখামাখি ঢলাঢলি, অন্যদিকে অবাঙালি নেতাদের দিয়ে ভোট নিয়ন্ত্রণের চেষ্টা, সবটাই একটা গোটা ছকের দুটো অংশ। একটা মূল ষড়যন্ত্রের দুটো ডানা।

মূল ষড়যন্ত্রটা হল ভোটের তালিকায় ঘাপলা করার ধান্দা। মুখ্য ষড়যন্ত্রী সংঘী জ্ঞানেশ, কুমার ওরফে ভ্যানিশ কুমার।

হিন্দু-মুসলমান মেরুকরণ আর মোদি-অমিত শাহের আসা যাওয়ার বাইরে বঙ্গ বিজেপি এখনও স্বনির্ভর হতেই পারল না। বুথে বসা লোকের তালিকা আছে, কিন্তু ভোটের দিন অধিকাংশের টিকি মেলে না। সেজন্যই শুভেন্দু-সুকান্তের মস্তিষ্কপ্রসূত দাওয়াই এসআইআই।

এবার এসআইআর পর্বেও বিএলএ'দের গালভরা লম্বা তালিকা দিতে বিজেপির থিঙ্কট্যান্ডার কার্পণ করেননি। সংখ্যার নিরিখে তা যথেষ্ট হলেও, বাস্তবে ওইসব বিএলএ-র দেখা কি মিলেছে প্রত্যন্ত গ্রাম বাংলার সর্বত্র? কলকাতা শহরের আশপাশে? মানুষের অভিজ্ঞতা করণ! সেজন্যই সব দায়িত্ব এখন ভ্যানিশ কুমারের কাঁধে।

কিন্তু তাতে কী হল!

কেন্দ্রীয় নেতৃত্বের বঙ্গ দখলের ইচ্ছে আছে বোল আনা ছেড়ে আঠারো আনা। পাশে বাম-কংগ্রেসের টানার জন্য অগুনতি টাকা আছে। সর্বোপরি, বশংবদ নির্বাচন কমিশন আছে। তবু এসআইআরে লাভের বদলে দলের পুরো অভিযানটাই পুরো ফ্লপ হতে বসেছে। সেটা বুঝেই গেরুয়া গোয়ালে এখন ত্রাহি-ত্রাহি রব।

রোহিঙ্গা দুরস্থ, পেটে লাথি পড়েছে মতুয়া হিন্দুদেরই। বৃদ্ধ-বৃদ্ধাদের সঙ্গে এমন বেইমানি আর কোন রাজনৈতিক দল করেছে! সেজন্যই কেন্দ্রের বিগত এক দশকেরও বেশি সময়ের শাসক স্বরাষ্ট্রমন্ত্রী সব ছেড়ে দিয়ে বেয়াক্ষের মতো অনুপ্রবেশকে প্রধান ইস্যু করার খোঁয়াব দেখেন। ভুলে যান, এ হল, লুডোর বোর্ড উল্টে চিং হয়ে আকাশের দিকে থুতু ছোড়ার শামিল! তাঁর মন্ত্রকের ব্যর্থতার সাতকাহনের উপর দাঁড়িয়ে বাংলায় ভোট লড়বে গেরুয়া শক্তি? এই পরিচিত নাটকের শেষ অঙ্কে 'শাজাহান'



মাক ট্রাজিক পরিণতিটা সবার জানা। সীমান্ত পেরোনো এত ঘুসপেটিও ঢোকাল কে? অমিতজির বিএসএফএর ব্যর্থতা।

২০২১-এ যেমন দু'শো আসনে জেতার খোঁয়াব মিলিয়ে গিয়েছিল, থামতে হয়েছিল একশোরও আগে, দল ভেঙে এজেঙ্গি নামিয়ে, মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে ব্যক্তিগত আক্রমণের বন্যা বইয়েও একশো আসনও জেতা হয়নি, সেই ক্লাস্তিকর একঘেয়ে ন্যারেটিভ হাজির করে এবারও কি বিশেষ লাভ হবে? কী হবে, সেটা বাংলার মানুষ আর কয়েক মাস পরে ঠিক করবে। আবার জিতবে বাংলা।

কারণ, এখনই বোঝা যাচ্ছে, অমিত শাহের মাথা খারাপ হয়ে গিয়েছে। তাই কলকাতা সফরকালে তিনি বলেছেন, কেন্দ্রের এজেঙ্গি স্বাধীনভাবে কাজ করে, তাঁর দল বা সরকারের কথায় চলে না। এটাই নিঃসন্দেহে শতাব্দীর সেরা জোক। নতুন বছরের পদার্পণের মুহূর্তে এর চেয়ে বড় ন্যাকামি বলুন, ধ্যাষ্টামি বলুন, আর কিছু আছে! এমন সাক্ষাৎসর মধ্যে আর কী দেখছি আমরা?

কনকনে ঠান্ডা। সঙ্গে উত্তরে হাওয়া। পারদ নামছে। যাদের রক্ত টগবগ করে ফোটার কথা, সেই তরুণদেরও হাটু কাঁপছে। বয়স্কদের অবস্থা আরও কাহিল। এই পরিস্থিতিতে 'বেনাগরিক' হওয়ার ভয়ে কাগজপত্র বগলদাবা করে বিডিও অফিসে লাইন দিয়েছেন সরকার গড়ার কারিগররা। তাঁদের কারও শরীরে স্যালাইনের সূচ, কারও নাকে গোঁজা অক্সিজেনের নল। অনেকে তীর্থের কাকের মতো ডাকের আশায়

ভ্যানিশ কুমার! কান খুলে শুনে রাখুন, চোখ খুলে পড়ে নিন। বিজেপি যেমন চাইছে, সেই ইচ্ছা পূরণ করতে বাংলায় কোনও ডিটেনশন ক্যাম্প হবে না! এখানে আপনাদের বিচার করবে সাধারণ মানুষ। ভ্যানিশ করছেন তো মানুষের নাম!

জেনে রাখবেন মানুষের অধিকার ভ্যানিশ হলে আপনারাও ভ্যানিশ হবেন। এ লড়াই বাঁচার লড়াই। লিখছেন **সায়িক গঙ্গোপাধ্যায়**

শুয়ে আছেন অ্যান্ডুলেঙ্গে। নির্বাচন কমিশনের খাতায় তাঁরা সকলেই 'সন্দেহজনক' নাগরিক। রাজ্যের প্রতিটি বিডিও অফিসে একই ছবি। ফিরল নোটবন্দির দুর্দশার স্মৃতি। অনেকের মতে, এসআইআর হয়রানি নোটবন্দির চেয়েও ভয়ঙ্কর। কারণ এবার ধনী, নির্ধন সবাইকেই লাইনে দাঁড় করিয়েছে নির্বাচন কমিশন। তবে, সামনে কমিশন থাকলেও পিছন থেকে কলকাতা

নাড়ছে বিজেপি। এঁরা প্রত্যেকেই মাথার ঘাম পায়ে ফেলে পেটের ভাত জোগাড় করেন। ২০১৬ সালের ৮ নভেম্বর ৫০০ ও হাজার টাকার নোট বাতিলের দিনেও এই মানুষগুলিকে দুশ্চিন্তা ছুঁতে পারেনি। কারণ নুন আনতে পাশা ফুরোনোর সংসারে পাঁচশো, হাজার টাকার নোট থাকার কথা নয়। ছিলও না। তাই লাইন দিতে হয়নি। কিন্তু, এসআইআর শুরু হতেই তাঁদের মাথায় আকাশ ভেঙে পড়েছে। ভোটাধিকার ও নাগরিকত্ব খোয়ানোর ভয় চেপে বসেছে। তাই কমিশনের নোটিশ পেয়ে রুটিনজি ফেলে ছুটে এসেছেন নাগরিকত্বের প্রমাণ দিতে। এরপরেও তাঁরা ভোটাধিকার পাবেন, নাগরিক হবেন, এমন গ্যারান্টি নেই। সবটাই নির্ভর করছে কমিশনের উপর। কতরা যদি 'নট স্যাটিসফায়ড' লিখে দেন তাহলে সব চেষ্টাই বৃথা।

এসআইআর শুনানি যত এগোচ্ছে মানুষের স্কোভ ততই চড়ছে। তাঁরা বুথে বুথে বিজেপিকে মুছে ফেলার জন্য তৈরি হচ্ছেন।

আর ওদিকে বিজেপি কমিশনের প্রতিটি অমানবিক কাজের দানবিক সাফাই দিচ্ছে। সুকান্ত বলছে, তাঁর বাবার কথা। শুভেন্দু বলছে, এসআইআর-এর কারণে মানুষ মরার মধ্যে অস্বাভাবিকতার কিছু নেই। দুজনের একই সুর, বঙ্গেশ্বর জ্যোতি বসুর স্টাইলে, এমনটা তো হয়েছে থাকে।

আমরা, শুভবুদ্ধিসম্পন্ন বাংলার মানুষ বলছি, অবিলম্বে এই নরনিধন কর্মসূচি বন্ধ করা হোক।




নেশার ঘোরে গঙ্গা দেখে আত্মহারা  
বিহারের যুবক। রবিবার রাতে  
আহিরীটোলা ঘাটে আনন্দে গঙ্গায়  
ঝাঁপ দিয়ে নিখোঁজ। ডুবুরি  
নামিয়েও খোঁজ মেলেনি

## ফুল-মিষ্টিতে শুভেচ্ছা মুখ্যমন্ত্রীর মঙ্গলে দেখা করবেন অভিষেক

প্রতিবেদন : অন্তঃসত্ত্বা অবস্থাতেই বাংলা বলার অপরাধে রাতের অন্ধকারে অন্যায়ভাবে বাংলাদেশে পুষ্যব্যাক করেছিল দিল্লির গেরুয়া পুলিশ আর অমিত শাহের বিএসএফ। বীরভূমের পাইকর গ্রামের সেই বাসিন্দা সোনালি খাতুন পুত্রসন্তানের জন্ম দিলেন। সোমবার। সোনালিকে সোশ্যাল মিডিয়ার মাধ্যমে অভিনন্দন জানিয়েছেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। মঙ্গলবার বীরভূমের সভা করতে গিয়ে সোনালির সঙ্গে দেখা করবেন বলেও জানান অভিষেক। এদিকে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় গঙ্গাসাগর মেলার প্রস্তুতি খতিয়ে দেখতে গিয়ে খবর পান সোনালি পুত্রসন্তানের জন্ম দিয়েছেন। সোনালিকে অভিনন্দন ও শুভেচ্ছা জানান মুখ্যমন্ত্রী। তাঁকে ফুল-মিষ্টিও পাঠাবেন বলে জানিয়েছেন তিনি।

অভিষেক বন্দ্যোপাধ্যায় এদিন নিজের এক্স হ্যাণ্ডেলে লিখেছেন, বীরভূমের রামপুরহাট মেডিক্যাল কলেজে সোনালি খাতুন এক সুস্থ পুত্রসন্তানের জন্ম দিয়েছেন জেনে আমি অত্যন্ত আনন্দিত। তাঁর উপর যে অবিচার করা হয়েছিল, সেই পরিপ্রেক্ষিতে আনন্দের এই মুহূর্তটি আরও তাৎপর্যপূর্ণ। আগামী কাল, বীরভূম সফরে আমি ব্যক্তিগতভাবে হাসপাতালে সোনালির সঙ্গে দেখা করে তাঁর এবং তাঁর সদ্যোজাত সন্তানের প্রতি আমার শুভকামনা জানাব। আমার প্রার্থনা তাঁর পরিবারের সঙ্গে থাকবে।

বাংলাদেশ থেকে  
ফেরা সোনালি জন্ম  
দিলেন পুত্রসন্তানের



ডায়মন্ড হারবারের সাংসদ লিখেছেন, ক্ষমতার মমান্তিক অপব্যবহারে দিল্লি পুলিশ এবং কেন্দ্রীয় সরকার সোনালিকে মিথ্যাভাবে ‘বাংলাদেশি’ চিহ্নিত করে জোর করে বাংলাদেশে নিবাসিত করেছিল। তাঁর এই অগ্নিপরীক্ষা ছিল মর্যাদার লঙ্ঘন যা কোনও নাগরিক, বিশেষ করে একজন গর্ভবতী মায়ের সঙ্গে হওয়া উচিত নয়। তবুও এর মধ্য দিয়ে সোনালি অসাধারণ সাহস এবং সংকল্প



প্রদর্শন করেছেন। এটি মানবতার জয়। কর্মসূত্রে দিল্লিতে থাকা বীরভূমের সোনালি-সহ ৬ জনকে বাংলাদেশি তকমা দিয়ে বাংলাদেশে পাঠিয়ে দিয়েছিল দিল্লি পুলিশ আর বিএসএফ। অন্তঃসত্ত্বা সোনালির ঠাই হয়েছিল বাংলাদেশের জেলে। সাতমাস ধরে বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ক্রমাগত প্রচেষ্টায় অবশেষে গত মাসেই দেশে ফেরেন সোনালি। কেন্দ্রীয় সরকারের কাছে দরবার করা থেকে সুপ্রিম কোর্টে মামলা— সব বিষয়েই সোনালির পাশে ছিল তৃণমূল। সুপ্রিম কোর্টে এই নিয়ে বারবার ভরসিত হয় কেন্দ্রের মোদি সরকার। এমনকী, বাংলাদেশের আদালতও জানিয়ে দেয় সোনালি ‘ভারতীয়’।

## ব্যক্তিগত লাভের জন্য প্রাইভেট টিউশন নয়

প্রতিবেদন :  
নতুন বছরের  
শুরুরতেই

নির্দেশিকা জারি  
মধ্যশিক্ষা পর্ষদের

শিক্ষকদের জন্য  
একগুচ্ছ নিয়ম  
বৈধে দিল  
মধ্যশিক্ষা পর্ষদ।  
প্রত্যেকটি স্কুলে  
নির্দেশিকা পাঠিয়ে  
শিক্ষকদের স্কুলে  
প্রবেশ  
ও  
প্রস্থানের সময়

স্থির করে দিয়েছে পর্ষদ। ওই নির্দেশিকায় জানানো হয়েছে, প্রত্যেক শিক্ষক-শিক্ষিকাকে ১০.৪০ মিনিটের প্রার্থনা সভায় উপস্থিত থাকতেই হবে। ১০.৪০ মিনিটের পরে এলে তাঁকে ‘লেট’ এবং ১১.১৫-এর পরে এলে সেদিনের জন্য অনুপস্থিত ধরে নেওয়া হবে। ৪.৩০ মিনিটের আগে বিদ্যালয় থেকে বেরোনো যাবে না। কোনও শিক্ষক-শিক্ষিকা ক্লাসের মধ্যে ফোন ব্যবহার করতে পারবেন না। ব্যক্তিগত লাভের জন্য কোনও শিক্ষক-শিক্ষিকা প্রাইভেট টিউশন করাতে পারবেন না। স্কুল-চত্বরকে তামাকমুক্ত রাখা, পড়ুয়াদের মধ্যে স্বাস্থ্য সচেতনতা ও পরিচ্ছন্নতা বজায় রাখার দায়িত্ব প্রধান শিক্ষকদের। এ-ছাড়াও রাজ্য সরকারের প্রকল্পগুলো সঠিকভাবে পড়ুয়াদের মধ্যে পৌঁছেছে কিনা তার জন্য শিক্ষকদের নোডাল টিচার হিসেবে কাজ করার নির্দেশ দিয়েছে পর্ষদ।



## পাহাড়ি শৈত্যবলয়ে কাঁপছে বাংলা

প্রতিবেদন : রাজ্য জুড়ে শৈত্যপ্রবাহের পরিস্থিতি। পাহাড়ি শৈত্যবলয় নিজের খেয়াল দেখাতে শুরু করেছে। রাজ্যের দিন ও রাতের তাপমাত্রায় বিরাট ধস। ১১ জানুয়ারি পর্যন্ত একই রকম থাকবে আবহাওয়া। শৈত্যবলয়ের প্রভাবে সূর্যাস্তের পর থেকেই অনুভূত হবে কনকনে ঠান্ডা। কিছু কিছু জেলায় রাতের পারদ এক সংখ্যার ঘরেও নেমে যেতে পারে।

উত্তরবঙ্গের জন্য বাড়তি সতর্কতা জারি করেছে, হাওয়া অফিস। সান্দাকফু, ঘুম, খোত্র, চটকপুরে তুষারপাত বা তুষার বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে। হঠাৎ করে এই ধরনের কাঁপুনি দেওয়ার কারণ হিসেবে মূলত চারটি বিষয়কে তুলে ধরেছেন আবহাওয়াবিদেরা। জানাচ্ছেন,



প্রশান্ত মহাসাগরে তৈরি হয়েছে লা নিনা পরিস্থিতি। সেই কারণেই ভারতে প্রবল কাঁপুনি দেওয়া শীতের মরশুম দেখা যাচ্ছে।

এছাড়াও পশ্চিম ঝঞ্ঝা ও ঘূর্ণাবর্ত শীতের প্রবেশে বাধা হয়ে দাঁড়ায়। কিন্তু এবারে সেসব হিমালয়ের উপর দিয়ে চলে যাওয়ায় উত্তরে হাওয়া প্রবেশে আর কোনও বাধা নেই। তৃতীয়ত, আবহাওয়া দফতর জানাচ্ছে উত্তর-পশ্চিম থেকে আসা হিমেল হাওয়া এবার বাধা পাচ্ছে না। সরাসরি দক্ষিণবঙ্গে প্রবেশ করতে পারছে। এছাড়া সর্বশেষ কারণ হিসেবে উঠে আসছে কুয়াশার দাপট। প্রবল কুয়াশা থাকার কারণে সূর্যের আলো বাধাপ্রাপ্ত হচ্ছে। তাই দিনের বেলাতেও তাপমাত্রা থাকছে স্বাভাবিকের নিচে।

## পার্ক সার্কাসে বাড়ির চাণ্ডড় খসে মৃত প্রৌঢ়া

প্রতিবেদন : মাঝরাতে ঘুমের মধ্যেই ধেয়ে এল মৃত্যু। প্রায় ভোরের দিকে পার্ক সার্কাসে এক পুরনো বাড়ির চাণ্ডড় ভেঙে পড়ে প্রাণ হারালেন এক প্রৌঢ়া। গুরুতর জখম দুই শিশু-সহ ৩ জন। আহতদের উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। বিপজ্জনক দুর্ঘটনাস্থল ব্যারিকেড দিয়ে ঘিরে রেখেছে পুলিশ। জানা গিয়েছে, সোমবার ভোর সাড়ে তিনটে নাগাদ পার্ক সার্কাসের লোহাপুল এলাকায় তিনতলা একটি বাড়ির একতলার সিলিংয়ের একটি অংশ খসে পড়ে। একতলার ভাড়াটিয়া পরিবার তখন গভীর ঘুমে।

ঘুমন্ত অবস্থাতেই তাঁদের উপরে খসে পড়ে চাণ্ডড় এবং দুর্ঘটনাস্থলেই মৃত্যু হয় রাবিয়া খাতুন নামে প্রৌঢ়ার। স্থানীয়রাই উদ্ধারের কাজ শুরু করেন। খবর দেওয়া হয় পুলিশেও। আহতদের দ্রুত উদ্ধার করে হাসপাতালে নিয়ে গেলে একজনকে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়েছে। তবে এক শিশু-সহ দু’জন এখনও হাসপাতালে চিকিৎসাধীন। বাড়ির মালিকের বিরুদ্ধে দীর্ঘদিন ধরে মেরামতি না-করার অভিযোগ তুলেছেন স্থানীয়রা। তবে এখনও পর্যন্ত পুলিশে কোনও লিখিত অভিযোগ দায়ের হয়নি।

## রাজ্য পুলিশের শীর্ষস্তরে একাধিক পদে রদবদল

প্রতিবেদন : রাজ্য পুলিশের শীর্ষস্তরে বড়সড় রদবদল। একসঙ্গে বদলি ও নতুন দায়িত্বে বসানো হল আইপিএস ও ডব্লিউবিপিএস ক্যাডারের মোট ছাব্বিশ জন আধিকারিককে। স্বরাষ্ট্র ও পার্বত্য বিষয়ক দফতরের পুলিশ সার্ভিস সেল জারি করা বিজ্ঞপ্তি অনুযায়ী, জনস্বার্থে এই রদবদলের সিদ্ধান্ত নেওয়া হয়েছে এবং দায়িত্ব গ্রহণের দিন থেকেই তা কার্যকর হবে। বিজ্ঞপ্তি অনুযায়ী, মেদিনীপুর রেঞ্জের ডিআইজি অনুপ জয়সওয়ালকে রাজ্য সিআইডি-র আইজিপি পদে নিয়োগ করা হয়েছে। একই সঙ্গে অরজিৎ সিনহাকে মেদিনীপুর রেঞ্জের ডিআইজি পদে বহাল রাখা হয়েছে এবং তাঁর উপর জঙ্গলমহল ব্যাটেলিয়নের অতিরিক্ত দায়িত্ব দেওয়া হয়েছে। কালিম্পংয়ের পুলিশ সুপার শ্রীহরি পাণ্ডেকে উত্তরবঙ্গ গোয়েন্দা বিভাগের ডিআইজি হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে। হাওড়া, বিধাননগর, বারাকপুর, চন্দননগর, আসানসোল-দুগাপুর, শিলিগুড়ি-সহ একাধিক পুলিশ কমিশনারেট ও জেলায় ডেপুটি কমিশনার ও অতিরিক্ত পুলিশ সুপারস্বত্রে রদবদল করা হয়েছে। হাওড়া পুলিশ কমিশনারেটের কেন্দ্রীয় বিভাগ, সদর দফতর ও ট্রাফিক শাখায় একাধিক আধিকারিকের নতুন নিয়োগ হয়েছে। বিধাননগর পুলিশ কমিশনারেটেও গোয়েন্দা ও ট্রাফিক বিভাগে দায়িত্ব বদল করা হয়েছে।

## ১৯-এ আসছেন অভিষেক প্রস্তুতি সভা উত্তর দমদমে



■ উত্তর দমদমে প্রস্তুতি সভা। রয়েছেন মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য। সোমবার।

সংবাদদাতা, নববারাকপুর: ১৯ জানুয়ারি বারাসত কাছারি ময়দানে আসছেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। তার আগে সাজ-সাজ রব নববারাকপুর জুড়ে। দফায় দফায় বৈঠক করে নীল নকশা তৈরি করছেন প্রশাসনিক আধিকারিকরা। সোমবার দমদম উত্তর বিধানসভা তৃণমূল কংগ্রেসের উদ্যোগে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হল নববারাকপুরের কৃষ্টি প্রেক্ষাগৃহে। জেলা জুড়ে বিধানসভাভিত্তিক চলছে প্রস্তুতি সভা। উপস্থিত ছিলেন বিষয়ক তথা রাজ্যের অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য, দমদম ব্যারাকপুর সাংগঠনিক জেলার তৃণমূল কংগ্রেসের সভাপতি তথা সাংসদ পার্থ ভৌমিক, কো-অর্ডিনেটর প্রবীর পাল, উত্তর দমদম পুরসভার পুরপ্রধান বিধান বিশ্বাস, উপপুরপ্রধান লোপামুদ্রা দত্ত চৌধুরী, নববারাকপুর পুরসভার পুরপ্রধান প্রবীর সাহা, উপপুরপ্রধান স্বপ্না বিশ্বাস-সহ নববারাকপুর এবং উত্তর দমদম পুরসভার বিভিন্ন ওয়ার্ডের পুর প্রতিনিধি, পুর পারিষদ সদস্য ও তৃণমূল নেতৃহারা। মূলত এসআইআরের নামে মানুষের মধ্যে বিভ্রান্ত তৈরি করা ও বিজেপির চক্রান্তে বৈধ ভোটারের নাম বাদ দেওয়ার প্রতিবাদে বারাসত কাছারি ময়দানে আসছেন সাংসদ সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়।



■ হুগলির জঙ্গিপাড়ার আঁটপুরে মুখ্যমন্ত্রীর ‘উন্নয়নের পাঁচালি’র কর্মসূচির প্রচারে মন্ত্রী মেহাশিস চক্রবর্তী। সোমবার।





■ সেবাশ্রয় শিবিরে মানুষের মাঝে তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক তথা সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। নিচে, এক রোগীর সমস্যা শুনছেন সাংসদ। সোমবার সাতগাছিয়ায়।

## সাতগাছিয়ায় সেবাশ্রয় শিবির পরিদর্শন করলেন অভিষেক

সংবাদদাতা, ডায়মন্ড হারবার : সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে ডায়মন্ড হারবারের বিভিন্ন বিধানসভা কেন্দ্রে গত একমাসে সেবাশ্রয়-২ স্বাস্থ্যশিবিরে উন্নত চিকিৎসা পরিষেবা পেয়ে উপকৃত হয়েছেন প্রায় ১ লক্ষ ৭০ হাজারেরও বেশি মানুষ। সোমবার সাতগাছিয়ায় একটি সেবাশ্রয় ক্যাম্প পরিদর্শন করেন সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়।

সাতগাছিয়ার বিদ্যানগর মাল্টিপারপাস উচ্চবিদ্যালয়ের মাঠে সেবাশ্রয় শিবিরে সাংসদকে স্বাগত জানান অগণিত মানুষ। অভিষেককে একবার দেখার জন্য রাস্তার ধারে ভিড় করেন অসংখ্য সাধারণ মানুষ। এদিন ক্যাম্পে রোগীর পরিবার ও চিকিৎসকদের সঙ্গে কথা বলেন সাংসদ। কার কী সমস্যা রয়েছে, মন দিয়ে সেসব শুনে তার প্রতিকার সম্বন্ধে আলোচনা করেন তিনি। সাতগাছিয়ার নোদাখালি এলাকার বাসিন্দা বছর ৫৫-র সুখদেব আদক রাজমিস্ত্রির কাজ করতে গিয়ে হঠাৎ কোমর অসাড় হয়ে যায়। চিকিৎসকেরা জানিয়েছিলেন, প্যারালাইসিস। এদিন সেই ঘটনা শুনে সাংসদ অভিষেক সেবাশ্রয়ের মাধ্যমে তাঁর চিকিৎসার দায়িত্ব নেন। আগামী দু'দিনের মধ্যে সুখদেবকে বেসরকারি অ্যাপোলো হাসপাতালে পাঠানো হবে বলেও জানিয়েছেন অভিষেক।



সাতগাছিয়ার মডেল ক্যাম্প পরিদর্শনের ছবি সমাজ মাধ্যমে পোস্ট করে অভিষেক লিখেছেন, সাতগাছিয়া বিধানসভা জুড়ে 'সেবাশ্রয় ২'-এর অনবদ্য সাফল্য সর্বজনবিদিত। এলাকাবাসীর মুখে প্রাঞ্জল হাসি ও উন্মুক্ত হৃদয়ের উচ্ছ্বাসে আমি উপলব্ধি করলাম— মানবসেবার থেকে মহৎ কর্ম আর কিছু নেই। সুস্বাস্থ্য সমাজ গঠনের

লক্ষ্যে 'সেবাশ্রয় ২' শিবিরে চিকিৎসক, স্বৈচ্ছাসেবকরা নিঃস্বার্থভাবে পরিশ্রম করছেন, আমি তাঁদেরকে হৃদয় থেকে কৃতজ্ঞতা জানাই। 'সেবাশ্রয় ২' শিবিরে আগত সাধারণ মানুষকে প্রতিশ্রুতি দিলাম—আমার সামর্থ্য অনুযায়ী সর্বদা তাঁদের পাশে থাকব। আমি আশাবাদী, এই ডায়মন্ড হারবার মডেল আগামী দিনে দেশকে পথ দেখাবে। জীবনের শেষদিন পর্যন্ত এইভাবেই আমি গণদেবতার সেবায় নিযুক্ত থাকব—এই আমার প্রতিজ্ঞা।

## গদ্দারকে পাঁচটা তোপ দাগল তৃণমূল কংগ্রেস

প্রতিবেদন : মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে আক্রমণ করতে গিয়ে তোপের মুখে পড়লেন বিরোধী দলনেতা গদ্দার অধিকারী। সাগরমেলার প্রস্তুতি খতিয়ে দেখতে গিয়ে মুখ্যমন্ত্রীর বলা কিছু কথা নিয়ে তাঁকে আক্রমণ করে সোশ্যাল মিডিয়ায় সোমবার লম্বা-চওড়া পোস্ট করেন গদ্দার। লোকজনের থেকে শব্দ ধার করে কলুষিত মানসিকতা নিয়ে 'হিন্দুধর্ম' সম্পর্কে দীর্ঘ জ্ঞান দেন গদ্দার। যা নিয়ে পাঁচটা গদ্দারকে ধুয়ে দিয়েছেন তৃণমূল রাজ্য সাধারণ সম্পাদক কুণাল ঘোষ। সমাজমাধ্যমেই গদ্দারকে পাঁচটা

পোস্টে কুণাল ঘোষ লিখেছেন, সবার উপরে মানুষ সত্য, তাহার উপরে নাই। মানুষের সেবার চেয়ে বড় কোনও উপাসনা নেই। যারা নারীদের উদ্দেশে নোংরা গালিগালাজ করে, তাঁদের 'বরাহনন্দন' বলে সম্বোধন করে— সেই মুখে ভগবান শ্রীকৃষ্ণ কিংবা শ্রীশ্রী রামকৃষ্ণ পরমহংসদেবের পবিত্র নাম উচ্চারণ করার কোনও অধিকারই নেই! সেই পোস্টটির একটি ভিডিও শেয়ার করেছেন তৃণমূল মুখপাত্র। যেখানে দেখা যাচ্ছে গদ্দার অধিকারী মহিলাদের উদ্দেশে অত্যাচারিত কুরুচিকর শব্দ প্রয়োগ করছেন।

## কমিশনের কীর্তি! ভোটার তালিকায় জীবিত হল মৃত

সংবাদদাতা, আরামবাগ : এবার হুগলির আরামবাগেও 'জীবিত' বৃদ্ধা এসআইআরের খসড়া ভোটার তালিকায় হয়ে গেলেন 'মৃত'! সালেপুর-২ গ্রাম পঞ্চায়েতের ডোঙ্গল এলাকার বাসিন্দা ৮২ বছরের প্রভাবতী ভৌমিককে খসড়া তালিকায় 'মৃত' হিসেবে উল্লেখ করা হয়েছে। এদিকে বাস্তবে তিনি দিব্যি সুস্থ ও স্বাভাবিক জীবনযাপন করছেন। পরিবার সূত্রে খবর, প্রভাবতীদেবী নিয়মিত ভোট দেন। পড়তে বা লিখতে না জানলেও ভোট দেওয়ার অধিকার সম্পর্কে তিনি সচেতন। শুধু ২০০২ সালের তালিকাই নয়, পরপর একাধিক নির্বাচনের ভোটার তালিকায় নাম রয়েছে তাঁর। এবারও কমিশনের ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনে নির্দিষ্ট ফর্ম যথাযথভাবে পূরণ করে জমা দিয়েছিল প্রভাবতীর পরিবার। কিন্তু খসড়া ভোটার তালিকায় দেখা যায়, প্রভাবতীদেবীর নাম মৃত ভোটারের তালিকায় রয়েছে। বিষয়টি নিয়ে তাঁর পরিবার বিএলও-র কাছে গিয়ে নতুন করে ফর্ম পূরণ করার নির্দেশ দেওয়া হয়েছে। বাড়ির সবার নাম ভোটার



■ কমিশনের তালিকায় 'মৃত' প্রভাবতী ভৌমিক।

তালিকায় থাকলেও শুধু প্রভাবতীদেবীর নাম বাদ পড়ায় প্রশ্ন উঠছে, একজন জীবিত মানুষ কীভাবে সরকারি কাগজে মৃত হয়ে যেতে পারেন?

## পরামর্শ দেবেন নোডাল শিক্ষক

প্রতিবেদন : রাজ্যের সরকারি স্কুলগুলিতে দক্ষতা বৃদ্ধি ও কেরিয়ার সংক্রান্ত পরামর্শমূলক শিক্ষাদানের জন্য নোডাল শিক্ষক মনোনীত করতে হবে। জেলা শিক্ষা আধিকারিকদের নির্দেশ সমগ্র শিক্ষা মিশনের। এই নোডাল শিক্ষকরা পরিকল্পনা, বাস্তবায়ন ও নথিভুক্তি করণের দায়িত্ব সামলাবেন। পশ্চিমবঙ্গ সমগ্র শিক্ষা মিশনের রাজ্য প্রকল্প অধিকর্তা তাঁর নির্দেশিকায় জানিয়েছেন, সার্কুল স্তরের স্কুল পরিদর্শকরা নোডাল শিক্ষকদের সহায়তা করবেন। পাশাপাশি প্রতিটি জেলা থেকে ভালো কাজের নমুনা ছয় মাস অন্তর রাজ্য দফতরে পাঠাতে হবে। সমগ্র শিক্ষা মিশন সূত্রে খবর, খুব শীঘ্রই জেলা স্তরের আধিকারিকদের জন্য অনলাইন ওরিয়েন্টেশন কর্মসূচি আয়োজন করা হবে।

## ফের ব্যাহত মেট্রো পরিষেবা

প্রতিবেদন : যাত্রিক ক্রটির কারণে সপ্তাহের প্রথম দিনেই ব্যাহত মেট্রো পরিষেবা। দক্ষিণেশ্বর থেকে টালিগঞ্জ পর্যন্ত থমকে যায় মেট্রো চলাচল। সকালে মেট্রো বিভাগে চূড়ান্ত ক্ষুদ্র নিত্যযাত্রীরা। ৪০ মিনিটের ওপর কামরায় বন্ধ থাকার পর, চালকের দরজা দিয়ে বের করা হয় আটকে পড়া যাত্রীদের। থার্ড রেলের বুকি পেরিয়েই আসতে হয় টালিগঞ্জ স্টেশনে। প্রায় পৌনে দুই ঘণ্টা পর পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়।

## বসিরহাটে উন্নয়নের পাঁচালি

সংবাদদাতা, বসিরহাট : পৌষ সংক্রান্তি প্রাক্কালে পিঠেপুলি, পাটিসাপটা খাইয়ে ঘরে ঘরে রাজ্য সরকারের 'উন্নয়নের পাঁচালি' পৌঁছে দিতে বিশেষ উদ্যোগ বসিরহাট পুরসভার। সোমবার উত্তর ২৪ পরগনার বসিরহাট পুরসভার ১৫ ও ৮ ওয়ার্ডের একাধিক জায়গায় 'উন্নয়নের পাঁচালি' কর্মসূচিতে অংশ নিলেন কয়েকশো মহিলা। 'উন্নয়নের পাঁচালি' পাঠ করে তৃণমূল সরকারের ১৫ বছরের উন্নয়নের খতিয়ান বসিরহাটের ঘরে ঘরে পৌঁছে দিলেন। পৌষ সংক্রান্তি প্রাক্কালে স্বনির্ভর গোষ্ঠীর মহিলারা এদিন চৈকি, কুলো, মাটির ঘরের মতো



বিভিন্ন পটচিত্র তুলে ধরেন। একেবারে জন্ম থেকে মৃত্যু পর্যন্ত রাজ্য সরকারের যত সামাজিক প্রকল্পে সাধারণ মানুষ সুবিধা পান, এদিন তা তুলে ধরা হয়। উপস্থিত ছিলেন বসিরহাট পুরসভার প্রাক্তন পুরপ্রধান অদিতি মিত্র রায়চৌধুরী, সুরজিৎ মিত্র, অসীম মজুমদার, সোমা মিত্র দাস, পিনু দাস-সহ অন্যান্য।

## তিন 'ভূত' : রিপোর্ট পেশ

প্রতিবেদন : তিন 'ভূত'কে বারুইপুরের মধ্যে তুলে ভোটার তালিকা সংশোধন প্রক্রিয়া নিয়ে প্রশ্ন তুলেছিলেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। সেই ঘটনার পরেই রিপোর্ট তলব করে নির্বাচন কমিশন। এবার কমিশনের কাছে সেই রিপোর্ট জমা পড়ল। তিনজনের মধ্যে দু'জনের ক্ষেত্রে অনিচ্ছাকৃত ভুলের কথা স্বীকার করেছেন সংশ্লিষ্ট বৃথ লেভেল অফিসার। সেই অনুযায়ী রিপোর্ট পাঠিয়েছেন সংশ্লিষ্ট ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসার। তৃতীয় জনের ক্ষেত্রে বিষয়টিকে হিউম্যান হিসেবেই চিহ্নিত করা হয়েছে।

রিপোর্ট অনুযায়ী, মেটিয়াবুরুজে, মনিরুল মোল্লা এবং হরেকৃষ্ণ গিরির নাম সংশ্লিষ্ট বৃথে তৈরি হওয়া বাদে তালিকায় ছিল না। কিন্তু পরে ওয়েবসাইটে তাঁদের নাম বাদে তালিকায় দেখা যায়। বিষয়টি নজরে আসার পরেই সংশ্লিষ্ট বিএলও দু'জনের বাড়িতে যান। সেখানে ফর্ম-৬ পূরণ করিয়ে নতুন করে ভোটার তালিকায় নাম তোলার আবেদন করা হয়েছে। কাকদ্বীপের মায়া দাসের সংশ্লিষ্ট নথিপত্র ও প্রক্রিয়া খতিয়ে দেখা হয়েছে এবং প্রয়োজনীয় সংশোধনী পদক্ষেপ নেওয়া হয়েছে।



বাড়ি থেকে মানেনি সম্পর্ক। চরম  
সিদ্ধান্ত নিল যুগল। বসিরহাট  
মহকুমার মাটিয়া থানার ঘটনা।  
নাম ওমর ফারুক গাজি ও  
কারিনা খাতুন

## ৫ জেলায় মোট ৫,৬১৬টি রাস্তা নির্মাণের পরিকল্পনা

প্রতিবেদন : পথশ্রী-রাস্তাশ্রী প্রকল্পের চতুর্থ পর্যায়ে রাজ্যের শহরাঞ্চলে প্রথমবারের জন্য রাস্তা নির্মাণের কাজ শুরু করতে হচ্ছে। কলকাতা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটির তত্ত্বাবধানে এই পর্যায়ে পাঁচটি জেলায় মোট ৫ হাজার ৬১৬ রাস্তা নির্মাণের পরিকল্পনা নেওয়া হয়েছে। সবচেয়ে বেশি রাস্তা হবে দক্ষিণ ২৪ পরগনায়। জেলার পাঁচটি পুরসভা এলাকায় মোট ২ হাজার ৪৯২ রাস্তা নির্মিত হবে। এর মধ্যে মহেশতলায় সর্বাধিক ১ হাজার ৪৫১ রাস্তা তৈরি হবে। রাজপুর সোনারপুরে ৬৬১, বজবজে ২৯৮, পুজালিতে ৬৬ এবং বারুইপুরে ১৬ রাস্তা নির্মাণের পরিকল্পনা রয়েছে।

উত্তর ২৪ পরগনায় ১৯টি পুর এলাকায় মোট ১ হাজার ৭৪২টি রাস্তা হবে। বিধাননগর পুরনিগম এলাকায় ১৩৫ রাস্তা নির্মাণের পরিকল্পনা নেওয়া হয়েছে। এছাড়াও বারানগর, বারাসত, ব্যারাকপুর, ভাটপাড়া, দমদম, গাডুলিয়া, হালিশহর, কামারহাটি, কাঞ্চরাপাড়া, খড়দহ,

মধ্যমগ্রাম, নৈহাটি, নিউ ব্যারাকপুর, উত্তর ব্যারাকপুর, উত্তর দমদম, পানিহাটি এবং দক্ষিণ দমদম—এই সব পুরসভা এলাকাও প্রকল্পের আওতায় আসছে। জেলার মধ্যে উত্তর দমদমে সর্বাধিক ১৭০ এবং বারানগরে ১৬৬টি রাস্তা নির্মাণ হবে। হুগলি জেলায় ১১টি পুরসভা ও পুরনিগম এলাকায় মোট ৯৭১টি রাস্তা হবে। চন্দননগর পুরনিগম ছাড়াও বৈদ্যবাটি, বাঁশবেড়িয়া, ভদ্রেশ্বর,

### পথশ্রী প্রকল্প

চাঁপদানি, দানকুনি, হুগলি চুঁচুড়া, কোলগর, রিষড়া, শ্রীরামপুর এবং উত্তরপাড়া কোতরং—এই সব এলাকায় রাস্তা নির্মাণের পরিকল্পনা রয়েছে। হাওড়া জেলায় বালি পুরসভা, উলুবেড়িয়া পুরসভা এবং হাওড়া পুরনিগম এলাকায় মোট ৩৪১টি রাস্তা হবে। এর মধ্যে হাওড়া পুরনিগম এলাকাতেই ১৫৭টি রাস্তা নির্মাণের কথা রয়েছে। নদিয়া জেলায় মোট সত্তরটি রাস্তা তৈরি হবে, যার মধ্যে গয়েশপুরে ৪৬টি এবং কল্যাণীতে ২৪টি রাস্তা নির্মিত হবে।

## শেষ হল বিশ্ব ইজতেমা, সম্প্রীতির বার্তা গেল আন্তর্জাতিক দুনিয়ায়

প্রতিবেদন : শান্তিপূর্ণভাবে সম্পন্ন হল ঐতিহাসিক ধর্মীয় সমাবেশ। দিল্লির তবলিগি জামাতের নিজামুদ্দিন মারকাজের আমির ইসলামিক পণ্ডিত হজরত মাওলানা মুহাম্মদ সাদ কান্নলভী তাঁর দোয়া-প্রার্থনার মাধ্যমেই সমাপ্তি ঘোষণা করা হয় এই বিশ্ব ইজতেমার। হুগলির পুইনানে ৪দিন ধরে চলা বিশ্ব ইজতেমায় সোমবার সকাল ১০টা নাগাদ শান্তি, সম্প্রীতির সমৃদ্ধি কামনা করে আল্লাহর দরবারে হাত তুলে প্রার্থনা শুরু হয়। প্রার্থনা শেষে লাখে লাখে মুসল্লি মজলিশ ছেড়ে সূক্ষ্মলভাবে রওনা দিয়েছেন বাড়ির পথে। জানা যাচ্ছে, অত্যধিক ভিড়ে না বেরিয়ে বহু মানুষ সোমবারও রাত্রিযাপন করবেন সমাবেশস্থলে।

এ ধরনের কর্মসূচিতে কাঁধে কাঁধ মিলিয়ে সকলে পাশে না দাঁড়ালে তা সম্ভবপর হয়ে উঠত না। এই বাংলা সম্প্রীতির বাংলা, এই বাংলা রবীন্দ্র-নজরুলের বাংলা। এই বাংলা দেখিয়ে দিতে পারে কীভাবে আন্তর্জাতিক স্তরে নিজেদের খ্যাতি বজায় রাখতে হয়। তারই উদাহরণ ইজতেমার প্রস্তুতি পর্ব থেকে নজরে পড়েছে। সমাবেশস্থল এলাকার অধিকাংশ জমির মালিক হিন্দু সম্প্রদায়ের মানুষ। তাঁদের জমি ব্যবহারের অনুমতি মেলায় হুগলির পুইনানে বিশ্ব ইজতেমার আয়োজন করে তবলিগি জামাত। এর



সঙ্গেই জড়িয়ে রয়েছে নিরাপত্তা ব্যবস্থা। সরাসরি না-হলেও পরোক্ষ ভাবে জুড়ে ছিল প্রশাসন। লক্ষ লক্ষ মানুষের জনসংখ্যা ও নিরাপত্তা ব্যবস্থার কথা ভেবে গড়ে তুলেছিল প্রয়োজনীয় পরিকাঠামো। আন্তর্জাতিক স্তরের এই ধর্মীয় সমাবেশকে নির্বিঘ্নে সম্পন্ন করার জন্য প্রশাসনিক বৈঠকে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সব ধরনের ব্যবস্থাপনার নির্দেশ দিয়েছিলেন মন্ত্রী ও পদস্থ আধিকারিকদের। প্রথম থেকেই পরিদর্শন ও তত্ত্বাবধানে লেগে ছিলেন ধনেখালির তৃণমূল বিধায়ক অসীমা পাত্র। সকলের মিলিত প্রয়াসে এই ঐতিহাসিক বিশ্ব ইজতেমার সফলতার পর আগত মানুষ তাই বলছেন, সম্প্রীতির মহামিলনক্ষেত্র যে বাংলা, হুগলির মাটি, ভাই-বোনেরা বোঝাল। সেই বাতাই পৌঁছে দিল আন্তর্জাতিক স্তরে।



■ রোহাডা গ্রাম পঞ্চায়েতে এলাকায় সাংসদ তহবিলের টাকায় সোমবার রাস্তা ও আলোর শিলান্যাস করলেন বারাসতের সাংসদ ডাঃ কাকলি ঘোষ দস্তিদার।



■ আসন্ন বিধানসভা নির্বাচনকে সামনে রেখে মন্ত্রী অরুণ রায়ের কর্মকাণ্ড নিয়ে আয়োজিত প্রস্তুতি সভা থেকে একটি থিম সং লঞ্চ করা হয়।

## ইএসআইয়ের সুবিধে পাবেন ৪০০ পুরকর্মী

সংবাদদাতা, হাওড়া : সুখবর বালি পুরসভার চুক্তিভিত্তিক ও দৈনিক মজুরির ভিত্তিতে নিযুক্ত কর্মীদের জন্য। পুরসভার বিভিন্ন দফতরের প্রায় ৪০০ জন দৈনিক মজুরির ভিত্তিতে নিযুক্ত এবং চুক্তিভিত্তিক কর্মচারীদের এবার ইএসআইয়ের আওতায় আনা হল। আগামী ফেব্রুয়ারি মাস থেকে এই সুবিধা পাবেন। ইতিমধ্যে ওই ৪০০ জন কর্মীর রেজিস্ট্রেশন হয়ে গেছে। ইএসআইয়ের আওতায় আসার জন্য প্রতি মাসে তাঁদের ইএমআই-য়ের টাকা দেবে পুর কর্তৃপক্ষ। এদের মধ্যে কেউ সাফাই বিভাগে, কেউ পানীয় জল, কেউ আবার রাস্তা সহ পুরসভার বিভিন্ন দফতরে দীর্ঘদিন ধরে কাজ করছেন। বালি পুরসভার প্রশাসক ও বিধায়ক ডাঃ রানা চট্টোপাধ্যায় বলেন, এদের সবারই মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে চালু হওয়া স্বাস্থ্যসার্থী কার্ড আছে। কিন্তু কাজের জায়গায় ওরা এতদিন ইএসআইয়ের অধীনে ছিলেন না। আমরা ওদের ইএসআইয়ের অধীনে নিয়ে এলাম। এখন থেকে তাঁরা ইএসআইয়ের অধীনে সমস্ত রকমের চিকিৎসা পরিষেবার সুযোগ পাবেন।

## ইতিহাস গঙ্গাসাগরে

(প্রথম পাতার পর) এছাড়াও মোট ৭০টি প্রকল্পের শিলান্যাস হয় যার অর্থমূল্য ১৯২৯ কোটি ৩৭ লক্ষ টাকা। মেলা চলবে ৮ জানুয়ারি থেকে ১৭ জানুয়ারি পর্যন্ত। পূর্ত দফতর এবং লার্সেন অ্যান্ড টুবরো-র সঙ্গে চুক্তিপত্র হস্তান্তর হল। আর ৮ কোটি ৮০ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত ১০০ শয্যার ডরমিটরি মূলত পুণ্যার্থীদের থাকার জন্য, নাম 'সাগরকন্যা'। সাগরে ইতিমধ্যেই নির্মিত ট্যুরিজম কটেজ-এর নামকরণ করলেন 'গঙ্গাম'।

## নাগা সন্ন্যাসীদের

(প্রথম পাতার পর) ও ভালবাসা রয়েছে বাংলার মুখ্যমন্ত্রীর প্রতি। মমতা বন্দ্যোপাধ্যায়কে তাঁরা একান্তই তাঁদের আপনজন বলেই মনে করেন। কারণ মুখ্যমন্ত্রীর হাত ধরেই ভোল বদল হয়েছে এই সাগরবীপের। সেজে উঠেছে মন্দিরচত্বর। ভাঙন-রোধে সাগরের পাড় বাঁধিয়েছে রাজ্য সরকার। উন্নতি হয়েছে রাস্তাঘাটের। ফলে সব মিলিয়ে তিনিই যে আসল উন্নয়নের কাভারি তা বুঝতে কোনও অসুবিধে হয়নি সন্ন্যাসীদেরও। তাই মন থেকেই তাঁরা বলে উঠেছেন 'জয় বাংলা'।

## আমার গর্ব পশ্চিমবঙ্গ থিমে শ্রীরামপুর বইমেলা

সংবাদদাতা, শ্রীরামপুর : রবীন্দ্রনাথ, নজরুল, জীবনানন্দ থেকে সুকান্ত, সুভাষ মুখোপাধ্যায়ের মতো ১৪ জন বিশ্ববরেণ্য কবিকে শ্রদ্ধা জানিয়ে শুরু হয়েছে ১৪তম শ্রীরামপুর বইমেলা।



শুক্রবার শ্রীরামপুর পুরসভার উদ্যোগে আরএমএস ময়দানে প্রদীপ জ্বালিয়ে বইমেলার সূচনা করেন সাহিত্যিক শঙ্করলাল ভট্টাচার্য। ছিলেন পুরসভার চেয়ারম্যান গিরিধারী শাহ, ভাইস চেয়ারম্যান উত্তম নাগ, চেয়ারম্যান-ইন-কাউন্সিল সন্তোষ কুমার সিংহ, বইমেলা কমিটির যুগ্ম সম্পাদক সমীর সাহা প্রমুখ। বইমেলা উদ্বোধনের আগে প্রচুর স্কুলপড়ুয়া ও সাধারণ মানুষ এই ডিজিটাল যুগেও বইকে ভালবেসে পদযাত্রায় শামিল হন। মাহেশ স্নানপিড়ি মাঠ থেকে শ্রীরামপুর গান্ধী ময়দান পর্যন্ত পদযাত্রায় নজির গড়েন শ্রীরামপুরবাসী। এবারের বইমেলার থিম 'আমার গর্ব পশ্চিমবঙ্গ'। পদযাত্রা শেষে কথাসিঁলী শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ও পরিচালক ঋত্বিক ঘটক নামাঙ্কিত মঞ্চ থেকে বাংলা ও বাঙালীর সংস্কৃতিকে রক্ষার আহ্বান জানানো হয়।



■ ১৯ জানুয়ারি বারাসতে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের জনসভা সফল করতে সোমবার খড়দহের চারটি পঞ্চায়েতকে নিয়ে প্রস্তুতিসভা। বক্তব্য রাখেন স্থানীয় বিধায়ক ও রাজ্যের মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়-সহ স্থানীয় নেতৃবৃন্দ।

## যাব সুপ্রিম কোর্টে

(প্রথম পাতার পর) হবে আমি দেশের নাগরিক কি না! তুমি কে ভাই? সবে এসেছে কিছুদিনের জন্য। বাংলা কোনও দিন মাথা নত করেনি, করবেও না। এটা বাংলার ইতিহাস, মনে রেখে দিও দিল্লির জমিদারেরা। এরপরই কমিশনকে একহাত নিয়ে তিনি অভিযোগ করেন, যে ৫৪ লক্ষের নাম বাদ দিয়েছে তাদের অধিকার ছিল ৭ নম্বর বা ৮ নম্বর ফর্ম ফিলআপ করার। হোয়াটসঅ্যাপ-এ চলছে ইলেকশন কমিশন। মানুষের অধিকার কেড়ে নেওয়া হচ্ছে। আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সকে ব্যবহার করে নাম বাদ দেওয়া হচ্ছে বলে অভিযোগ করেন মমতা বন্দ্যোপাধ্যায়।

## নাম বাদ! ফুস্ক নিমাই মহারাজ

(প্রথম পাতার পর) দিয়েছে! রাজ্য সরকারের রেসিডেন্সিয়াল সার্টিফিকেটও মানছে না, এই প্রসঙ্গ এলে মুখ্যমন্ত্রী বলে দেন এসব অনায়াস করছে। আমরা মানব না। ভারত সেবাশ্রম সংঘের মহারাজ বলেন, ভারত সেবাশ্রম সংঘ আগেও দিদির সঙ্গে ছিল, আজকেও আছে, ভবিষ্যতেও থাকবে।

দিদির সঙ্গে আমরাও একমত যে গঙ্গাসাগরকে জাতীয় মেলা হিসাবে ঘোষণা করা উচিত। দিদির পরিচয় হল কন্যাশ্রী, দিদির পরিচয় হল লক্ষ্মীর ভাগুর। মুখ্যমন্ত্রী বলেন, আগে গঙ্গাসাগর মেলায় যাঁরা আসতেন তাঁদের কাছ থেকে একটা ট্যাক্স নেওয়া হত। আমরা সেটা বন্ধ করেছি। পাঁচ লক্ষ টাকা করে বিমার ব্যবস্থা করেছি। ৯ থেকে ১৭ জানুয়ারি পর্যন্ত যাঁরা মেলায় আসবেন তাঁদের সকলের জন্য।

কুস্তমেলায় কেন্দ্র এত সাহায্য করে, তাও ওখানে একটা দুর্ঘটনা ঘটে গিয়েছিল। আমরা অনেকবার অনুরোধ করেছি দিল্লিকে। গঙ্গাসাগর মেলাকে কেন্দ্র করে এক কোটির বেশি মানুষ আসেন। ঠিক আছে যখন দেয়নি তখন ভিক্ষা চাওয়ার লোক আমরা নই।

এরপরই তিনি বলেন, যারা সেতুটা তৈরি করবে তারা নিশ্চয়ই সময়ে কাজ শেষ করবে। তাড়াহুড়ো করতে যাবেন না। একটু ম্যান পাওয়ার বেশি লাগিয়ে কাজ করবেন। মুখ্যমন্ত্রীর সংযোজন, আমি আর আবেদন করতে যাব না। জনগণের আদালতেই এর বিচার হবে। তাই তো বলি আন্তর্জাতিক বিশ্বমেলার স্বীকৃতি পেয়ে গেছে। কপিল মুনির আশ্রমে এসে পূজো দেন মুখ্যমন্ত্রী। দেখা করেন জ্ঞানদাস মহন্তের সঙ্গেও। সেখানে দাঁড়িয়েই সাংবাদিকদের কয়েকটি প্রশ্নের উত্তর দেন তিনি।





## রায়গঞ্জে ৫৫০ কোটির উন্নয়ন



■ রিপোর্টকার্ড হাতে বিধায়ক কৃষ্ণ কল্যাণী।

সংবাদদাতা, রায়গঞ্জ: উন্নয়নের ‘৩৬০ ডিগ্রি’ রিপোর্ট কার্ড প্রকাশ রায়গঞ্জের বিধায়ক কৃষ্ণ কল্যাণীর। ৫৫০ কোটি টাকার প্রকল্পের খতিয়ান। বিগত পাঁচ বছরে উন্নয়নের জোয়ারে ভাসছে রায়গঞ্জ বিধানসভা কেন্দ্র। মানবিক মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায় এবং স্থানীয় বিধায়ক কৃষ্ণ কল্যাণীর উদ্যোগে রায়গঞ্জে সম্পন্ন হয়েছে প্রায় ৫৫০ কোটি টাকার কাজ। সোমবার একটি সাংবাদিক সম্মেলনের মাধ্যমে নিজের সাড়ে চার বছরের কাজের খতিয়ান বা ‘রিপোর্ট কার্ড’ পেশ করেন বিধায়ক। বইয়ের আকারে প্রতি বছরই কাজ জনগণের উদ্দেশ্যে প্রকাশ করেন তিনি। সামনেই বিধানসভা নির্বাচন। এই প্রথম রায়গঞ্জ বিধানসভায় রাজ্য সরকারের বিধায়ক। সেক্ষেত্রে কতটা এগিয়েছে বিধানসভা কেন্দ্র তার পুঙ্খানুপুঙ্খ কথা তুলে ধরেছেন তিনি। রিপোর্ট কার্ড অনুযায়ী, রায়গঞ্জ বিধানসভা এলাকায় পরিকাঠামো উন্নয়নের জন্য রেকর্ড অর্থ বরাদ্দ করা হয়েছে। বিধায়ক জানান, মোট ৬৭৩টি নতুন রাস্তা তৈরি করা হয়েছে। ১০৯টি বড় রাস্তার জন্য ব্যয় হয়েছে ১৭৮ কোটি টাকা। জলনিকাশি ব্যবস্থার উন্নতির জন্য ১৬৩টি ড্রেন তৈরি করা হয়েছে (ব্যয় ১৭ কোটি ৩০ লক্ষ টাকা)। নির্মাণ করা হয়েছে ট্যাগরা ব্রিজ (২.৮ কোটি) এবং রহমতপুর এলেক্সিয়া রাস্তা (৪.৫ কোটি), কাজ শুরু হয়েছে রায়গঞ্জ বাসস্ট্যান্ডের (৪.৫ কোটি) বারসই যাওয়ার গুরুত্বপূর্ণ সংযোগকারী রাস্তার প্রস্তাবও রয়েছে। বিধায়কের দাবি, রায়গঞ্জ বিধানসভার কোনও অঞ্চলে একটিও কাঁচা রাস্তা অবশিষ্ট নেই। আমরা প্রতিশ্রুতি রক্ষা করতে সক্ষম হয়েছি।

## কমিটি ঘোষণা

■ বালুরঘাট ব্লক তৃণমূল কংগ্রেসের ব্লক কমিটি ঘোষণা হল সোমবার। এদিন একটি অনুষ্ঠানের মধ্যে দিয়ে এই কমিটি ঘোষণা করলেন বালুরঘাট ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি মলয় মণ্ডল। চকভূণ্ড পাটি অফিসে অনুষ্ঠানের মধ্য দিয়ে তিনি এই ঘোষণা করেন। অনুষ্ঠানে ব্লক সভাপতি মলয় মণ্ডল ছাড়াও উপস্থিত ছিলেন জেলা মহিলা তৃণমূল সভানেত্রী স্নেহলতা হেমরম, দক্ষিণ দিনাজপুর জেলা পরিষদের কো-মেন্টর শিপ্রা নিয়োগী, দক্ষিণ দিনাজপুর জেলা তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অশোক মিত্র, কিশান খেতমজুর তৃণমূল কংগ্রেসের সভাপতি শাহেনশা মোল্লা প্রমুখ।

# ৬ তারিখেই চালু হল পাঁচটি স্কুলবাস, চা-বাগানের শিশুসার্থী বাংলায় কথা দিয়ে কথা রাখে সরকার

সংবাদদাতা, আলিপুরদুয়ার: বাংলায় কথা দিয়ে কথা রাখে সরকার। প্রমাণ হল আরও একবার। চা-শ্রমিক সন্তানদের স্কুলে পৌঁছে দিতে নির্দিষ্ট দিনে চালু হল বাস পরিষেবা। সোমবার আলিপুরদুয়ার জেলার পাঁচটি চা-বাগান এলাকায় চালু হয়েছে পরিষেবা। প্রতিটি বাসের মধ্যে লেখা রয়েছে চা-বাগানের শিশুসার্থী। এর আগে ট্রাকে করে বুকিপূর্ণভাবে স্কুলে যাতায়াত করত শ্রমিক সন্তানরা। বিষয়টি জানার পরই মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কথা দিয়েছিলেন শ্রমিক সন্তানদের স্কুলে পৌঁছাতে চালু হবে বাস। গত ৩ জানুয়ারি আলিপুরদুয়ারে এসে ৬ জানুয়ারি থেকে বাস পরিষেবা চালু হবে জানিয়ে দেন তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। নির্দিষ্ট দিনেই চালু হয়েছে বাস। খুশি পড়ুয়া-সহ শ্রমিকরাও। এদিকে, বেসরকারি চা-বাগানের মালিকরা শ্রমিকদের জন্য এবং তাঁদের সন্তানদের স্কুলে পৌঁছাতে লরি পাঠাতেন। বুকিপূর্ণভাবে যাতায়াত করতে হত। এই বিষয়টি সংসদে তোলেন সাংসদ ঋতব্রত



■ বাস পেয়ে হাসি ফুটেছে পড়ুয়াদের মুখে।

বন্দ্যোপাধ্যায়। দ্রুত এই সমাধানের বিষয়ে আলোকপাত করেন। কিন্তু কেন্দ্র এই বিষয়ে কোনওরকম সহায়তা করেনি। রাজ্যের উদ্যোগে চালু হয় বাস পরিষেবা। সোমবার পরিষেবা চালুর পর ঋতব্রত বন্দ্যোপাধ্যায় বলেন, রাজ্য সরকার কথা দিয়ে কথা রাখে। কেন্দ্রের ওপর ভরসা নেই

মানুষের। চা-বাগানের উন্নয়নের কাভারি মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। পাশাপাশি শ্রমিকদের অধিকার ছিনিয়ে আনতে লড়ছেন তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। চলছে লাগাতার আন্দোলনও। তাই তৃণমূলই ভরসা চা-শ্রমিকদের। বাস

পরিষেবা চালু হয়েছে এবার নিশ্চিতে স্কুলে যাবে শিশুরা। আগামিদিনে বাসের সংখ্যা আরও বাড়ানো হবে।

এই বিষয়ে আলিপুরদুয়ারের সহকারী শ্রম আধিকারিক গোপাল বিশ্বাস জানান, শ্রম দফতর নতুন পাঁচটি বাস আলিপুরদুয়ার জেলার চা-বলয়ের পড়ুয়াদের স্কুল যাতায়াতের জন্য দিয়েছে। সোমবার সেগুলি পরিষেবা প্রদান করতে শুরু করেছে। এই বাসগুলো টোটোপাড়া, লক্ষাপাড়া, ঢেকলাপাড়া, মুজানাই ও সেন্ট্রাল ডুয়ার্স চা-বাগান রুটে চলবে। বাসগুলি শ্রম দফতর কিনে দিলেও রক্ষণাবেক্ষণ ও পরিচালনা করবে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগম। প্রতি বাসে একজন করে চালক ও একজন করে সহায়ক থাকবে। যেখানে পড়ুয়ার সংখ্যা বেশি, সেই রুটে প্রয়োজনে একাধিক ট্রিপ দেবে বাসগুলি। মুখ্যমন্ত্রীর উদ্যোগে সন্তানদের স্কুল যাত্রা মসৃণ হওয়ায় খুশি অভিভাবকরা। তাঁরা আকর্ষণীয় ধন্যবাদ জানিয়েছেন মুখ্যমন্ত্রী ও অভিষেক বন্দ্যোপাধ্যায়কে।

# আলিপুরদুয়ারে শুনানির নোটিশ পেয়ে আতঙ্কে আত্মঘাতী প্রৌঢ়

সংবাদদাতা, আলিপুরদুয়ার : এসআইআর-আতঙ্কে প্রতিদিন বাড়ছে মৃতের সংখ্যা। ভিটে-মাটি হারানোর আতঙ্কে আসছে আত্মঘাতী হওয়ার খবর। ফের এসআইআরে মৃত্যুর ঘটনা ঘটল আলিপুরদুয়ারে। খাসড়া তালিকায় নাম ওঠেনি। ডাক পড়েছে শুনানিতে। নোটিশ পাওয়ার পর থেকেই আতঙ্কে ভুগছিলেন তিনি। সেই দুশ্চিন্তায় আত্মঘাতী হলেন আলিপুরদুয়ার জেলার ছোট শালকুমারের বাসিন্দা নুপেন ঘোষ— এমনটাই অভিযোগ তাঁর পরিবারের। বহু বছর ধরে ভোট দিলেও ২০০২ সালের তালিকায় নাম ছিল না তাঁর। ফলে খসড়া ভোটের তালিকা থেকে বাদ গিয়েছিল তাঁর নাম। এরপর হাতে শুনানির নোটিশ পেয়ে দুশ্চিন্তায় ডুবে গিয়েছিলেন পেশায় মিষ্টি বিক্রেতা ৫১ বছরের নুপেন ঘোষ। রবিবার সন্ধ্যায়



তাঁর স্ত্রী তাঁকে বাড়িতে একা রেখে কাছেই একটি কাজে গিয়েছিলেন। কিন্তু বাড়ি ফিরে দেখেন স্বামীর দেহ বুলছে বারান্দায়। তাঁর চিংকারে প্রতিবেশীরা ছুটে এসে নুপেন ঘোষের বুলন্ত দেহ উদ্ধার করে ফালাকাটা সুপার স্পেশালিটি হাসপাতালে নিয়ে গেলে, চিকিৎসকেরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। তাঁর স্ত্রী জানিয়েছেন যে, তাঁর স্বামী ২৮ বছর আগে অসম থেকে ছোটশালকুমার এলাকায় এসেছিলেন। আগামী মঙ্গলবার তাঁর শুনানিতে যাওয়ার দিন পড়েছিল। কিন্তু নাম বাদ পড়ার পর থেকেই খুব বিচলিত হয়ে পড়েছিলেন। এই ঘটনায় ফালাকাটা গ্রামীণ তৃণমূল সভাপতি সঞ্জয় দাস জানান, বিজেপির ইশারায় নিরীহ মানুষের প্রাণ নিচ্ছে কমিশন। আমরা ওই পরিবারটির পাশে আছি।

## শ্রমিকদের মজুরি বৃদ্ধি



■ ত্রিপাক্ষিক বৈঠকে নির্জল দে-সহ অন্যান্যরা।

প্রতিবেদন : আইএনটিটিইউসির উদ্যোগে মজুরি বৃদ্ধি হল শিলিগুড়ি রেগুলেটেড মার্কেটে লোডিং-আনলোডিং-এ নিয়োজিত শ্রমিকদের। সোমবার শিলিগুড়ি শ্রম দফতর কাফালয়ে ত্রিপাক্ষিক চুক্তির মাধ্যমে ১৭ শতাংশ মজুরি বৃদ্ধি হয়। ছিলেন দার্জিলিং জেলা আইএনটিটিইউসির সভাপতি নির্জল দে, ইউনিটের সম্পাদক প্রকাশ রাম ও সভাপতি অবদেশ সিং প্রমুখ। বৈঠকের পর নির্জল দে বলেন, বহুদিন ধরেই রেগুলেটেড মার্কেটে আলু, পেঁয়াজ লোডিং-আনলোডিংয়ের কাজে নিয়োজিত শ্রমিকদের মজুরি বৃদ্ধির দাবি জানিয়েছে সংগঠন।

# ছাগলের টোপে খাঁচাবন্দি চা-বাগানের ত্রাস লেপার্ড



সংবাদদাতা, জলপাইগুড়ি: বেশ কয়েকদিন ধরে চা-বাগানে দাপিয়ে বেড়াচ্ছিল পূর্ণবয়স্ক চিতাবাঘটি। ভয়ে বাগানমুখী হচ্ছিলেন না শ্রমিকেরা। সোমবার ছাগলের টোপে ধরা পড়ল চা-বাগানের ত্রাস পূর্ণবয়স্ক চিতাবাঘটি। জলপাইগুড়ির কলাবাড়ির ঘটনা। এদিন চা-বাগানের ১৭ নম্বর সেকশনে চিতাবাঘের গর্জন শুনতে পান। পরে কাছে গিয়ে দেখতে পান, বনদফতরের বসানো খাঁচার ভেতরে বন্দি রয়েছে একটি বিশালাকৃতির পূর্ণবয়স্ক চিতাবাঘ। মুহূর্তের মধ্যেই এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। স্থানীয় বাসিন্দারা ও চা-শ্রমিকরা বিষয়টি চা-বাগান কর্তৃপক্ষকে জানান। পাশাপাশি খবর দেওয়া হয় বিমাগুড়ি ওয়াইল্ডলাইফ ডিভিশনের বন দফতরকে।

খবর পেয়ে বনকর্মীরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে চিতাবাঘটিকে উদ্ধার করে নিয়ে যান। উল্লেখ্য, কলাবাড়ি ও সংলগ্ন এলাকায় অতীতে একাধিকবার চিতাবাঘের হামলায় শিশুমৃত্যু-সহ আহত ও নিহত হওয়ার ঘটনা ঘটেছে। সেই কারণে বন দফতরের পক্ষ থেকে সুন্দরবনের আদলে উত্তরবঙ্গের এই এলাকায় চা-শ্রমিকদের কিছু মহল্লা জাল দিয়ে ঘিরে ফেলা হয়। পাশাপাশি চিতাবাঘ ধরতে চা-বাগান এলাকায় একাধিক খাঁচা পাতা হয়। বন দফতর সূত্রে জানা গেছে, সোমবার সকাল আনুমানিক সাতটা নাগাদ ওই খাঁচাতেই চিতাবাঘটি ধরা পড়ে। চিতাবাঘ খাঁচাবন্দি হওয়ায় চা-শ্রমিক মহল্লা ও স্থানীয় বাসিন্দাদের মধ্যে স্বস্তির নিঃশ্বাস ফিরে এসেছে।

## অগ্নিকাণ্ড এড়াতে

■ শুক্রবার ময়নাগুড়ি পুরাতন বাজারে বিধবংসী অগ্নিকাণ্ডের ঘটনার পরবর্তিতে বাজারে যাতে অগ্নিকাণ্ডের ঘটনা এড়ানো যায় সে-ব্যাপারে নড়েচড়ে বসল প্রশাসন। সোমবার ময়নাগুড়ি পুরসভা কাফালয়ে প্রশাসনিক কর্তা থেকে শুরু করে জনপ্রতিনিধি ও ব্যবসায়ী সমিতির কর্তাদের নিয়ে বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন জলপাইগুড়ির সদর মহকুমা শাসক তমোজিৎ চক্রবর্তী, বিশিষ্ট সমাজসেবী মহুয়া গোপ, বিশিষ্ট সমাজসেবী রামমোহন রায়।



পুরুলিয়ার সবক’টি ব্লকেই ফুরাইড মিলছে প্রচুর। যার জেরে কিশোর থেকে বয়স্ক, সকলেরই দাঁত ক্ষয়ে যাচ্ছে। শরীর বুঁকছে সামনের দিকে। উদ্বেগজনক রিপোর্ট স্বাস্থ্য ভবনে জমা পড়েছে। শিগগিরই জেলায় টাস্ক ফোর্স বৈঠকে বসবে

## ঘাটালে জমজমাট বিদ্যাসাগর মেলা



■ মেলা উদ্বোধনে দিতিপ্রিয়া রায়।

সংবাদদাতা, মেদিনীপুর : যুব কল্যাণ দফতরের সহযোগিতায় এ বছরও শুরু হল ঘাটালের বীরসিংহ বিদ্যাসাগর মেলা। রবিবার মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন জেলাশাসক এস বিজিন কৃষ্ণ। অতিথি শিল্পী হিসাবে উপস্থিত ছিলেন বাংলা টেলি সিরিয়াল অভিনেত্রী দিতিপ্রিয়া রায়। ছিলেন জেলা পরিষদ সভাপতি প্রতিভারানি মাইতি, মহকুমা শাসক সুপ্রভাত চট্টোপাধ্যায় ও অন্যান্য। মেলা চলবে ১০ জানুয়ারি পর্যন্ত, বীরসিংহ ভগবতী বিদ্যালয় ময়দানে। মেলায় থাকছে সাংস্কৃতিক, সামাজিক সচেতনতামূলক অনুষ্ঠান। নাগরদোলা, হরেক দোকান। বীরসিংহ পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মস্থান। রাজ্য সরকারের উদ্যোগে সেটিকে সাজিয়ে তোলা হয়েছে। গড়ে তোলা হয়েছে পর্যটন কেন্দ্রও। নিত্যদিন বিদ্যাসাগরের জন্মভূমিতে পর্যটকের আনাগোনা লেগে থাকে। মেলার টানে বীরসিংহে আরও মানুষ আসবেন, আশাবাদী মেলা কমিটির সম্পাদক বিকাশ কর।

## কাঁসাইয়ের বালুচরে মিলল যুবকের দেহ

সংবাদদাতা, ডেবরা : কয়েকদিন আগে পশ্চিম মেদিনীপুর জেলার কেশপুর ব্লকের এনায়েতপুর গ্রাম পঞ্চায়েতের বিষ্ণুনাথপুরে একটি মহিলা ফুটবল টুর্নামেন্ট হয়। সেই খেলা দেখার পর থেকেই নিখোঁজ হন মিরপুর গ্রামের যুবক শিশির মল্লিক। বয়স ২৯। তিনদিন আগে কাঁসাই নদীতে জাল ফেললে ওঁর সাইকেল উঠে আসে। পরিবারের পক্ষ থেকে কেশপুর থানায় নিখোঁজ অভিযোগ দায়ের হয়। সোমবার দুপুরে ডেবরা কেশপুর বড়ার কাঁসাই নদীর পাড়ে দুটি কুকুরকে বালিতে আঁচড় দিতে দেখা যায়। কয়েকজনের সন্দেহ হতেই তাঁরা কেশপুর থানায় খবর দেন। পুলিশ এসে বালি খুঁড়ে মৃতদেহ উদ্ধার করে। দেখা যায় দেহটি শিশিরের। পুলিশের অনুমান, কেউ বা কারা মেরে বালিতে পুতে দিয়েছিল।

## রক্তদান শিবির



সংবাদদাতা, দুর্গাপুর : শীতকালে রক্তের আকাল মেটাতে দুর্গাপুর পুরসভার ২৪ নম্বর ওয়ার্ডের যুব তৃণমূলের পক্ষ থেকে মামড়া বাজার এলাকার তৃণমূল পার্টি অফিসে এক রক্তদান শিবিরের আয়োজন করা হল। মহিলা-সহ মোট ৫০ জন এই রক্তদান করেন। ২৪ নম্বর ওয়ার্ডের প্রাজ্ঞন কাউন্সিলর লাভলি রায় বললেন বিএলও-২ হিসাবে যাঁরা কাজ করছেন, তাঁদের সম্মানিত করব।

# আমার বাংলা

## আজ অভিষেকের সভা অভ্যর্থনায় তৈরি বীরভূম

সংবাদদাতা, বীরভূম : মাত্র কয়েক ঘণ্টা, তারপরেই বীরভূমে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের মেগা ঐতিহাসিক জনসভা হতে চলেছে রামপুরহাট বিধানসভার বিনোদপুর মাঠে। তাঁকে অভ্যর্থনা জানাতে তৈরি বীরভূম। শেষ পর্বের প্রস্তুতি দেখতে সভাস্থলে গেলেন বীরভূম জেলা সভাপতি কাজল শেখ ও তৃণমূল বীরভূম জেলা চেয়ারপার্সন আশিস বন্দ্যোপাধ্যায় ও অন্য তৃণমূল নেতারা। মাঠ পরিদর্শন শেষে কাজল বলেন, মঙ্গলবার তৃণমূল সর্বভারতীয় সাধারণ



■ সভাস্থল পরিদর্শনে কাজল শেখ, আশিস বন্দ্যোপাধ্যায়।

সম্পাদকের যে জনসভা হতে চলেছে সেটা আগামী বিধানসভা নির্বাচনে বীরভূমের ১১টি আসনের জয়ের রাস্তা প্রশস্ত করে দেবে। জেলা তৃণমূল কর্মীদের মধ্যে যে উন্মাদনা এবং উৎসাহ তৈরি হয়েছে তার প্রমাণও আগামী কাল জনসভা দিয়ে দেবে। বিনোদপুর মাঠ আগামী কাল কয়েক লক্ষ মানুষের সমাগমে গমগম করবে। বীরভূমের ১১টি আসনেই জোড়া ফুল ফুটবে। কারণ তৃণমূল একমাত্র রাজনৈতিক দল, যারা সারা বছর মানুষের সুখে-দুঃখে ১০০ শতাংশ পাশে থাকে। বীরভূম জেলা পুলিশ সূত্রে জানা গিয়েছে, অভিষেক বন্দ্যোপাধ্যায়ের জনসভা ঘিরে কড়া নিরাপত্তা বেষ্টনীর মধ্যে ঘিরে ফেলা হয়েছে বিনোদপুর মাঠ-সহ গোটা এলাকাটি।

কাজল আরও বলেন, বীরভূমের মানুষ ধর্মীয়

ভেদাভেদ, রাজনীতির মধ্যে ধর্মের ভাগাভাগি পছন্দ করে না। আগামী কালের জনসভা থেকে তৃণমূল সর্বভারতীয় সাধারণ সম্পাদক যে বার্তা দেবেন, সেই বার্তা আমরা মানুষের দুয়ারে দুয়ারে গিয়ে পৌঁছে দেব। আশিস বন্দ্যোপাধ্যায় বলেন, ইতিমধ্যে কেবলমাত্র বীরভূম নয় বীরভূমের আশপাশের জেলা থেকে প্রচুর মানুষ এই সভায় অংশগ্রহণ করার ইচ্ছাপ্রকাশ করেছেন। কারণ জননেতা অভিষেক যেভাবে দিল্লি থেকে কলকাতা, কলকাতা থেকে কোচবিহার, কোচবিহার থেকে কাকদ্বীপ রাজ্য ঘুরে কেন্দ্রের বিজেপি সরকারের অন্যায় অবিচারের বিরুদ্ধে সোচ্চার হচ্ছেন তাতে এই মুহূর্তে ওঁর বক্তব্য শোনার জন্য তৃণমূলের সৈনিকদের পাশাপাশি সাধারণ মানুষও মুখিয়ে আছেন।

## কুয়াশার জেরে দুর্গাপুরে মুখোমুখি দুই গাড়ি

সংবাদদাতা, দুর্গাপুর : কুয়াশা ও অতিরিক্ত গতির জেরে দুর্গাপুরে মুখোমুখি গাড়ি দুর্ঘটনা। দুর্গাপুর ইম্পাতনগরীর পেট্রোল পাম্প সংলগ্ন রোটারির সামনে, সোমবার সকালে। স্থানীয় সূত্রে জানা যায়, এলআইসির দিক থেকে আসা গাড়িটি দুর্গাপুর ইম্পাতনগরীর পেট্রোল পাম্পের দিকে যাচ্ছিল। গাড়িটি চালাচ্ছিলেন গাড়ির মালিক চক্রধর সদর, ছিলেন গাড়ির মালিকের স্ত্রী ও এক শিশু, তাঁরা স্কুলে যাচ্ছিলেন। বিপরীতে গান্ধী মোড়ের দিক থেকে আসা অন্য একটি গাড়ির সঙ্গে রোটারির সামনে সজোরে ধাক্কা লাগে। ওই গাড়িতে ছিলেন সাগর রুইদাস, কোকআভেন থানার অধীন ডিপিএল কলোনির বাসিন্দা। দুর্ঘটনায় গাড়িটি বেশি



■ দুর্ঘটনাক্রান্ত গাড়ি দুটি।

ক্ষতিগ্রস্ত হয়। দুটি গাড়ির আরোহীদের অগ্নিবিস্তার চোট লাগলেও বড় কোনও ক্ষয়ক্ষতি হয়নি। খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছন দুর্গাপুর সাব ট্রাফিকের ওসি সহ ট্রাফিক পুলিশ আধিকারিকরা। দুটি গাড়িকেই ঘটনাস্থল থেকে সরিয়ে তদন্ত শুরু করেছে ট্রাফিক পুলিশ।

## জঙ্গলমহলে পিঠেপুলি উৎসবে হিট মাংসের পিঠে

দেবরত বাগ • ঝাড়গ্রাম

বাঙালির শীতকাল মানেই নলেন গুড় আর পিঠেপুলি। সেই স্বাদকে পর্যটক ও স্থানীয়দের পাতে পৌঁছে দিতে ঝাড়গ্রাম শহরের প্রাণকেন্দ্র রবীন্দ্র পার্কে শুরু হল পিঠেপুলি উৎসব। শীতের মরশুমে ঝাড়গ্রামে ঘুরতে আসা পর্যটকের ভিড়ে মুখর হয়ে উঠেছে মেলা। মিলছে জিভে জল আনা নানা ধরনের পিঠেপুলি, ভাপা, পাটিসাপটা, দুধপুলি ইত্যাদি। এবছর ২৩টি স্টল হয়েছে, যার বিশেষত্ব সবগুলোই মহিলাদের দ্বারা পরিচালিত। শনিবার শুরু হওয়া উৎসব চলবে মকর সংক্রান্তি পর্যন্ত। ঝাড়গ্রামের নারী সৃষ্টি মহিলা পরিচালিত গ্রুপের উদ্যোগে আয়োজিত এই মেলায় প্রতিদিনই উপচে পড়ছে ভিড়। পর্যটকরা



■ উৎসবে তৈরি হচ্ছে মাংসের পিঠে।



■ পরীক্ষার্থীদের তালিম দিচ্ছেন পুলিশকর্তা।

## কনস্টেবল নিয়োগ পরীক্ষার তালিম দিচ্ছে জেলা পুলিশ


সংবাদদাতা, ঝাড়গ্রাম : রাজ্য পুলিশের কনস্টেবল নিয়োগ পরীক্ষাকে সামনে রেখে চাকরিপ্রার্থীদের প্রস্তুতিতে বাড়তি গুরুত্ব দিচ্ছে ঝাড়গ্রাম জেলা পুলিশ ও জেলা প্রশাসন। লিখিত পরীক্ষার পর ফিজিক্যাল টেস্ট ও ইন্টারভিউ। এই কঠিন ধাপগুলি অতিক্রম করতে যাতে প্রার্থীরা আত্মবিশ্বাসের সঙ্গে এগোতে পারেন, সেই

## ঝাড়গ্রামে অভিনব উদ্যোগ

লক্ষ্যেই একের পর এক উদ্যোগ নেওয়া হয়েছে। ঝাড়গ্রাম জেলা পুলিশ বরাবরই চাকরিপ্রার্থীদের পাশে দাঁড়িয়ে মানবিক ও গঠনমূলক ভূমিকা পালন করছে। জেলা পুলিশের ‘লক্ষ্যভেদ’ কর্মসূচির আওতায় রাজ্য পুলিশের কনস্টেবল পদপ্রার্থীদের জন্য মক ইন্টারভিউয়ের বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। এর আগেও প্রাথমিক শিক্ষক নিয়োগের পরীক্ষার্থীদের জন্য মক ইন্টারভিউ নিয়ে প্রশংসা কুড়িয়েছে ঝাড়গ্রাম জেলা পুলিশ। জেলা পুলিশ সূত্রে জানা গিয়েছে, নিয়োগের মক ইন্টারভিউয়ের জন্য শুধু ঝাড়গ্রাম জেলার প্রার্থীরাই ৬ জানুয়ারি পর্যন্ত আবেদন করতে পারবেন। বাস্তব ইন্টারভিউয়ের পরিবেশে পরীক্ষার্থীদের অভ্যস্ত কর্তেই এই উদ্যোগ। ডিএসপি (সদর) সমীর অধিকারী বলেন, জেলা পুলিশ সবসময়ই প্রতিযোগিতামূলক পরীক্ষার্থীদের পাশে থাকে। রাজ্য পুলিশের কনস্টেবল নিয়োগ প্রক্রিয়ায় যাতে পরীক্ষার্থীরা ফিজিক্যাল টেস্ট ও ইন্টারভিউ পর্বে কোনও অসুবিধার সম্মুখীন না হন, সেই উদ্দেশ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ ও সহযোগিতার সমস্ত ব্যবস্থা নেওয়া হয়েছে। ঝাড়গ্রাম জেলা পুলিশের এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন এলাকার সর্বস্তরের মানুষজন।

পিঠে খাচ্ছেন, আবার বাড়ির জন্য নিয়েও যাচ্ছেন। উৎসবের আনন্দে রবীন্দ্র পার্কচত্বর জমজমাট। আয়োজকদের পক্ষে তনুশ্রী বেরা জানান, প্রতি বছরই শীতে পিঠেপুলি উৎসব করি। পর্যটকেরা পিঠে খান এবং সঙ্গে করে নিয়ে যান, এটাই বড় প্রাপ্তি। পর্যটক জয়ন্ত দাস বলেন, প্রতিবছরই এখানে আসি। পিঠের স্বাদ সত্যিই অসাধারণ। এবছর নতুন ধরনের ‘মাংস পিঠে’ খেয়ে খুব ভাল লেগেছে। আশা করি, আগামী বছর আরও বড় করে এই উৎসব হবে। ঝাড়গ্রাম ট্যুরিজম ফাউন্ডার সুমিত দত্ত জানান, খুবই ভাল উদ্যোগ। ঝাড়গ্রামের পর্যটনে নতুন মাত্রা যোগ করবে। অরণ্যসুন্দরী ঝাড়গ্রামের জঙ্গল, পাহাড়, ঝরনা আর নদীর সৌন্দর্যের সঙ্গে পিঠেপুলির স্বাদ— সব মিলিয়ে অন্য মুডে ধরা দিচ্ছে ঝাড়গ্রাম।





# বিজেপি নেতার নারীবিদ্বেষী মন্তব্যে গর্জে উঠুন মেয়েরা : ঋতব্রত



■ মধ্যে বক্তা ঋতব্রত বন্দ্যোপাধ্যায়, দাসপুরে কলাইকুণ্ড প্রাথমিক বিদ্যালয়ের মাঠে।

সংবাদদাতা, মেদিনীপুর : বিজেপিকে জবাব দিতে পাল্টা তৃণমূলের প্রতিবাদী জনসভা। প্রায় কয়েক হাজার সমর্থকের উচ্ছ্বাস ছিল সভায়। বেশিরভাগই ছিলেন মহিলা সমর্থক। ৩ জানুয়ারি দাসপুরের কলাইকুণ্ডে বিজেপির ডাকা এক পরিবর্তন সংকল্প জনসভায় লক্ষ্মীর ভাণ্ডার যে সমস্ত মহিলারা পান ভোটের সময় তাঁদের ঘরবন্দি করার নিদান দিয়েছিলেন বিজেপির রাজ্য কমিটির সদস্য

কালীপদ সেনগুপ্ত। সেই বক্তব্যের জবাব দিতেই আজ ৫ জানুয়ারি দাসপুরে তৃণমূলের পক্ষ থেকে একটি বড় জনসভার আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন তৃণমূল শ্রমিক সংগঠনের সভাপতি ঋতব্রত বন্দ্যোপাধ্যায়। এছাড়াও ছিলেন জেলার সহ-সভাপতি তথা পিংলার বিধায়ক অজিত মাইতি। সভায় বক্তব্যের শুরুতেই বিজেপি যে কুৎসা রটিয়েছিল তার মোক্ষম জবাব দেন। বলেন, বিজেপি

বলেছিল ঝান্ডার সঙ্গে ডান্ডা রাখতে, তাই এই সভা থেকে আমি মহিলাদের বলছি, বিজেপির ঝান্ডার ডান্ডার পরিবর্তে আপনারা মুড়োঝাটা রাখবেন, যাতে বিজেপিকে পাল্টা মোক্ষম জবাব দেওয়া যায়। কারণ তৃণমূল হিংসার রাজনীতি করে না, মহিলাদেরকে সম্মান করে। ঋতব্রত ছাড়াও ছিলেন অজিত মাইতি ও জেলা কমিটির একাধিক নেতা। তাঁরাও বক্তব্যে বিজেপিকে তুলোথোনা করেন।



■ গোয়ালতোড় গ্রামীণ উদ্বোধন করলেন রাষ্ট্রমন্ত্রী শ্রীকান্ত মাহাতো। ছিলেন পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদের পূর্ত কমান্ডার নির্মল ঘোষ ও অন্যরা।



■ সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নির্দেশমতো কেশিয়ারি টিম-১-এর পক্ষ থেকে কেশিয়ারির যতগ্রাম ১ নং অঞ্চলে শিবমন্দির এবং শীতলামন্দিরে পূজা দিয়ে সোমবার উন্নয়নের পাঁচালির প্রচার শুরু করলেন কেশিয়ারির বিধায়ক পরেশ মুর্মু।

## বনভোজনে গোষ্ঠীদন্দ্ব বিজেপির দলের বিধায়ক বদলের দাবি

সংবাদদাতা, মালদহ : বনভোজনে ফের বিজেপির গোষ্ঠীদন্দ্ব। প্রার্থী নিবাচন ঘিরে ক্ষোভ চাপা রইল না। সোমবার গাজোল বিজেপির উদ্যোগে আয়োজিত বনভোজন কর্মসূচিতেই স্লোগান ওঠে বর্তমান বিধায়কের পরিবর্তন চাই। রাজ্য ও মালদহ জেলা নেতৃত্বের উদ্দেশ্যে স্পষ্ট বার্তা দিয়ে স্থানীয় নেতৃত্ব ও কর্মীদের একাংশ বলেন, এবার টিকিট বদল না হলে নির্দল প্রার্থী দেওয়ার পথে হটিবেন তাঁরা। বনভোজন কর্মসূচিতে বিপুল সংখ্যক বিজেপি কর্মী-সমর্থকের উপস্থিতি ছিল। সেখানেই গাজোলের বর্তমান বিজেপি বিধায়ক চিন্ময় দেব বর্মনের বিরুদ্ধে ক্ষোভ উগরে বিক্ষুব্ধরা অভিযোগ করেন, গত পাঁচ বছরে বিধায়ক পুরনো নেতা-কর্মীদের গুরুত্ব দেননি, কর্মসূচিতে ডাকেননি, সংগঠনকে উপেক্ষা করেছেন। উত্তর মালদহ বিজেপির সংগঠনের নেতা ঠাকুরদাস সরকারের দাবি, নতুন প্রার্থী দেওয়া হলে গাজোল থেকে ৩০ হাজারের বেশি ভোটে জিতবে বিজেপি।

## দুঃস্থ ও অসহায়দের কঙ্গলদান

সংবাদদাতা, পুরুলিয়া : শীত উপলক্ষে পুরুলিয়ার শতাধিক দুঃস্থ ও অসহায় মানুষের হাতে কঙ্গল তুলে দিলেন আইএনটিটিইউসি জেলা সভাপতি উজ্জ্বল কুমার। পুরুলিয়ার আড়ষা এলাকায়।



শীতের এই সময়ে এই কঙ্গল পেয়ে খুশি উপকৃত মানুষজন। উজ্জ্বল বলেন, শীতের সময় মানুষজন বড় কষ্ট পান। সেকথা মাথায় রেখেই এই কঙ্গলদানের উদ্যোগ। ভবিষ্যতেও এই ধরনের সামাজিক কর্মসূচি অব্যাহত থাকবে।

## যুবককে অপহরণ, কয়েক ঘণ্টায় উদ্ধার পুলিশের

সংবাদদাতা, তমলুক : জেলা পুলিশের বড় সাফল্য। সোনা উদ্ধার করতে অপহরণ। মাত্র কয়েক ঘণ্টার ব্যবধানে অপহরণকারীদের পাকড়াও করার পাশাপাশি অপহৃত যুবককে উদ্ধার করল পূর্ব মেদিনীপুর জেলা পুলিশ। ডেবরার বাসিন্দা সৌমিত্র পাত্র জন্মুর জৈন বাজারের একটি সোনার দোকানের কর্মী ছিলেন। তাঁর বিরুদ্ধে সোনার গহনা চুরির অভিযোগ ছিল। তা উদ্ধার করতেই যুবককে অপহরণ করা হয়। অপহরণের খবর পাওয়ার মাত্র কয়েক ঘণ্টার ব্যবধানে তমলুকের নিমতোড়ি থেকে অপহৃত যুবককে উদ্ধারের পাশাপাশি অপহরণকারীদের গ্রেফতার করেছে পুলিশ। সোমবার সাংবাদিক



■ সাংবাদিক বৈঠকে পুলিশ সুপার।

বৈঠক করেন জেলার ভারপ্রাপ্ত পুলিশ সুপার মিতুনকুমার জানালেন, অপহরণের ঘটনাটি ঘটেছে রবিবার বিকেল সোয়া তিনটে নাগাদ। ওই সময় সৌমিত্র পাঁশকুড়া থানার সিদ্ধাবাজার দিয়ে

যাচ্ছিলেন। হঠাৎ গাড়িতে করে দুষ্কৃতীরা এসে জোর করে তুলে নিয়ে যায়। খবর পেয়েই নামে পুলিশ। সিসিটিভি দেখে গাড়ির নম্বর সনাক্ত করে। কিছুক্ষণ পর তমলুক থানার নিমতোড়ি এলাকায় গাড়িটিকে আটকায় কর্তব্যরত পুলিশ। তা থেকেই উদ্ধার করা হয়েছে সৌমিত্রকে। পাশাপাশি অপহরণকারী আটজনকে পাকড়াও করা হয়েছে। ধৃতদের নাম শেখ ইমরান, শেখ মহম্মদ রফিক, মোল্লা লুৎফর রহমান, শেখ বশিরুদ্দিন, সোলেমান মন্ডল, ফিরোজ খান, শেখ শাহাবুদ্দিন ও রমজান মন্ডল। তাদের বাড়ি পূর্ব বর্ধমান জেলায়। ধৃতদের সোমবার তমলুক আদালতে তোলা হলে বিচারক পুলিশি হেফাজত দেন।

## সেলের পাঁচ স্কুলে ভর্তি বন্ধ, প্রতিবাদে তৃণমূল

সংবাদদাতা, আসানসোল : সেল আইএসপি দ্বারা পরিচালিত আসানসোলের বার্নপুরে পাঁচটি স্কুলে ভর্তি বন্ধ করে দিয়েছে কর্তৃপক্ষ। ফলে সমস্যা পড়েছেন এলাকার মানুষ। এই অভিযোগ তুলে তৃণমূল রাজ্য নেতা তথা স্থানীয় কাউন্সিলর অশোক রুদ্রের নেতৃত্বে বিক্ষোভ দেখানো হল। সোমবার বিক্ষোভের পাশাপাশি অশোক অভিযোগ করেন, ‘সেল আইএসপি দ্বারা পরিচালিত এখানে ছটি স্কুল ছিল। যার মধ্যে একটি স্কুল বন্ধ করে দিয়েছে কর্তৃপক্ষ, বাকি পাঁচটি স্কুলে এই শিক্ষাবর্ষ থেকে নতুন করে ভর্তি নেওয়া বন্ধ করে দেওয়া হয়েছে। মূলত এই স্কুলগুলিতে কারখানার অস্থায়ী কর্মীদের ছেলেমেয়েরা ও স্থানীয় সাধারণ খেটেখাওয়া মানুষদের ছেলেমেয়েরা পড়াশোনা করত। এই শিক্ষাবর্ষ থেকে নতুন করে অ্যাডমিশন না হওয়াতে অভিভাবকদের মধ্যে



■ অভিভাবকদের প্রতিবাদ।

আতঙ্ক ছড়িয়েছে। স্কুলগুলিকে চালু রাখার দাবিতে এই বিক্ষোভ বলে জানিয়েছেন তিনি। এতে কাজ না হলে আগামী দিনে ধরনায় বসবেন তাঁরা, বলে হুঁশিয়ারিও দিয়েছেন। প্রতিবেদন লেখা পর্যন্ত সেল আইএসপি কর্তৃপক্ষের কোনও প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

## পিটিয়ে খুন

■ ডাইনি অপবাদে যাচোখর্ষ এক বৃদ্ধাকে পিটিয়ে খুন করার অভিযোগ উঠল তাঁরই নাতির বিরুদ্ধে। দক্ষিণ দিনাজপুর জেলার কুমারগঞ্জ ব্লকের রামকৃষ্ণপুর গ্রাম পঞ্চায়েতের মামুদপুর গ্রামে। মৃত্যুর নাম লক্ষ্মী সরেন (৬৯)। এই ঘটনায় পুলিশ অভিযুক্ত নাতি সঞ্জয় টুডু (২১) ও তাঁর শাশুড়ি মিঠু সরেনকে (৫০) গ্রেফতার করেছে। রবিবার রাতে গুরুতর আহত অবস্থায় লক্ষ্মী সরেনকে উদ্ধার করে কুমারগঞ্জ গ্রামীণ হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকেরা মৃত ঘোষণা করেন।

## শুনানির চিঠি এবার দেবকেও

(প্রথম পাতার পর) ত্রিকোটর মহম্মদ শামিকেও নোটিশ ধরিয়েছে কমিশন। সোমবার, সাংসদ-অভিনেতার আবাসনে এসআইআর-শুনানির নোটিশ পাঠায় নিবাচন কমিশন। সূত্রের খবর, অনুমারেশন ফর্মের নিচের অংশে ২০০২ সালের ভোটার লিস্টের তথ্য পূরণ করা হয়নি বলে অভিযোগ। একই কারণে দেব যে আবাসনের বাসিন্দা তার অনেকেই শুনানির নোটিশ পেয়েছেন। এই নোটিশ নিয়ে অবশ্য দেব বা তাঁর পরিবারের তরফে কোনও প্রতিক্রিয়া দেওয়া হয়নি। এই ঘটনা সামনে আসতেই কমিশনকে তীব্র আক্রমণ করে তৃণমূল। তাঁদের অভিযোগ, হেনস্থা করতেই একজন ব্যস্ত অভিনেতা এবং তিনবারের সাংসদকে এভাবে ডেকে পাঠানো হয়েছে। জন্মস্থান ঘাটাল থেকে দেব তিনবারের সাংসদ। তাঁকেও এখন নিজের নাগরিকত্বের প্রমাণ দিতে হবে! প্রশ্ন তুলেছে তৃণমূল। তবে তিনি শুনানিতে হাজিরা দেবেন কি না তা জানা যায়নি।



নিরাপত্তাবাহিনীর স্ক্যানারে জন্ম-  
কাশ্মীরের প্রায় ৩০০ সন্দেহভাজন  
সন্ত্রাসবাদী। গোপনে সীমান্ত পার হয়ে  
পাকঅধিকৃত কাশ্মীর এবং পাকিস্তানে  
প্রবেশ করে তারা সন্ত্রাসের পক্ষে  
সওয়াল করছে বলে খবর। কড়া নজর  
রাখছে ভারতীয় বাহিনী

## কী করছিল মোদি সরকার?

# দেড়শোর বেশি সংস্থায় চিহ্নিত ২০৭ ভূয়ো ওষুধ

নয়াদিল্লি : জনস্বাস্থ্যের পক্ষে অত্যন্ত উদ্বেগজনক বার্তা। ভূয়ো বলে প্রমাণিত হয়েছে দেড়শোরও বেশি সংস্থায় তৈরি মোট ২০৭টি ওষুধ। কিছু ওষুধকে চিহ্নিত করা হয়েছে নীচু মানের। সেন্ট্রাল ড্রাগস স্ট্যান্ডার্ড কন্ট্রোল অর্গানাইজেশনের সাম্প্রতিকতম রিপোর্টে উঠে এসেছে এই তথ্য। নতুন করে পরীক্ষায় ভূয়ো এবং নিম্ন গুণমানের ওষুধগুলোকে চিহ্নিত করা সম্ভব হয়েছে। প্রশ্ন উঠেছে, এতদিন কি আদৌ নজরদারি চালায়নি মোদি সরকার?

রিপোর্টে উঠে আসা সবচেয়ে ভয়াবহ তথ্য হল, ব্যাক্টেরিয়া ভাসছে অত্যন্ত গুরুত্বপূর্ণ অ্যান্টিবায়োটিক ইঞ্জেকশন মেরোপেনেমে। এখানেই শেষ নয়, স্টেরিলিটি পরীক্ষায় ফেল করেছে সেফট্রিয়াক্সন এবং অ্যামোক্সিসিলিনের মতো সংক্রমণ প্রতিরোধক ইঞ্জেকশনও। দূষণমুক্ত নয় অ্যান্টিবায়োটিকের বিকল্প হিসেবে পরিচিত কোলিস্টিমিথেট সোডিয়াম ইঞ্জেকশনও। এখানেও দূষণের উপস্থিতি স্পষ্ট। এ তো গেল একটা দিক। ক্ষতিকারক পদার্থমুক্ত নয় খিঁচুনি কমানোর ইঞ্জেকশনও। কলকাতার কেন্দ্রীয় ল্যাব জানিয়েছে, অপারেশনের আগে অত্যন্ত প্রয়োজনীয় বিউপিভ্যাকোইন ইঞ্জেকশনের ভায়ালে মিলেছে ক্ষতিকারক পদার্থ। অত্যন্ত তাৎপর্যপূর্ণ বিষয়, শিশুমৃত্যুর অভিযোগে বিতর্কের কেন্দ্রবিন্দু হয়ে ওঠা শ্রেসান ফার্মাসিউটিক্যালস এবং রিলিফ বায়োটেকের তৈরি বেশ কিছু ওষুধও গুণমানের পরীক্ষায় ব্যর্থ হয়েছে। চেন্নাইয়ের একটি সংস্থায় তৈরি হয় শিশুদের প্যারাসিটামল সিরাপ। কিন্তু ল্যাবটেস্টে তাতেও ধরা পড়েছে দূষিত পদার্থ। অবস্থা আরও উদ্বেগজনক সেফিক্সিম অ্যান্টিবায়োটিক ট্যাবলেটে।

নিধারিত মাত্রার উপাদান তো দূরের কথা, ওষুধ পাওয়া গিয়েছে মাত্র ২০ শতাংশের সামান্য বেশি। আরও উদ্বেগজনক বিষয়, ইঞ্জেকশনের জলেও দূষণ। জন্ম-কাশ্মীরের এক ওষুধ প্রস্তুতকারক সংস্থায় এই দূষণের প্রমাণ মিলেছে। কিছু ভিটামিন গলছেই না সময়মতো। অ্যামোক্সিসিলিন এবং পটাসিয়াম ক্র্যাভুলেনেট ট্যাবলেটে কোনও সমতা নেই ওষুধের মাত্রায়। আশ্চর্যজনক বিষয়, কয়েকটি ট্যাবলেটে ওষুধের মাত্রা মাত্র ২৬ শতাংশ। তামিলনাড়ুর দু'টি সংস্থায় তৈরি কাফ সিরাপে বোতলের লেবেলে এক তথ্য কিন্তু ভেতরে আলাদা। মোদিরাজ্যে একটি সংস্থায় তৈরি অ্যাসপিরিন ট্যাবলেটেও গুণগত মানের অভাব প্রকট। সবমিলিয়ে বাজারে নজরদারি ব্যবস্থা ফের বড়সড় প্রশ্নের মুখে।

জন্ম-কাশ্মীরের এক ওষুধ প্রস্তুতকারক সংস্থায় এই দূষণের প্রমাণ মিলেছে। কিছু ভিটামিন গলছেই না সময়মতো। অ্যামোক্সিসিলিন এবং পটাসিয়াম ক্র্যাভুলেনেট ট্যাবলেটে কোনও সমতা নেই ওষুধের মাত্রায়। আশ্চর্যজনক বিষয়, কয়েকটি ট্যাবলেটে ওষুধের মাত্রা মাত্র ২৬ শতাংশ। তামিলনাড়ুর দু'টি সংস্থায় তৈরি কাফ সিরাপে বোতলের লেবেলে এক তথ্য কিন্তু ভেতরে আলাদা। মোদিরাজ্যে একটি সংস্থায় তৈরি অ্যাসপিরিন ট্যাবলেটেও গুণগত মানের অভাব প্রকট। সবমিলিয়ে বাজারে নজরদারি ব্যবস্থা ফের বড়সড় প্রশ্নের মুখে।

## যশোরে খুন করা হল সাংবাদিককে

ঢাকা : বাংলাদেশের প্রতাপ বৈরাগী নামে সংখ্যালঘু সাংবাদিককে গুলি করে গলা কেটে খুন করা হল সোমবার যশোরের মনিরামপুরে। ওই যুবককে খুব কাছ থেকে গুলি চালিয়ে খুন করে আতায়ীরা। কপালিয়া বাজার এলাকায় ৪৫ বছরের রানা প্রতাপকে কাছের একটি গলিতে ডেকে নিয়ে যায় তিনজন। সেখানেই তাঁর মাথা লক্ষ্য করে গুলি চালানো হয়। ঘটনাস্থলেই মৃত্যু হয় ওই সাংবাদিকের। কেউ গ্রেফতার হয়নি।

## দিল্লির রাস্তায় মারধর, স্ত্রীলতাহানি

নয়াদিল্লি : দিল্লির রাস্তায় প্রকাশ্যে মারধর এবং স্ত্রীলতাহানির শিকার হল একই পরিবারের ৩ জন। নিষ্ক্রিয় অমিত শাহর পুলিশ। দু'দিন আগে ঘটনাটি ঘটেছে পূর্বদিল্লির লক্ষ্মীনাগরে। একটি জিমের মালিকানাকে কেন্দ্র করে বচসার জেরে ব্যাপক মারধর করা হয় মালিক রাজেশ গর্গকে। বাধা দিতে গিয়ে স্ত্রীলতাহানির শিকার হন তাঁর স্ত্রী। তাঁদের ছেলেকে বিবস্ত্র করে মাটিতে ফেলে পেটানো হয়। সিসিটিভি ফুটেজে ধরা পড়েছে গোটা ঘটনা। কেউ গ্রেফতার হয়নি।

## বিয়েবাড়িতে খুন হলেন আপ নেতা

অমৃতসর : অমৃতসরে জমজমাট বিয়েবাড়িতে গুলি করে খুন করা হল আপ পঞ্চায়েত প্রধান জানেইল সিংকে। রিসর্টে ঢুকেই সকলের সামনেই তাঁকে গুলি করে দুই দুষ্কৃতী। চম্পট দেয় দ্রুত। কেউ গ্রেফতার হয়নি। খুনের কারণ জানার চেষ্টা করেছে পুলিশ।


## হাড়কাঁপানো ঠান্ডায় ভূমিকম্প

গুয়াহাটি : সোমবার ভোরে হাড় কাঁপানো ঠান্ডায় বড় ধরনের ভূমিকম্প অসম-সহ উত্তর-পূর্বের কয়েকটি রাজ্যে। ভূকম্পনের মাত্রা রিখটার স্কেলে ৫.১। ভোর ৪.১৭ মিনিট নাগাদ লোকজন নেমে আসে রাস্তায়। ক্ষয়ক্ষতির খবর নেই।

## ভেনেজুয়েলা দখলের পর আমিহ্নের আশ্ফালন ট্রাম্পের

# ভারতের উপর ফের শুল্ক চাপানোর ইঁশিয়ারি আমেরিকার প্রেসিডেন্টের

ওয়াশিংটন : অবাক করা আচরণ ট্রাম্পের। শুধুই আমিহ্নের আশ্ফালন। ভেনেজুয়েলা দখলের পরে ফের এক জটিল অন্ধের খেলায় মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প। কথা নেই বার্তা নেই, ভারতের উপর হঠাৎ রাগ দেখানো শুরু ডোনাল্ড ট্রাম্পের। নতুন করে ভারতের উপর শুল্ক চাপানোর দাবি করলেন ট্রাম্প। দাবি বললে অবশ্য কম বলা হবে, রীতিমতো ইঁশিয়ারি দিলেন ভারতকে। রীতিমতো জুলুমের সুরে স্পষ্ট জানালেন, রাশিয়া থেকে তেল কেনা বন্ধ না করলে ভারতের উপর শুল্কের বোবা আরও বাড়ানো হতে পারে। ডোনাল্ড ট্রাম্পকে খুশি করতে হবে। ফের একবার প্রকাশ্যে মার্কিন যুক্তরাষ্ট্রের সামন্ততান্ত্রিক চেহারা। তবে বেশ আত্মপ্রসাদের সুরে ট্রাম্প এমন দাবিও করলেন, তাঁকে খুশি করতেই নাকি রাশিয়া থেকে তেল কেনা কমিয়ে দিয়েছে ভারত। অর্থাৎ, ট্রাম্পের কথায় কথায় সেই আমিহ্নের আশ্ফালন। আসলে রাশিয়া থেকে তেল কেনা নিয়ে ভারত-



আমেরিকা দ্বন্দ্ব অব্যাহত। নতুন করে রাশিয়া থেকে তেল কেনার চুক্তিও করেছে ভারত। রাশিয়ার রাষ্ট্রপতি ব্লাদিমির পুতিন ঘুরে গেছেন ভারতে। অর্থাৎ সাম্প্রতিক সময়ে মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে সেভাবে নতুন চুক্তির পথে হাঁটনি ভারত। এতেই কি এবার আঁতে ঘা লেগেছে ডোনাল্ড ট্রাম্পের? দীর্ঘ প্রায় ছয়মাস পরে নতুন করে ভারতের উপর শুল্কের ঘোষণায় সেই

ইঙ্গিতই স্পষ্ট।

ভেনেজুয়েলা দখল করেছেন আটক্লিশ ঘণ্টাও হয়নি। নতুন করে শুল্কের প্রসঙ্গ ট্রাম্পের মুখে। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে দাবি করেন, ভারতের প্রধানমন্ত্রী জানেন আমেরিকা খুশি নয়। এবং আমাকে খুশি করা অত্যন্ত জরুরি। রাশিয়া থেকে তেল কেনা কমানো হয়নি। আমরা তাদের উপর আরও শুল্ক চাপাতে চলেছি।

আমেরিকা জোর করে ভেনেজুয়েলার দখল নেওয়ার পর বিশ্বের প্রথম রাষ্ট্র হিসাবে রাশিয়া আমেরিকার সমালোচনায় সরব হয়েছে। কিন্তু কোনওভাবেই পুতিনের নাগাল পাচ্ছেন না ট্রাম্প। এই পরিস্থিতিতে অর্থনৈতিকভাবে রাশিয়াকে আঘাত করা ছাড়া আর কোনও উপায় নেই আমেরিকার কাছে। রাশিয়ার অর্থের অন্যতম জোগানদার তাদের তেলের ক্রেতা ভারত। তাই ভারতের উপর চাপ বাড়িয়ে রাশিয়াকে বার্তা দিতে চাইছেন ট্রাম্প, ধারণা রাজনৈতিক মহলের।

## সপ্তাহে ২ দিন ছুটির দাবিতে ২৭ জানুয়ারি দেশজুড়ে ব্যাঙ্ক ধর্মঘট

নয়াদিল্লি : সপ্তাহে ৫ দিন অফিস আর ২ দিন ছুটির দাবিতে এবার ধর্মঘটের পথে ব্যাঙ্ককর্মীরা। ২৭ জানুয়ারি দেশজুড়ে ব্যাঙ্ক ধর্মঘটের ডাক দিয়েছেন ব্যাঙ্ককর্মীরা। তাঁদের প্রশ্ন, রিজার্ভ ব্যাঙ্ক,এলআইসি, জিআইসি সহ একাধিক সংস্থায় যদি সপ্তাহে দু'দিন ছুটি থাকে তা হলে ব্যাঙ্ককর্মীরা তা থেকে বঞ্চিত হবেন কেন? কিছু জরুরি বিভাগ ছাড়া কেন্দ্র এবং রাজ্য সরকারি অফিসগুলোও বন্ধ থাকে শনিবার। লক্ষণীয়, এখন মাসের দ্বিতীয় এবং চতুর্থ শনিবার ব্যাঙ্ক বন্ধ থাকে। কিন্তু ব্যাঙ্ককর্মীরা চাইছেন সপ্তাহে ৫টি ওয়ার্কিং ডে। এরজন্য অবশ্য সোমবার থেকে শুক্রবার দিনে অতিরিক্ত ৪০ মিনিট কাজ করতে রাজি। অল ইন্ডিয়া ব্যাঙ্ক অফিসার্স কনফেডারেশনের পক্ষ থেকে ধর্মঘটের কথা জানানো হয়েছে। ব্যাঙ্ককর্মীদের বক্তব্য, ২০২৪ সালের মার্চে ইন্ডিয়ান ব্যাঙ্কস অ্যাসোসিয়েশন এবং ব্যাঙ্ক ইউনিয়নগুলোর মধ্যে সপ্তাহে ৫ দিন কাজের কথা হয়েছিল। ধর্মঘটের উদ্যোক্তারা জানিয়েছেন, ধর্মঘট হলেও কোনও ব্যাঙ্কই বন্ধ থাকবে না।

নয়াদিল্লি : মোদি সরকারের নতুন শিক্ষা নীতি (এনইপি)-র বিরুদ্ধে সারা দেশে প্রথম সোচ্চার হন বাংলার মুখ্যমন্ত্রী তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়। এর পরেই কেন্দ্রের নতুন শিক্ষানীতির বিরুদ্ধে সংসদের অধিবেশনে সোচ্চার হয়েছিল তৃণমূল কংগ্রেস। এই নয়া শিক্ষানীতির বিরোধিতায় কেন্দ্রের বিজেপি সরকারের বিরুদ্ধে বক্তব্য রাখতে গিয়ে এবার সরাসরি প্রশ্ন তুললেন তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার দলনেতা ডেরেক ও'ব্রায়েন। এই নতুন শিক্ষানীতি প্রয়োগের আগে পশ্চিমবঙ্গ, তামিলনাড়ু ও কনটিকের মতো রাজ্যগুলির সঙ্গে আলোচনা না করেই একতরফা সিদ্ধান্ত নিল কীভাবে নিল কেন্দ্রীয় সরকার? প্রশ্ন তোলেন ডেরেক ও'ব্রায়েন। দুটি কেন্দ্রীয় শিক্ষা বোর্ড আইসিএসসি এবং আইএসসি একজেট হয়ে এই শিক্ষানীতির বিরোধিতা করুক, সোমবার দাবি জানান তৃণমূলের রাজ্যসভার দলনেতা ডেরেক ও'ব্রায়েন। তাঁর অভিযোগ, মোদি সরকারের নয়া শিক্ষানীতি দেশের যুক্তরাষ্ট্র পরিকাঠামোকে ধ্বংস করবে। তিনি উল্লেখ করেছেন যে পশ্চিমবঙ্গ, তামিলনাড়ু এবং কনটিক সহ বেশ



কয়েকটি রাজ্যের নিজস্ব শিক্ষা নীতি রয়েছে। বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে ২০২৩ সালেই রাজ্য তাদের নিজস্ব শিক্ষা নীতির বাস্তবায়ন করেছিল। তামিলনাড়ুর শিক্ষানীতি এবং কনটিকের খসড়া শিক্ষানীতি ২০২৫ সালে প্রকাশিত

হয়েছিল, জানান ডেরেক ও'ব্রায়েন।

এদিন ডেরেক ও'ব্রায়েন মোদি সরকারের 'বিকশিত ভারত শিক্ষা অভিযান বিল'-এর মতো আইন নিয়েও উদ্বেগ প্রকাশ করেছেন। তাঁর যুক্তি, এই ধরনের পদক্ষেপগুলি প্রাতিষ্ঠানিক স্বায়ত্তশাসনকে ক্ষয় করবে। শিক্ষার ওপর সরকারি ব্যয় কখনও জিডিপির ৬ শতাংশ স্পর্শ করেনি, যা (এনইপি)তে সুপারিশ করা হয়েছে, দাবি করেন তিনি। সোমবার তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার দলনেতা ডেরেক ও'ব্রায়েন কলকাতার লা মার্টিনিয়ার ফর গার্লস স্কুলে আয়োজিত ভারতের অ্যাংলো-ইন্ডিয়ান স্কুল অ্যাসোসিয়েশনের ১০৩তম বার্ষিক সম্মেলনে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন। ৩০০০টিরও বেশি স্কুলের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

## রামজি আইন চাপে বিজেপি

নয়াদিল্লি: বিপর্যয় অনিবার্য বুঝতে পেরে বাংলা-সহ ভোটমুখী রাজ্যগুলিতে এবার ড্যামেজ কন্ট্রোল করতে আরও একদফা বিভ্রান্তি ছড়ানোর প্রস্তুতি নিচ্ছে বিজেপি। আসলে রামজি আইন নিয়ে খুবই চাপে বিজেপি। তাদের গান্ধী-বিরোধী ভাবমূর্তি মুছে ফেলতে ৫ রাজ্যের ভোটারদের কাছে যেতে চাইছে তারা। কিন্তু মুখের ওপর

প্রত্যাখ্যাত হওয়ার ভয়ে রাজ্যের বিজেপি নেতা-কর্মীরা আর এক পাও এগোতে চাইছেন না। বাংলা সহ পাঁচ রাজ্যের আসন্ন বিধানসভা নির্বাচনের আগে ব্যাপক চাপে বিজেপি। পশ্চিমবঙ্গ, কেরালা এবং তামিলনাড়ুর মতো রাজ্যে বিজেপির ভাল ফল করা সম্ভব নয়, এটা বুঝতে বাকি নেই বিজেপির শীর্ষ নেতৃত্বের।

## ভোট নিয়ে বৈঠক

নয়াদিল্লি: এবার রাজ্যের বিধানসভা নির্বাচন কত দফায় করা যুক্তিযুক্ত হবে তা নিয়ে সোমবার দিল্লিতে জাতীয় নির্বাচন কমিশনের সচিব পর্যায়ের আধিকারিকদের সঙ্গে একপ্রস্থ আলোচনা করলেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল। বাংলা সহ পাঁচ রাজ্যের বিধানসভা ভোট নিয়ে দিল্লিতে কমিশন সদর দফতরে এদিন বসেছিল জরুরি বৈঠক।



# গ্রিনল্যান্ড চাই, কলম্বিয়ার প্রেসিডেন্টকেও ছাড়ব না, একাধিক দেশকে হুমকি ট্রাম্পের

## আন্তর্জাতিক আইন ও রাষ্ট্রসংঘের কার্যকারিতা নিয়ে প্রশ্ন

ওয়াশিংটন: ভেনেজুয়েলা এপিসোডের পর আরও আগ্রাসী ভূমিকায় মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। লাতিন আমেরিকার দেশগুলিকে হুমকি দেওয়ার পাশাপাশি ইউরোপের গ্রিনল্যান্ড চাই বলে হুমকি দিয়েছেন। আর ট্রাম্পের এই বেলগাম হুমকির পর প্রশ্ন উঠছে, আদৌ কি আন্তর্জাতিক আইনকানূনের কার্যকারিতা আছে? রাষ্ট্রসংঘের ভূমিকাই বা কী?

মার্কিন সেনা ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস মাদুরোকে অপহরণ করে নিয়ে বন্দি করার পরে একাধিক ইউরোপের দেশ আমেরিকাকে সমর্থন জানিয়েছে। এসবের মধ্যেই ভেনেজুয়েলা ছাড়িয়ে কিউবা, কলম্বিয়ার দিকে হাত বাড়িয়েছেন ট্রাম্প। সেইসঙ্গে দাবি করেছেন, গ্রিনল্যান্ড চাই তাঁর। কলম্বিয়ার প্রেসিডেন্ট গোস্তাভো পাড্রোকে সরাসরি হুমকি দিয়ে ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ভেনেজুয়েলার মতোই পরিস্থিতি তৈরি হতে পারে কলম্বিয়ারও।

মার্কিন সেনার ভেনেজুয়েলা আক্রমণ এবং নাটকীয় কায়দায় দেশের প্রেসিডেন্ট মাদুরোকে সন্ত্রাসী বন্দি করে আমেরিকায় বিচারের জন্য নিয়ে আসার পর থেকেই প্রবল উত্তেজনার পরিস্থিতি তৈরি হয়েছে লাতিন আমেরিকায়। মাদুরোর বন্ধু কলম্বিয়ার প্রেসিডেন্ট পাড্রোকে হুমকি

দিয়ে তাঁকেও ড্রাগ পাচারের অভিযোগে বন্দি করেছেন ডোনাল্ড ট্রাম্প। এক সাক্ষাৎকারে মার্কিন প্রেসিডেন্ট জানান, উনি (গোস্তাভো পাড্রো) কোকেন তৈরি করে আমেরিকায় পাঠাচ্ছেন। খুব সাবধান থাকুন। আপনার পরিণতি খারাপ হবে।

গত কয়েকমাসে মাদুরোর মতোই পাড্রোর সঙ্গেও একাধিকবার দ্বন্দ্ব জড়িয়েছেন ট্রাম্প। আমেরিকা নিকোলাস মাদুরোকে বন্দি করার পর এই ঘটনার তীব্র নিন্দা করেছেন কলম্বিয়ার প্রেসিডেন্ট। তিনি এটিকে লাতিন আমেরিকার সার্বভৌমত্বের ওপর আঘাত বলে মন্তব্য করেন। এই ঘটনা মানবিক সংকট সৃষ্টি করতে পারে বলে সতর্কবার্তা দেন গোস্তাভো পাড্রো। তাঁর



সীমান্তে সেনা মোতায়েন করে কলম্বিয়া। ট্রাম্প তাঁর উদ্দেশ্যে চোখ রাখনি দেন। জানান, এবার সাবধান থাকুক কলম্বিয়া। কিন্তু তাতে কর্ণপাত করেননি পাড্রো। তিনি দাবি করেন, কোনওভাবেই কলম্বিয়াকে কাঠগড়ায় দাঁড় করাতে পারে না আমেরিকা।

### ঘরশত্রুরাই বিশ্বাসঘাতক, বললেন মাদুরো-পুত্র গুয়েরা

মতে, লাতিন আমেরিকায় তেলের আগ্রাসন জারির পাশাপাশি কোনওভাবে যাতে রাশিয়া ও চীন আমেরিকার ধারেকাছে না ঢুকতে পারে, তা নিশ্চিত করতে বলির পাঠা করা হল ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস মাদুরোকে। এখানেই যে ট্রাম্প থেমে থাকবেন না তার ইঙ্গিত পেয়েছিলেন কলম্বিয়ার প্রেসিডেন্ট পাড্রো। ভেনেজুয়েলায় মার্কিন হামলার রাতেই

লাতিন আমেরিকার দেশগুলিকে একজোট হওয়ার আহ্বান জানান তিনি। এদিকে কলম্বিয়ার পর ট্রাম্পের নজর পড়েছে মেক্সিকো ও কিউবাতেও। ট্রাম্প দাবি করেন, কিউবা ভেঙে পড়তে চলেছে। ভেনেজুয়েলার তেলের টাকায় কিউবা চলে। এবার আর সেটা তারা পাবে না। ফলে তাদের পতন সময়ের অপেক্ষা। অন্যদিকে মেক্সিকোর প্রেসিডেন্টকেও মারাত্মক মানুষ

বলে দাবি করেন ট্রাম্প। ভেনেজুয়েলার উপর দখলদারি যে ডোনাল্ড ট্রাম্পকে অনেক বেশি আত্মবিশ্বাসী করে দিয়েছে, তা আরও একবার প্রমাণিত হয়েছে গ্রিনল্যান্ড নিয়ে ট্রাম্পের বক্তব্যে। এয়ার ফোর্স ওয়ানে চড়ে ট্রাম্প বিবৃতি দেন, বর্তমানে গ্রিনল্যান্ডকে ঘিরে রয়েছে রাশিয়া আর চীনের যুদ্ধজাহাজ। আমেরিকার নিরাপত্তার জন্য সেটা খুব বিপজ্জনক। গ্রিনল্যান্ড আমাদের চাই। ডেনমার্ক এটিকে কোনও নিরাপত্তা দিতে পারবে না। ট্রাম্পের এই বাতীর পরেই ইউরোপে শুরু হয়ে গিয়েছে এর পাল্টা প্রতিক্রিয়া। ডেনমার্কের প্রধানমন্ত্রী মেট ফ্রেডেরিকসেন দাবি করেন, আমেরিকার গ্রিনল্যান্ড দখলের দাবির

এর অন্তর্গত এস্টোনিয়ার প্রধানমন্ত্রী ক্রিস্টেন মিচেল স্পষ্ট করে দেন, গ্রিনল্যান্ডে হাত দিয়ে ডেনমার্কের স্বাধীনতায় হাত দেওয়া যাবে না। এই পরিস্থিতিতে পোল্যান্ডের প্রধানমন্ত্রী ডোনাল্ড টাঙ্ক সমগ্র ইউরোপকে একজোট হওয়ার ডাক দিয়েছেন। তিনি দাবি করেছেন, ইউরোপের শক্তিগুলি অন্তত এই পরিস্থিতিতে একজোট না হলে গোটা বিশ্ব ইউরোপকে দুর্বল বলেই ধরে নেবে। ডেনমার্কের পাশে দাঁড়িয়েছে সুইডেন, স্কটল্যান্ড, লাতভিয়া, ফিনল্যান্ড প্রভৃতি পশ্চিম ও উত্তর ইউরোপের দেশগুলি।

এদিকে ভেনেজুয়েলার প্রেসিডেন্ট মাদুরোকে বন্দি করায় বিশ্ব জুড়ে সমালোচনার ঝড় উঠেছে। আমেরিকার কিছু 'বন্ধু' দেশ বা আমেরিকার রিপাবলিকান পার্টি ট্রাম্পের পদক্ষেপকে সমাচারে সমর্থন করলেও বেশিরভাগই ঘটনার নিন্দা করেছেন। তাদের মতে, এভাবে মাদুরোকে বন্দি করা ভেনেজুয়েলার আঞ্চলিক সার্বভৌমত্বে আঘাতের নামান্তর। বহু দেশই এই বিষয়ে রাষ্ট্রসংঘের হস্তক্ষেপ দাবি করেছে। প্রতিক্রিয়া দিয়েছে রাষ্ট্রসংঘও। তারা স্বীকার করেছে, আমেরিকার এই পদক্ষেপ বিশ্বের দরবারে একটি বিপজ্জনক দৃষ্টান্ত। ট্রাম্পের পদক্ষেপ আন্তর্জাতিক যুদ্ধ আইনের পরিপন্থী।

### খুন ভারতীয় তরুণী

মেরিল্যান্ড: আমেরিকায় ফের খুন ২৭ বছরের এক ভারতীয় নাগরিক। নিকিতা গোডিশালা নামের এই তরুণী কর্মসূত্রে আমেরিকায় থাকতেন। গত ৩ জানুয়ারি মেরিল্যান্ডের একটি বাড়ি থেকে তাঁর ক্ষতবিক্ষত দেহ উদ্ধার হয়েছে। পুলিশ সূত্রে খবর, ওই বাড়িটির মালিক ভারতীয় বংশোদ্ভূত নিকিতার প্রাক্তন প্রেমিক। তাঁর নাম অর্জুন শর্মা। নিকিতার দেহ উদ্ধারের পর থেকে তিনি

**আমেরিকা** নিখোঁজ। তাঁর খোঁজে তল্লাশি শুরু হয়েছে। হাওয়াড কাউন্টির এলিয়ট সিটির বাসিন্দা নিকিতা আমেরিকায় ডেটা ও স্ট্যাটস্টিজ বিশ্লেষণ হিসাবে কাজ করতেন। গত ৩১ ডিসেম্বর থেকে নিখোঁজ ছিলেন নিকিতা। পুলিশ সূত্রে খবর, প্রাক্তন প্রেমিক অর্জুনই তাঁর জন্য নিখোঁজ ডায়েরি করেন। গত ২ জানুয়ারি তিনি নিজে থানায় যান এবং রিপোর্ট লেখান। অর্জুন জানিয়েছিলেন, মেরিল্যান্ড সিটিতে নিজের বাড়িতে নিকিতাকে তিনি শেষবার দেখেছিলেন। আশ্চর্যের বিষয় হল, নিখোঁজ ডায়েরি করার পরই দেশ ছাড়েন অর্জুন। তারপর থেকেই তাঁর সম্পর্কে সন্দেহ জোরালো হয়। ভদন্তকারীরা মনে করছেন তিনি ভারতে পালিয়ে এসেছেন। তাঁর বিরুদ্ধে আমেরিকায় খুনের মামলা রুজু করা হয়েছে। ৩ তারিখ অর্জুনের বাড়িতে গিয়ে নিকিতার দেহ উদ্ধার করা হয়েছে এবং দেহে একাধিক আঘাতের চিহ্ন ছিল বলে জানা গিয়েছে।

### আন্তর্জাতিক শৃঙ্খলা নষ্ট হচ্ছে : জিনপিং

ভ্যাটিকান সিটি ও বেজিং: যেন মধ্যযুগীয় বর্বরতা! ভেনেজুয়েলার বিপুল তেলের ভাণ্ডার কবজা করতে নিজেদের শক্তি প্রদর্শনের আধিপত্যবাদী নীতিতে ভেনেজুয়েলার বেনজির আগ্রাসন আমেরিকার।

তা নিয়ে বিতর্কের মধ্যেই বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে নিন্দার ঝড়। কারাকাস আক্রমণ করে প্রেসিডেন্ট

#### তীব্র নিন্দা করলেন পোপ লিও

মাদুরোকে বন্দি করার সমালোচনায় সরব রাষ্ট্রসংঘ। এবার ভেনেজুয়েলার নাগরিকদের স্বাধীনতার অধিকার নিয়ে আশঙ্কা প্রকাশ করলেন পোপ লিও। প্রয়োজনে খ্রিস্টান সম্প্রদায়ের ধর্মগুরুদের হস্তক্ষেপের ইচ্ছাপ্রকাশ করেছেন তিনি। ভেনেজুয়েলার বাসিন্দাদের স্বার্থ বিঘ্নিত হতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছেন পোপ লিও। তিনি বলেন, ভেনেজুয়েলায় সম্প্রতি যে ঘটনাগুলি ঘটেছে তা উদ্বেগের। ভেনেজুয়েলার মানুষের ভাল হওয়ার চিন্তাই সবার অগ্রাধিকার হওয়া উচিত। শান্তি প্রতিষ্ঠার মধ্যে দিয়ে যেন ভেনেজুয়েলার মানুষ বিচার ও শান্তি পান।



এদিকে, ভেনেজুয়েলায় মার্কিন হামলা ও মাদুরোর অপহরণের পর সরব হয়েছে চীনও। চীনের বিদেশমন্ত্রকের বিবৃতিতে বলা হয়েছে, যেভাবে ভেনেজুয়েলায় আধিপত্য প্রকাশ করেছে আমেরিকা তা

আন্তর্জাতিক যুদ্ধ আইনের বিরোধী। সেইসঙ্গে এর ফলে সমগ্র লাতিন আমেরিকা ও ক্যারিবিয়ান এলাকায় শান্তির উপর এটা একটা বড় হুমকি। চীন এই আগ্রাসনের বিরোধিতা করছে। প্রতিক্রিয়া দিয়েছেন চীনের প্রেসিডেন্ট খোদা শি জিনপিংও। সোমবার আয়ারল্যান্ডের প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাতের সময় তিনি বিশ্বের বর্তমান 'অস্থিরতা' নিয়ে মন্তব্য করেছেন। ট্রাম্পের না করলেও বলেছেন, একতরফা আধিপত্যবাদে আন্তর্জাতিক শৃঙ্খলা ক্ষতিগ্রস্ত হচ্ছে। বর্তমানে বিশ্ব যে ধরনের পরিবর্তন এবং অস্থিরতার মধ্যে দিয়ে যাচ্ছে, তা এক শতাব্দীতেও দেখা যায়নি। কোনও দেশের জনগণ যে উন্নয়নের পথ বেছে নিয়েছেন, সকল রাষ্ট্রের উচিত তাকে সম্মান করা। আন্তর্জাতিক আইন এবং রাষ্ট্রসংঘের সনদ মেনে চলা উচিত সকলের। বিশেষত বৃহৎ শক্তিগুলির উচিত এক্ষেত্রে সামনে থেকে নেতৃত্ব দেওয়া।

### অন্ধকারের বাংলাদেশ

ঢাকা : ইউনুসের বাংলাদেশে আবার ভয়ঙ্কর নারী-নির্যাতন। এক কথায় মধ্যযুগীয় বর্বরতা। কনকনে শীতের সকালে খোদ রাজধানী ঢাকার গুলশন এলাকায় এক সংখ্যালঘু মহিলাকে ইলেক্ট্রিক পোস্টে বেঁধে গায়ে ঢেলে দেওয়া হল ঠান্ডা জল। কয়েকজন যুবক এই অমানবিক আচরণ করেই ক্ষান্ত হল না, রীতিমতো উল্লাস করে উঠল। ভাইরাল হল তার ভিডিও। এই দৃশ্য ফের বুঝিয়ে দিচ্ছে কোন অন্ধকারের দিকে এগোচ্ছে ইউনুসের বাংলাদেশ। ভিডিওতে দেখা গিয়েছে, গুলশনে ওই মহিলাকে ইলেক্ট্রিক পোস্টে বেঁধে তাঁর সোয়েটার-জ্যাকেটের উপর থেকেই জল ঢেলে দেওয়া হচ্ছে গায়ে। পুলিশ জানিয়েছে, ঘটনাটি ঘটেছে একটি মাদ্রাসার খুব কাছেই। এখনও পর্যন্ত মোট ৫ জনকে আটক করা হয়েছে এই ঘটনায়। স্থানীয় লোকদেরও জিজ্ঞাসাবাদ করছে পুলিশ। এদিকে আরও এক ভয়ঙ্কর ঘটনার সাক্ষী হয়েছে বিনাইদহের কালাীগঞ্জ। নদীপাড়া এলাকায় শনিবার রাতে এক সংখ্যালঘু বিধবাকে (৪০) ধর্ষণ করে গাছের সঙ্গে বেঁধে চুল কেটে দেয় ২ যুবক। সেই দৃশ্যের ভিডিও ছড়িয়েও সমাজমাধ্যমে। ব্যাপক মারধরও করে। নির্যাতিতা জ্ঞান হারালে স্থানীয়রা তাঁকে উদ্ধার করে ভর্তি করে বিনাইদহ হাসপাতালে। পুলিশ অভিযুক্তদের বিরুদ্ধে মামলা দায়ের করলেও এখনও গ্রেফতার করা হয়নি ২ অভিযুক্তকে।



ডিজিটাল যুগে আই স্ট্রেন প্রতিরোধে প্রতি ২০ মিনিট পর ২০ সেকেন্ডের জন্য ২০ ফুট দূরে তাকান। স্ক্রিনের উজ্জ্বলতা কমিয়ে রাখুন এবং অ্যান্টি-গ্ল্যার স্ক্রিন ব্যবহার করতে পারেন। ঘন ঘন পলক ফেলুন, এটি চোখকে আর্দ্র রাখতে সাহায্য করে

# আজও বিকল্প নেই ব্রেইলের



লুইস ব্রেইল

## ব্রেইল এক নতুন দিগন্ত


প্রাচীন গ্রিসে নাকি অন্ধদের বেঁচে থাকারই অধিকার ছিল না! ভোরের সূর্যোদয়, সন্ধ্যার সূর্যাস্ত, সমুদ্রের অতলান্তিক গভীরতা, পাহাড়ে শান্ত স্থির নিমগ্নতার চাক্ষুষ উপলব্ধি থেকে যাঁরা বঞ্চিত তাঁদের চেয়ে দুর্ভাগ্য কি আর কেউ আছেন! দু-চোখে যার আঁধার তার সম্বলমাত্র শুধুই অন্ধদৃষ্টি আর কল্পনাশক্তি। সেই অন্ধদৃষ্টিই তাঁদের স্বপ্ন দেখায় আকাশচুম্বী হওয়ার আর সেই আকাঙ্ক্ষা পূরণ করে আলাদিনের এক আশ্চর্য প্রদীপ ব্রেইল। যা দৃষ্টিহীনদের অন্ধকার পৃথিবীর মাঝে অনেকটা আলো।

## ব্রেইল পদ্ধতি আজও প্রাসঙ্গিক

দৃষ্টিহীন শিক্ষক, শিক্ষার্থী, ব্রেইল বিশেষজ্ঞ— সকলেরই অভিমত, ব্রেইলের বিকল্প আজও নেই। দৃষ্টিহীনদের জন্য অডিও বুক, স্ক্রিন রিডিং সফটওয়্যার আসা সত্ত্বেও ব্রেইলের প্রাসঙ্গিকতা অস্বীকার করার উপায় নেই। ‘ব্রেইল’ দৃষ্টি প্রতিবন্ধীদের স্বাভাবিক কাজ যেমন বই পড়া, লেখা, হিসাব করা, ইন্টারনেট ব্রাউজ করা, গল্প পড়া, পথ চলা ইত্যাদিতে সহায়তা করে। পড়াশোনা করতে ইচ্ছুক এমন অন্ধ মানুষকে কারও সাহায্য ছাড়া অ্যাসাইনমেন্ট করা, ক্লাসের নোট করা এমনকী অনলাইনে ক্লাস বুঝতেও সহায়তা করে এই পদ্ধতি। ব্রেইল পদ্ধতিতে খুব সহজেই বর্ণমালা শেখার সুযোগ রয়েছে। অনেকটা আমাদের মতোই।

## রিফ্রেশেবল ব্রেইল ডিসপ্লে

ব্রেইল ডিসপ্লেতে বেশ কিছু পিন রয়েছে। এগুলো বিভিন্নভাবে ওঠানামা করে কম্পিউটার স্ক্রিনে চলমান দৃশ্য বুঝতে সহায়তা করে। কম্পিউটারের সঙ্গে বিশেষ একটি কেবল দিয়ে ব্রেইল ডিসপ্লে যুক্ত করা হয়। কম্পিউটার স্ক্রিন থেকে চলমান দৃশ্য নিজে থেকে ব্রেইলে পরিবর্তন করে এটি নিজস্ব স্ক্রিনে চালু করে। রিফ্রেশেবল ব্রেইলের একটি লাইন জুড়ে বিদ্যুৎ চালিত



পিন থাকে যা স্ক্রিনে সবসময়ই চলমান থাকে। রিফ্রেশেবল ব্রেইলে ২০, ৪০ ও ৮০ অক্ষর এবং বাটনযুক্ত কি-বোর্ড রয়েছে। এটি ব্রেইল নোটবুকের সঙ্গে ব্যবহার করা যায়। রিফ্রেশেবল ব্রেইল ডিসপ্লে সাহায্যে খুব সহজেই লেখার ধরন, ওয়ার্ড ফরম্যাট, স্পেসিং এবং বানান চেক করা যায়।

## ব্রেইল প্রিন্টার

ব্রেইল প্রিন্টার হল এক ধরনের বিশেষ প্রিন্টার যা কম্পিউটারের সঙ্গে সংযুক্ত হয়ে যেকোনও লেখার ব্রেইল কপি প্রিন্ট করে। ব্রেইল প্রিন্টারের মাধ্যমে একজন ছাত্র নিজের লেখা যেকোনও কাজ বা অ্যাসাইনমেন্ট ব্রেইল কপিতে প্রিন্ট করতে পারবে। এই প্রিন্টারের জন্য বিশেষ শক্ত এবং মোটা কাগজের প্রয়োজন হয় যে কাগজের এক পিঠে অক্ষরগুলো প্রিন্ট করা হয়।

## ইলেকট্রনিক ব্রেইল নোট টেকার

এই যন্ত্রটি সাধারণত সেসব দৃষ্টি প্রতিবন্ধী ছাত্রদের সহায়তা করে, যাঁরা ক্লাসে বিভিন্ন নোট টুকে নেন বা শিক্ষকের কথা শুনে নিজে থেকে নোটস টাইপ করে নেন। পরবর্তীতে এটি কম্পিউটারে সংরক্ষণ করে রাখা যায় অথবা চাইলে ব্রেইল কপিতে প্রিন্ট করে নেওয়া যায়। এছাড়াও রয়েছে ব্রেইলের আরও অনেক কিছু। দৃষ্টিহীনদের জন্য শিল্পের সঙ্গেও পরিচয় করিয়েছে ব্রেইল আর্ট। তাদের জন্য এখন পৃথিবী জুড়ে রয়েছে ব্রেইল আর্ট লাইব্রেরি। হাতের আঙুল দিয়ে ছুঁয়ে, বুঝে, কল্পনা করে এক নতুন অভিজ্ঞতায় সমৃদ্ধ হতে পারছে তারা। রয়েছে নামী শিল্পীদের ব্রেইল আর্টের বইও। এখানেই শেষ নয় রেস্টোরাঁয় চালু হচ্ছে ব্রেইল মেনুও। আর কী চাই! দৃষ্টিহীনরাও आमजनतार সঙ্গেই রেস্টোরাঁয় বসে মেনু কার্ড পড়ে খাবার অর্ডার দেন অনায়াসে।

## ব্রেইল-এর আবিষ্কার

লুইস ব্রেইল আবিষ্কৃত ছয় বিন্দুর পদ্ধতি বিশ্ব জুড়ে দৃষ্টিপ্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য আশীর্বাদস্বরূপ। এই পদ্ধতির মাধ্যমে তারা আজ সমাজে সক্রিয় ভূমিকা

পালন করছে এবং পেশাগত দক্ষতা বাড়িয়ে চলেছে। কিন্তু কীভাবে হল এই পদ্ধতির আবিষ্কার? ১৮০৯ সালের ৪ জানুয়ারি ফ্রান্সের প্যারিসের কাছে কুপ্লে নামের ছোট্ট একটি গ্রামে লুইস-এর জন্ম। বাবা চামড়ার দ্রব্য তৈরি করতেন। একদিন বাবার চামড়া ফুটো করবার যন্ত্র নিয়ে খেলতে গিয়ে সেই যন্ত্র হাত ফসকে ব্রেইলের একটি চোখকে মারাত্মকভাবে আঘাত করে। পেনিসিলিন আবিষ্কার তখনও না হওয়ায় আঘাতপ্রাপ্ত চোখ থেকে সংক্রমণ পাশের চোখেও ছড়িয়ে পড়ে। ক্রমে দুটো চোখ নষ্ট হয়ে যায় লুইস ব্রেইলের। চোখের দৃষ্টি হারানোর পর লুইস খেমে থাকেননি। তাঁর ছিল অদম্য মনোবল এবং ইচ্ছাশক্তি। এরপর তিনি অর্গান এবং চেলো বাজানো শুরু করলেন। পড়াশোনার জন্য ভর্তি হলেন প্যারিসের ব্লাইন্ড স্কুলে। এখানেই একদিন জানতে পারলেন অ্যালফাবেট কোডের কথা। মূলত ফরাসি সেনাবাহিনীর জন্য তৈরি ‘নাইট রাইটিং’ নামের এক ধরনের স্পর্শনির্ভর লিপি থেকে অনুপ্রাণিত হয়ে তিনি ব্রেইল আবিষ্কার করেছিলেন। ফরাসি ভাষার প্রতিটি অক্ষরের জন্য ১২টি ডটকে বিভিন্ন বিন্যাসে সাজিয়ে একটা নতুন বর্ণমালা সৃষ্টি করা হয় ‘নাইট রাইটিং’ লিপিতে। এই ডটগুলোয় হাত বুলিয়ে সেনারা বিশেষ অবস্থায় লেখা নির্দেশনাগুলো কোনওরকম আলোর সাহায্য ছাড়াই পড়ে নিতে পারতেন। ১৮২১ সালে ‘নাইট রাইটিং’

নিয়ে কাজ করা শুরু করে কিশোর লুইস ব্রেইল। সেই ১২টি ডটের বর্ণমালাকে আরও সহজবোধ্য করে ৬টি ডটে বিন্যস্ত করে নতুনভাবে সাজালেন। ব্রেইল লিপির মূল কাঠামো এই ছয়টি বিন্দুর সমন্বয়ে তৈরি। এই বিন্দুগুলোর ভিন্ন ভিন্ন বিন্যাসে গঠিত হয় অক্ষর, সংখ্যা, বিরামচিহ্ন, এমনকী সঙ্গীতলিপিও। ১৮২৯ সালে, ২০ বছর বয়সে, লুইস ব্রেইল তাঁর প্রথম বই প্রকাশ করেন। এটাই ‘ব্রেইল পদ্ধতি’ নামে ইতিহাসের পাতায় লেখা হয়ে রইল।





ফেব্রুয়ারি  
দ্বিতীয় সপ্তাহেই  
বিদেশি বান্ধবী  
সোফি সাইনকে  
বিয়ে করছেন  
শিখর ধাওয়ান



## রুটের সেঞ্চুরি, জবাব হেড-লাবুশেনের ব্যাটেও

সিডনি, ৫ জানুয়ারি : চলতি অ্যাসেসেজ দ্বিতীয় সেঞ্চুরি হাঁকালেন জো রুট। তাঁর ১৬০ রানের ধ্রুপদী ইনিংসের সৌজন্যে সিডনি টেস্টে প্রথম ইনিংসে ৩৮৪ রান তুলল ইংল্যান্ড। এদিকে, রুটের পাশ্চাৎ দিচ্ছেন ট্রাভিস হেড। মাত্র ৮৭ বলে ৯১ রান করে দ্বিতীয় দিনের শেষে অপরাজিত রয়েছেন বাঁ হাতি অস্ট্রেলীয় ওপেনার। হেডের ঝোড়ো ব্যাটিংয়ের সুবাদে ২ উইকেট হারিয়ে স্কোরবোর্ডে ১৬৬ রান তুলেছে অস্ট্রেলিয়া। ইংল্যান্ডের থেকে এখনও পিছিয়ে রয়েছে ২১৮ রানে।

আগের দিন রুট ৭২ এবং হ্যারি ব্রুক ৭৮ রানে নট আউট ছিলেন। সোমবার অবশ্য খুব বেশিদূর এগোতে পারেননি ব্রুক। ব্যক্তিগত ৮৪ রানে স্কট বোল্যান্ডের শিকার হয়ে প্যাভিলিয়নে ফেরেন তিনি। শূন্য রানে আউট হন বেন স্টোকস। তবে রুটে দারুণ সঙ্গ দেন জেমি স্মিথ (৪৬ রান) এবং উইল জ্যাকস (২৭ রান)। রুটের ২৪২ রানের ইনিংসে ছিল ১৫টি চার। অস্ট্রেলিয়ার বোলারদের মধ্যে মাইকেল নেসের ৪ উইকেট দখল করেন। ২টি করে উইকেট নেন মিচেল স্টার্ক ও বোল্যান্ড।



■ ৪১তম সেঞ্চুরির পর রুট। সোমবার সিডনি ক্রিকেট গ্রাউন্ডে।

এদিনের পর টেস্টে ৪১টি সেঞ্চুরি হয়ে গেল রুটের। শতীন তেজুলকরের (৫১টি) রেকর্ড ছুঁতে চাই আরও ১০টি সেঞ্চুরি। টেস্টে সবাধিক সেঞ্চুরিকারীদের তালিকায় রুট এখন রিকি পন্টিংয়ের সঙ্গে যৌথভাবে তৃতীয় স্থানে। দ্বিতীয় স্থানে রয়েছেন জাক কালিস (৪৫টি)। শুধু তাই নয়, টেস্টে শতীনের সবাধিক রানের রেকর্ডের (১৫,৯২১ রান) দিকেও যীরে যীরে এগোচ্ছেন রুট। এই মুহূর্তে তাঁর মোট টেস্ট রান ১৩,৯৩৭। শতীনের রেকর্ড ছুঁতে চাই আরও ১৯৮৪ রান।

পাশ্চাৎ ব্যাট করতে নেমে, শুরুতেই জ্যাক ওয়েদারল্যান্ডের (২১ রান) উইকেট হারিয়েছিল অস্ট্রেলিয়া। তবে উইকেটের অন্যপ্রান্তে শুরু থেকেই চালিয়ে খেলেছেন হেড। মানসি লাবুশেনের সঙ্গে দ্বিতীয় উইকেটের জুটিতে ৯৫ রান যোগ করেন হেড। লাবুশেন ৪৮ রান করে স্টোকসের শিকার হন। তবে আউট হওয়ার পর, স্টোকসের সঙ্গে উত্তপ্ত বাক্যবিনিয়োগে জড়ান লাবুশেন। দিনের শেষে হেডের সঙ্গে ১ রানে অপরাজিত রয়েছেন নাইটওয়াচম্যান নেসের।

## প্লেয়ার্স সংস্থা থেকে সরলেন জকোভিচ

বেলগ্রোড, ৫ জানুয়ারি : নিজের হাতে গড়া প্রফেশনাল টেনিস প্লেয়ার্স অ্যাসোসিয়েশন (পিটিপিএ) থেকে সরে দাঁড়ালেন ২৪টি গ্র্যান্ড স্ল্যামজয়ী সার্ব তারকা নোভাক জকোভিচ। তিনি স্পষ্ট জানিয়েছেন, সংস্থার বর্তমান পরিচালন পদ্ধতির সঙ্গে তাঁর মূল্যবোধের ফারাক দেখা দিয়েছে। তাই তিনি সম্পর্ক ছিন্ন করতে বাধ্য হয়েছেন। ২০২০ সালে কানাডার প্রাক্তন টেনিস তারকা ভাসেক পসপিসিলির সঙ্গে এই সংস্থা শুরু করেছিলেন জকোভিচ। উদ্দেশ্য ছিল, পেশাদার টেনিস খেলোয়াড়দের প্রতিনিধিত্বমূলক মঞ্চ গড়ে তোলা। যেখানে খেলোয়াড়রা দাবি নিয়ে কথা বলতে পারবেন। জকোভিচের বাত— স্বচ্ছতা, পরিচালনা এবং আমার ভাবমূর্তি কীভাবে ব্যবহার করা হচ্ছে, তা নিয়ে দীর্ঘদিন ধরেই উদ্বেগে রয়েছি। সংস্থার দৃষ্টিভঙ্গির সঙ্গে আমার নীতি এবং কাজের পদ্ধতির যথেষ্ট অমিল রয়েছে। জকোভিচ জানিয়েছেন, আপাতত টেনিস, পরিবার এবং ব্যক্তিগত বিষয়েই মন দেবেন। চেষ্টা করবেন এমন ছাপ রাখার, যা নীতি ও সততার মানানসই। পাশাপাশি জানিয়েছেন, এখন তাঁর কাছে ক্রোজড চ্যাম্পিটার।

## আমোরিমকে ছেঁটে ফেলল ম্যান ইউ



ম্যাঞ্চেস্টার, ৫ জানুয়ারি : ১৪ মাসের মধুচন্দ্রিমা শেষ! সোমবার কোচের পদ থেকে রবেন আমোরিমকে ছেঁটেই ফেলল ম্যাঞ্চেস্টার ইউনাইটেড। ২০২৪ সালের নভেম্বরে স্পোর্টিং লিসবন থেকে ম্যান ইউয়ে যোগ দিয়েছিলেন আমোরিম। তাঁর সঙ্গে ক্লাবের চুক্তি ছিল ২০২৭ সালের জুন পর্যন্ত। কিন্তু সেই মেয়াদের অনেক আগেই ওল্ড ট্রাফোর্ড ছাড়তে হল আমোরিমকে। এই নিয়ে গত পাঁচ বছরে পাঁচজন কোচ ছাঁটাই হলেন ওল্ড ট্রাফোর্ডের ক্লাবে।

ক্লাব যে তাঁর বিরুদ্ধে কড়া পদক্ষেপ নিতে চলেছে, সেটা লিডস ইউনাইটেডের সঙ্গে ১-১ ড্র হওয়ার পরেই বুঝে গিয়েছিলেন আমোরিম। সাংবাদিক বৈঠকে এসে তিনি বলেছিলেন, আমি তো এখানে ম্যানেজার হয়ে এসেছি। হেড কোচ নয়। আমার কাজ ১৮ মাস পরেই শেষ হবে। ক্লাব চাইলে আমাকে সরিয়ে দিতেই পারে। কিন্তু আমি নিজে থেকে ইস্তফা দেব না। ওই মন্তব্যের পর ৪৮ ঘণ্টা কাটতে না কাটতেই ছাঁটাই হলেন আমোরিম।

প্রিমিয়ার লিগে এই মুহূর্তে ছ'নম্বরে রয়েছে ম্যান ইউ। আমোরিমের বিদায়ের পর, অস্থায়ীভাবে দায়িত্ব পেয়েছেন ম্যান ইউয়ের প্রাক্তন মিডফিল্ডার তথা অনূর্ধ্ব ১৮ ম্যান ইউয়ের কোচ ড্যারেন ফ্লেচার। বুধবার প্রিমিয়ার লিগে বার্নলির বিরুদ্ধে ম্যাচে তিনিই ডাগআউটে থাকবেন।

আমোরিমের অধীনে ম্যান ইউ সব টুর্নামেন্ট মিলিয়ে মোট ৬৩টি ম্যাচ খেলেছে। এর মধ্যে জিতেছে ২৪টিতে। হেরেছে ২৩টি। ক্লাবকে কোনও বড় ট্রফি জেতাতে পারেননি পতুগিজ কোচ। গত মরশুমে প্রিমিয়ার লিগ ১৫তম স্থানে শেষ করার পর, আমোরিমের পরামর্শ মেনে ফুটবলার নিতে প্রায় ২৫০০ কোটি টাকা খরচ করেছিল ম্যান ইউ। কিন্তু এর পরেও আশা অনুযায়ী ফল দিতে পারেননি আমোরিম। তাই তাঁর বিদায় ছিল শুধুই সময়ের অপেক্ষা।

## এমবাপেকে ছাড়াই রিয়ালের বড় জয়



মাদ্রিদ, ৫ জানুয়ারি : চোটের কারণে কিলিয়ান এমবাপে ছিলেন না। কিন্তু ফরাসি তারকার অভাব বুঝতেই দিলেন না গঞ্জালো গার্সিয়া। তরুণ স্ট্রাইকারের হ্যাটট্রিকে ভর করে, লা লিগায় রিয়াল বেতিসকে ৫-১ গোলে বিধ্বস্ত করল রিয়াল মাদ্রিদ। এই জয়ের সুবাদে শীর্ষ থাকা বার্সেলোনার (১৯ ম্যাচে ৪৯ পয়েন্ট) সঙ্গে ব্যবধানও কমিয়ে এনেছে রিয়াল। ১৯ ম্যাচে তাদের পয়েন্ট ৪৫।

■ হ্যাটট্রিক হিরো গার্সিয়া।

চলতি মরশুমে দুরন্ত ফর্মে থাকা এমবাপের অনুপস্থিতিতে কিছুটা চাপ নিয়েই ঘরের মাঠে নেমেছিল রিয়াল। কিন্তু ২০ মিনিটেই গোল করে সেই চাপ অনেকটা কাটিয়ে দেন গার্সিয়া। তবে দ্বিতীয় গোলের জন্য অনেকটা সময় অপেক্ষা করতে হয়েছে রিয়ালকে। ৫০ মিনিটে দুরন্ত ভলিতে জাল কাঁপিয়ে ২-০ করেন সেই গার্সিয়া। ৬ মিনিটে পরেই রাউল আসেনসিওর গোলে ৩-০।

তবে ৬৬ মিনিটে ১-৩ করে দিয়েছিলেন বেতিসের কলম্বিয়ান স্ট্রাইকার কুচো হানান্ডেজ। কিন্তু ৮২ মিনিটে রিয়ালের চার নম্বর গোলটি করার পাশাপাশি ব্যক্তিগত হ্যাটট্রিক সম্পূর্ণ করেন গার্সিয়া। এরপর ৯৩ মিনিটে বেতিসের কফিনে শেষ পেরেক পুঁতে নেন ফ্রান গার্সিয়া। বড় ব্যবধানে ম্যাচ জিতে খুশি রিয়াল কোচ জাভি আলোস্কো। ম্যাচের পর তিনি বলেছেন, ফুটবলাররা দুর্দান্ত খেলেছে। গার্সিয়া তো অসাধারণ। সুযোগ পেয়েই দারুণভাবে কাজে লাগিয়েছে।

## নিজের সংস্থার নাম ঘোষণা করলেন নীরজ

নয়াদিল্লি, ৫ জানুয়ারি : জোড়া অলিম্পিক পদকজয়ী নীরজ চোপড়ার নতুন ইনিংস। সোমবার নিজস্ব অ্যাথলিট ম্যানেজমেন্ট সংস্থা— ‘ভেল স্পোর্টস’-এর নাম আনুষ্ঠানিকভাবে ঘোষণা করলেন ভারতীয় জ্যাভলিন থ্রোয়ার। নতুন সংস্থার পথচলার কথা ঘোষণার আগে অবশ্য জেএসডব্লু

স্পোর্টসের সঙ্গে দীর্ঘ ১০ বছরের সম্পর্ক ছিন্ন করেছেন নীরজ। ২০১৬ সালে জেএসডব্লু স্পোর্টসের সঙ্গে গাঁটছড়া বেঁধেছিলেন তিনি।

এদিন এক বিবৃতিতে নীরজ জানিয়েছেন, জেএসডব্লু স্পোর্টস ও আমার গত এক দশকের পথচলা ছিল সমৃদ্ধি, বিশ্বাস এবং কৃতিত্বের। জেএসডব্লু স্পোর্টস আমার কেরিয়ার গড়ে দিয়েছে। ওদের সমর্থন এবং দূরদৃষ্টির জন্য আমি কৃতজ্ঞ। এই অধ্যায়ের অবসান ঘটলেও



আমার পরবর্তী সফরেও একই মূল্যবোধ আমি বহন করব। আর সেই সফর হবে আমার নিজস্ব সংস্থা ভেল স্পোর্টসের সঙ্গে।

প্রসঙ্গত, জেএসডব্লু স্পোর্টসের সঙ্গে গাঁটছড়া বেঁধে ২০২১ টোকিও অলিম্পিকে সোনা জিতেছিলেন নীরজ। যা এখনও পর্যন্ত তাঁর কেরিয়ারের সবথেকে বড় সাফল্য। এরপর ২০২৪ সালে প্যারিস অলিম্পিকে রূপো জেতেন তিনি। যদিও ২০২৬ সালে নীরজ কবে ট্র্যাক অ্যান্ড ফিল্ডে নামবেন, তা নিয়ে ধোঁয়াশা রয়েছে। পুরনো চোট ভোগাচ্ছে সোনার ছেলেকে। এদিকে, বছরের শেষদিকে রয়েছে এশিয়ান গেমস। যা জাপানের মাটিতে শুরু হবে ১৯ সেপ্টেম্বর থেকে। আপাতত নীরজ রিহাব করছেন।

## শেষ আটে মরক্কো বনাম ক্যামেরুন

রাবাট, ৫ জানুয়ারি : ব্রাহিম দিয়াজের গোলে আফ্রিকা কাপ অফ নেশনসের কোয়ার্টার ফাইনালে মরক্কো। প্রি-কোয়ার্টার ফাইনালে তারা ১-০ গোলে হারিয়েছে তানজানিয়াকে। অন্যদিকে, দক্ষিণ আফ্রিকাকে ২-১ গোলে হারিয়ে শেষ আটে মরক্কোর মুখোমুখি হয়েছে ক্যামেরুন। মরক্কোকে কড়া টঙ্কর দিয়েছে ফিফা যা ফ্রিংয়ে ১০১ ধাপ পিছিয়ে থাকা তানজানিয়া। প্রথমার্ধে অনেক চেষ্টা করেও বিপক্ষ রক্ষণে চিড় ধরতে পারেননি মরক্কান ফুটবলাররা। অবশেষে ৬৪ মিনিটে রিয়াল মাদ্রিদ তারকা দিয়াজের গোলে স্বস্তি ফেরে। টুর্নামেন্টের গ্রুপ পর্বের



■ গোলের পথে ব্রাহিম দিয়াজ।

তিনটি ম্যাচেই গোল করেছিলেন দিয়াজ। এবার নকআউটেও গোল করলেন। সব মিলিয়ে আফ্রিকান কাপ অফ নেশনসের চার ম্যাচে চার গোল হয়ে গেল রিয়াল তারকার। প্রি-কোয়ার্টার ফাইনালের অন্য ম্যাচে হাড্ডাহাড্ডি লড়াই হয়েছে। প্রথমার্ধের ৩৪ মিনিটে স্টোক সিটির ডিফেন্ডার জুনিয়র তচামাদেউয়ের গোলে এগিয়ে গিয়েছিল ক্যামেরুন। দ্বিতীয়ার্ধের খেলা শুরুর দু'মিনিটের মধ্যে ব্যবধান দিগুণ করেন ক্রিস্টিয়ান কোফানে। তবু হাল ছাড়েনি দক্ষিণ আফ্রিকা। বরং টানা আক্রমণ শানিয়ে ৮৮ মিনিটে ১-২ করেও দিয়েছিল তারা। গোল মাকগোপার।





নিউজিল্যান্ড  
সিরিজের জন্য  
মুহুইয়ে প্রস্তুতি  
শুরু করলেন  
রোহিত শর্মা

# মাঠে ময়দানে

6 January, 2026 • Tuesday • Page 15 || Website - www.jagobangla.in

১৫

৬ জানুয়ারি  
২০২৬

মঙ্গলবার

## অভিষেককে ছাড়াই আজ বাংলা বনাম হায়দরাবাদ

প্রতিবেদন : রাজকোটের নিরঞ্জন শাহ স্টেডিয়ামে মঙ্গলবার হাই ভোল্টেজ ম্যাচ। মুখোমুখি হবে বাংলা ও হায়দরাবাদ। আরও পরিষ্কার করে বললে মহম্মদ শামি বনাম মহম্মদ সিরাজের ম্যাচ। বিজয় হাজারে ট্রফির ভীষণ গুরুত্বপূর্ণ ম্যাচ এটি। বিশেষ করে বাংলার কাছে। গ্রুপের শেষ দুই ম্যাচই এখন অভিমুখী দলের জন্য নক আউট ম্যাচ। তাই আগে হায়দরাবাদকে হারাতে হবে বাংলাকে। না হলে রান রেটের দিকে তাকিয়ে থাকতে হতে পারে।

টানা তিন ম্যাচ জিতে বাংলা বেশ ভাল জায়গাতেই ছিল। কিন্তু অসম ম্যাচে অভিষেক পোড়েল চোট পাওয়ার পর পরিস্থিতি কিছুটা চাপের হয়েছে। কাঁধে চোট পেয়েছেন বাংলার তরুণ উইকেটকিপার। স্ক্যান রিপোর্ট বলছে সুস্থ হতে অন্তত দুই সপ্তাহ লাগবে। সাদা বলের ক্রিকেটে অভিষেক দলের গুরুত্বপূর্ণ সদস্য। পাঁচ ম্যাচে ২৪১ রান করেছেন। ৬টি ক্যাচও ধরেছেন। অভিষেক খেলতে পারবেন না বলে কলকাতা থেকে দ্রুত উড়িয়ে নিয়ে যাওয়া হয়েছে শাকির হাবিব গান্ধীকে।

অভিষেককে নিয়ে আরও ঝুঁকি নিতে চাইছে না বাংলা। এই জন্য যে, ২২ জানুয়ারি থেকে রঞ্জিতে সার্ভিসেসের সঙ্গে খেলা রয়েছে। তার আগে তিনি যাতে পুরোপুরি সুস্থ হয়ে উঠতে পারেন সেইজন্য বঙ্গ টিম ম্যানেজমেন্ট তাঁকে বিশ্রামের সুযোগ দিতে চাইছে। তাই অভিষেককে কলকাতায় ফেরত পাঠানো হচ্ছে। তিনি যেহেতু পাওয়ার প্লে-তে দ্রুত রান তুলতে পারেন তাই



■ শামির সামনে আজ সিরাজের চ্যালেঞ্জ।

এটা লক্ষ্যরতন শুরুর দের জন্য একটা বড় ধাক্কা। কিন্তু চোটের সামনে দলেরও কিছু করার নেই।

শামি হাজারে ট্রফির শুরু থেকেই খেলছেন। উইকেটও নিয়েছেন। কিন্তু ভারতীয় দলের দরজা এখনও বন্ধ। এদিকে, গ্রুপের শেষ তিন ম্যাচের জন্য হায়দরাবাদ দলে নিয়েছে সিরাজ ও তিলক ভার্মাকে। সিরাজ নিউজিল্যান্ডের বিরুদ্ধে একদিনের দলে ডাক পেয়েছেন। তাঁর জন্য এটা একদিনের সিরিজের প্রস্তুতিও। কিন্তু শামি টানা ম্যাচ খেলছেন, দুশোর বেশি ওভার বল করে ফেলেছেন। কিন্তু তাঁকে ভারতীয় দলে ফেরানোর আগ্রহ দেখাচ্ছেন না গৌতম গম্ভীর বা অজিত আগারকর।

### হৃদরোগে প্রয়াত মনোজ কোঠারি

প্রতিবেদন : না  
ফেরার দেশে  
প্রাক্তন বিশ্ব  
বিলিয়ার্ডস  
চ্যাম্পিয়ন মনোজ  
কোঠারি। কিছুদিন  
ধরেই লিভারের সমস্যা ভুগছিলেন  
তিনি। ভর্তিও ছিলেন চেন্নাইয়ের  
হাসপাতালে। দিন দশেক আগে  
লিভার প্রতিস্থাপন হয়েছিল।  
অস্ত্রোপচার সফল হয়। কিন্তু  
সোমবার সকালে হৃদরোগে আক্রান্ত  
হয়ে প্রয়াত হলেন। মৃত্যুকালে তাঁর  
বয়স হয়েছিল ৬৭ বছর। ১৯৯০  
সালে বিশ্ব বিলিয়ার্ডসে চ্যাম্পিয়ন  
হন মনোজ। তাঁর সুযোগ্য পুত্র  
সৌরভ কোঠারিও বিলিয়ার্ডসে  
দু'বারের বিশ্ব চ্যাম্পিয়ন। চলতি  
বছরেই আরেক ভারতীয় বিশ্ব  
চ্যাম্পিয়ন পঙ্কজ আডবানিকে  
হারিয়ে আইবিএসএফ খেতাব  
জিতেছেন সৌরভ। ছেলেকে নিজের  
হাতে তৈরি করেছিলেন মনোজ।  
তিনিই ছিলেন সৌরভের কোচ এবং  
মেন্টর। এছাড়া দীর্ঘ বছর ধরে  
কোচিংয়ের সঙ্গেও যুক্ত ছিলেন।  
মনোজের প্রয়াশে শোকে ধরা ছায়া  
ভারতীয় ক্রীড়া মহলে।



## হামিদকে ছেড়ে দিল ইস্টবেঙ্গল



প্রতিবেদন : প্রায় এক মাস পর ফের প্রাকটিস শুরু ইস্টবেঙ্গলের। ডিসেম্বরে সুপার কাপ ফাইনালে হারের পরেই ছুটিতে চলে গিয়েছিলেন লাল-হলুদের কোচ ও ফুটবলাররা। শনিবারই শহরে এসে গিয়েছিলেন কোচ অক্ষর ব্রজো। সোমবার প্রাকটিসে উপস্থিত ছিলেন তিন বিদেশী—সাঁউল ক্রেসপো, মহম্মদ রশিদ এবং হিরোশি ইবুসুকি। ১-২ দিনের মধ্যেই এসে যাবেন মিগুয়েল ফিগুয়েরা ও কেভিন সিবিঙ্গে। কয়েকজন ভারতীয় ফুটবলারও উপস্থিত ছিলেন

এদিনের প্রাকটিসে। বাকিরা আগামী কয়েক দিনের মধ্যেই অনুশীলনে যোগ দেবেন বলে খবর।

তবে এদিনই আরেক বিদেশি হামিদ আহাদকে ছেড়ে দিল ইস্টবেঙ্গল। মরোক্কান স্ট্রাইকারের সঙ্গে এক বছরের চুক্তি ছিল লাল-হলুদের। কিন্তু নতুন বছরের শুরুতেই পারস্পরিক সম্মতিতে বিচ্ছেদ হল দু'পক্ষের। লাল-হলুদ জার্সিতে অভিষেক ম্যাচেই গোল করেছিলেন হামিদ। গোল করেছিলেন আইএফএ শিল্ড ফাইনালে মোহনবাগানের বিরুদ্ধেও। যদিও শেষ পর্যন্ত পেনাল্টি শটআউটে হেরে গিয়েছিল ইস্টবেঙ্গল।

এদিন ক্লাবের তরফ থেকে এক বিবৃতিতে জানানো হয়েছে, দু'পক্ষের সম্মতিতে হামিদ আহাদ ও ইস্টবেঙ্গলের সম্পর্ক শেষ হচ্ছে। এই সময়টা হামিদ পরিবারের সঙ্গেই কাটাতে চায়। ক্লাবও চায় ফুটবলাররা মাঠের বাইরেও ভাল থাকুক। তাই হামিদের সিদ্ধান্তকে সম্মান জানিয়ে ওকে ছেড়ে দেওয়া হল। ক্লাব সুত্রের খবর, হামিদের পরিবর্ত হিসাবে একজন বিদেশি স্ট্রাইকারের খোঁজ ইতিমধ্যেই শুরু হয়েছে।

## লক্ষ্য ব্রেকের পর কোর্টে সিদ্ধু

নয়াদিল্লি, ৫ জানুয়ারি : তিন মাসেরও বেশি সময় কোর্টের বাইরে থাকার পর মালয়েশিয়া ওপেন ২০২৬-এ ফিরছেন পিভি সিদ্ধু। গত বছরের সেপ্টেম্বরে তিনি শেষবার প্রতিযোগিতামূলক ব্যাডমিন্টনে অংশ নিয়েছিলেন।

কুয়ালালামপুরের অ্যাক্সিয়াটা এরিনায় মঙ্গলবার থেকে এই প্রতিযোগিতা শুরু হয়েছে। সিদ্ধুর কাছে এই টুর্নামেন্ট ভীষণ গুরুত্বপূর্ণ। কারণ, চোট-আঘাতে ২০২৫ তাঁর ভাল যায়নি। ৩০ বছরের সিদ্ধু সেপ্টেম্বরে চিনা মাস্টার্সের কোয়ার্টার ফাইনালে হেরে গিয়েছিলেন প্যারিস অলিম্পিকে সোনা জয়ী আন সে ইয়ংগের কাছে। তারপর থেকে এতদিন কোর্টের বাইরে ছিলেন। গত বছর অনেক টুর্নামেন্টে দু'বারের অলিম্পিক মেডেলিস্ট সিদ্ধু শুরুতেই ছিটকে গিয়েছিলেন। চোটের জন্যই এমন ফল বলে পরে জানা গিয়েছিল। অতঃপর তিনি মরশুমের বাকিটা কোর্টের বাইরে কাটানোর সিদ্ধান্ত নিয়েছিলেন।

মালয়েশিয়ায় এই টুর্নামেন্টে সিদ্ধু ছাড়া ভারতের মেয়েদের মধ্যে খেলছেন মালবিকা বানসুদ ও উম্মতি ছদা। ছেলেদের বিভাগে আছেন লক্ষ্য সেন ও আয়ুষ

শেঠি। এই দু'জনের ফেলে আসা বছর ভাল-মন্দে মিশিয়ে কেটেছে। ছেলেদের ডাবলস ইভেন্টে প্রত্যাশিতভাবেই সমস্ত আশা চিরাগ শেঠি ও সান্তিকসাইরাজ রানকিরেড্ডি-কে ঘিরে রয়েছে। এই জুটি টুর্নামেন্টে তৃতীয় বাছাই। ২০২৪-এ এরা এখানে চ্যাম্পিয়ন হয়েছিলেন।

মেয়েদের বিভাগের ডাবলসে ভারতীয় চ্যালেঞ্জ তৃষা জলি ও গায়ত্রী গোঁপীচাঁদ। গত মাসে এই জুটি সৈয়দ মোদি ইন্টারন্যাশনালে খেতাব ধরে রেখেছিল।

মিস্ত্র ডাবলসে বিশ্বের ১৭ নম্বর জুটি তানিশা ক্রাস্টো ও ধ্রুব কপিলার সামনে নতুন বছরের শুরুতেই শক্ত চ্যালেঞ্জ। দু'জনকেই দেখাতে হবে যে নতুন বছরের জন্য তাঁরা প্রস্তুতি সেরে ফেলেছেন।



### আইএফএ-র উদ্যোগ

প্রতিবেদন : সম্প্রতি সামাজিক ও সংবাদ মাধ্যমে বেঙ্গল সুপার লিগ সম্পর্কে আইএফএ-র এক পদাধিকারীর ম্যাচ গড়াপেটা সংক্রান্ত কিছু অভিযোগের প্রেক্ষিতে সোমবার শ্রাচী স্পোর্টসের শীর্ষকর্তারা আইএফএ সভাপতি ও সচিবের সঙ্গে দীর্ঘ বৈঠক করেন। তাঁরা অনুরোধ করেন, ম্যাচ ফিক্সিং ও বেটিংয়ের অভিযোগে তাঁদের প্রতিষ্ঠান ও আইএফএর ভাবমূর্তির পক্ষে হানিকর। তাই পুলিশি তদন্তের অনুরোধ জানিয়েছেন। একই সঙ্গে আইএফএ-র এক সিনিয়র পদাধিকারীর কুরুচিকর পোস্টের বিষয়েও পদক্ষেপের অনুরোধ জানিয়েছেন। আইএফএ-র তরফ থেকে আশ্বাস দেওয়া হয়, এবিষয়ে তদন্তের জন্য কলকাতা পুলিশকে অনুরোধ করা হবে এবং সঠিক সভায় সংশ্লিষ্ট পদাধিকারীর ব্যবহার নিয়ে আলোচনা করা হবে।

## ছন্দ ধরে রাখতে চান ফাজিলারা

প্রতিবেদন : মেয়েদের আই লিগে (আইডব্লুএল) মঙ্গলবার ফের মাঠে নামছে গতবারের চ্যাম্পিয়ন ইস্টবেঙ্গল। টানা চার ম্যাচ জিতে ১২ পয়েন্ট নিয়ে লিগের শীর্ষে রয়েছেন 'মশাল গার্লস'রা। এবার সামনে দক্ষিণী ক্লাব কিকস্টার্ট এফসি। যারা ৫ ম্যাচ খেলে চারটিতেই হেরেছে। ঝুলিতে মাত্র ৩ পয়েন্ট নিয়ে তালিকার সাত নম্বরে রয়েছে। লাল-হলুদের কোচ অ্যান্থনি অ্যান্ড্রুজ যদিও আত্মতুষ্টিতে ভুগতে রাজি নন। বরং তিনি বলছেন, আমাদের লক্ষ্য তিন পয়েন্ট। টানা পাঁচ ম্যাচ জিতে ছন্দ ধরে রাখতে চাই। লক্ষ্য লিগে ধারাবাহিকতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই প্রতিপক্ষকে হালকাভাবে নেওয়ার প্রস্নই ওঠে না। অ্যান্থনির বড় সুবিধে, তাঁর দলের ফুটবলাররা গোলের মধ্যেই রয়েছেন। বিদেশি স্ট্রাইকার ফাজিলা ইকওয়াপুট একটি হ্যাটট্রিক-সহ ইতিমধ্যেই ৬টি গোল করেছেন। উইঙ্গার সৌম্য গুণ্ডলোথও ৫ গোল করে ফেলেছেন। এর মধ্যে একটি হ্যাটট্রিকও রয়েছে। আরেক ফরোয়ার্ড ১৮ বছরের সুলজ্ঞা রাউলের নামের পাশে ৩টি গোল।



## শীর্ষে রয়্যাল সিটি

প্রতিবেদন : জমজমাট বেঙ্গল সুপার লিগ। সোমবার টুর্নামেন্টের প্রথম ম্যাচে জেএইতআর রয়্যাল সিটি ২-০ গোলে হারিয়েছে নর্থ ২৪ পরগনাকে। দ্বিতীয় ম্যাচে বর্ধমান ব্লাস্টার্স ১-০ গোলে হারিয়েছে নর্থবেঙ্গল এফসিকে। এদিন নৈহাটি স্টেডিয়ামে নর্থ ২৪ পরগনাকে হারিয়ে লিগ তালিকার ১ নম্বরে উঠে এল রয়্যাল সিটি। ম্যাচের ২১ মিনিটেই রবি হাঁসদার গোলে এগিয়ে গিয়েছিল রয়্যাল সিটি। ৫১ মিনিটে ২-০ করেন রিজওয়ান। ফলে ৮ ম্যাচে ১৭ পয়েন্ট হল রয়্যাল সিটির। অন্যদিকে, বর্ধমান হারিয়েছে নর্থবেঙ্গল এফসিকে। ২৮ মিনিটে জয় সূচক গোলটি করেন লতিফ।

## আইএসএল শুরুর বার্তা হয়তো আজ

প্রতিবেদন : সবকিছু ঠিক থাকলে, মঙ্গলবারই আইএসএল শুরুর দিন ঘোষণা করে দিতে পারে অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশন। ক্লাব জোটের প্রবল চাপের মুখে পড়ে নিজেরা শীর্ষ লিগ আয়োজন করতে উঠে পড়ে লেগেছে। সংবিধানের তোয়াক্কা না করে কার্যকরী কমিটির অনুমোদন ছাড়াই আইএসএল আয়োজনের প্রস্তাবে সিলমোহর দিয়েছিল ফেডারেশনের ইমার্জিং কমিটি। ফলে রবিবার ক্লাবগুলির কাছে প্রস্তাবিত লিগ নিয়ে চিঠি পাঠানোর কথা থাকলেও তা হয়নি। সদস্যরা

প্রশ্ন তোলায় সিদ্ধান্ত হয়, গঠনতন্ত্র মেনেই এগোনো হবে।

সেই মতো সোমবার ফাইনাল কমিটির বৈঠক ডাকা হয়েছিল। সেই বৈঠকে আইএসএল করার জন্য ফাইনাল কমিটি আনুমানিক ৭ কোটি টাকা বরাদ্দ করেছে। মঙ্গলবার কার্যকরী কমিটির বৈঠক হবে। সেখানে তিন সদস্যের স্পেশাল কমিটির রিপোর্ট অনুমোদন করিয়ে গঠনতন্ত্র মেনে ক্লাবগুলিকে চিঠি দিয়ে লিগ শুরুর দিনক্ষণ জানিয়ে দেওয়া হবে।





## বাংলাদেশের দাবি নিয়ে ধীরে চলো আইসিসির

দুবাই, ৫ জানুয়ারি : আইসিসি এবার কী করবে? বাংলাদেশ ক্রিকেট বোর্ডের দাবি মেনে টি ২০ বিশ্বকাপের ম্যাচ সরিয়ে দেবে? নাকি নির্ধারিত সূচি মেনেই এগিয়ে যাবে? জনা গিয়েছে এখনই বাংলাদেশের দাবি মেনে বিশ্বকাপ সূচি বদলের কোনও সম্ভাবনা নেই।

কেন নেই? শোনা যাচ্ছে, ভারত ও বাংলাদেশ ক্রিকেট বোর্ডের বিষয় বলে তারা আপাতত এর থেকে দূরে থাকার সিদ্ধান্ত নিয়েছে। তাছাড়া ভারত এই বিশ্বকাপের অন্যতম আয়োজক। তাই ভারতীয় বোর্ডের বক্তব্যকে আগে গুরুত্ব দিয়ে শোনা হবে বলেও খবর।

ভারতীয় বোর্ডের নির্দেশে



বাংলাদেশ ক্রিকেটর মুস্তাফিজুর রহমানকে বাদ দিয়েছে কেকেআর। এরপরই ঘটনার জল গড়াতে শুরু করেছে। বাংলাদেশ বোর্ড জানিয়ে দেয় তারা ভারতে বিশ্বকাপের ম্যাচ খেলবে না। এজন্য তারা আইসিসিকে

চিঠিও দিয়েছে। তবে মাঝখানে শনি ও রবিবার পড়ে যাওয়ায় আইসিসি দপ্তর বন্ধ ছিল। ফলে কোনও জবাবি বাতী এখনও আসেনি।

এখন প্রশ্ন হল আইসিসি কী করবে? জনা গিয়েছে দুই দেশের

বিষয় বলে আইসিসি সরাসরি এর মধ্যে ঢুকতে চায় না। তারা পরিস্থিতি দেখবে ও নির্ধারিত সূচি অনুযায়ী এগোনের চেষ্টা করবে। তাছাড়া ভারত যেহেতু টি ২০ বিশ্বকাপের কো-হোস্ট, তাই এই ইস্যুতে তাদেরই যে বক্তব্য শোনার ক্ষেত্রে প্রাধান্য দিতে হবে সেটাও তারা মনে করছে।

টি ২০ বিশ্বকাপের গ্রুপ লিগে বাংলাদেশের তিনটি ম্যাচ রয়েছে কলকাতায়। একটি মুম্বইয়ে। তার মধ্যে উদ্বোধনী দিনই ইডেনে বাংলাদেশ মুখোমুখি হবে ওয়েস্ট ইন্ডিজের। কলকাতা ও মুম্বইয়ে বাংলাদেশ ম্যাচের প্রস্তুতি শুরু হয়েছে। চলছে টিকিট বিক্রিও।

## আজ হাজারেতে শুভমন ও শ্রেয়স রেল ম্যাচ থেকে সরলেন বিরাট



প্রাকটিসে শ্রেয়স ও শুভমন। প্রস্তুতি মঙ্গলবারের ম্যাচের।

জয়পুর, ৫ জানুয়ারি : মঙ্গলবার বিজয় হাজারে ট্রফির ম্যাচ দিয়েই ২২ গজে প্রত্যাবর্তন ঘটছে শুভমন গিল ও শ্রেয়স আইয়ারের। তবে দিল্লির হয়ে রেলওয়েজ ম্যাচ না খেলার সিদ্ধান্ত নিয়েছেন বিরাট কোহলি। প্রসঙ্গত, দিল্লির হয়ে বিজয় হাজারের দুটো ম্যাচ ইতিমধ্যেই খেলে ফেলেছেন বিরাট। একটিতে সেঞ্চুরি ও অন্যটিতে হাফ সেঞ্চুরি হাঁকিয়ে নিউজিল্যান্ড সিরিজের মহড়া সেরেছেন।

অন্যদিকে, নিউজিল্যান্ডের বিরুদ্ধে একদিনের সিরিজে গিলই টিম ইন্ডিয়াকে নেতৃত্ব দেবেন। দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে টেস্ট সিরিজে যাড়ে চোট পেয়েছিলেন। তবে চোট সারলেও, বিজয় হাজারে ট্রফিতে এখনও পর্যন্ত মাঠে নামেননি গিল। শনিবার সিকিমের বিরুদ্ধে পাঞ্জাবের হয়ে তাঁর খেলার কথা থাকলেও, পেটের সমস্যা মাঠে নামতে পারেননি। যদিও মঙ্গলবার জয়পুরে গোয়ার বিরুদ্ধে খেলছেন শুভমন। সোমবার পাঞ্জাবের নেটে দীর্ঘক্ষণ ব্যাট করতে দেখা গিয়েছে গিলকে।

এদিকে, গত অস্ট্রেলিয়া সফরে ফিফিং করার সময় পেটে গুরুতর চোট পেয়েছিলেন শ্রেয়স। চোটমুক্ত হয়েই গুরুদায়িত্ব পেলেন তিনি। শ্রেয়সের নেতৃত্বে মুম্বই মঙ্গলবার মাঠে নামছে হিমাচল প্রদেশের বিরুদ্ধে। নিউজিল্যান্ড সিরিজের আগে এই একটি ম্যাচই খেলার সুযোগ পাচ্ছেন তিনি। কিউয়ি সিরিজে শ্রেয়স আবার গিলের ডেপুটি। আগামী রবিবার সিরিজের প্রথম ম্যাচ। বোর্ডের মেডিকেল টিম ফিট ঘোষণা করার পর, এই প্রথম ২২ গজে দেখা যাবে শ্রেয়সকে। বিজয় হাজারের ম্যাচে পুরো পঞ্চাশ ওভার খেলতে শ্রেয়সের কোনও সমস্যা হচ্ছে কি না, সেটা দেখার পরেই তাঁকে নিউজিল্যান্ড সিরিজ খেলার চূড়ান্ত ছাড়পত্র দেওয়া হবে।

## ফের রান বৈভবের ব্যাটে



বেনোনি, ৫ জানুয়ারি : প্রথম ম্যাচে রান পাননি। তবে অনূর্ধ্ব ১৯ দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে বৃষ্টিবিলিতি দ্বিতীয় ম্যাচে ঝোড়ো হাফ সেঞ্চুরি হাঁকালেন বৈভব সূর্যবংশী। সোমবার দক্ষিণ আফ্রিকার দেওয়া ২৪৬ রানের টার্গেট তাড়া করতে নেমে, ২৪ বলে ৬৮ রানের বিধ্বংসী ইনিংস খেলেন বৈভব। তিনি ১টি চার ও ১০টি ছয় মেরেছেন। এদিন প্রথমে ব্যাট করে ৪৯.৩ ওভারে ২৪৫ রানে অলআউট হয়ে যায় দক্ষিণ আফ্রিকা। জেসন রাউলস ১১৩ বলে ১১৪ রান করেন। ভারতের কৃষাণ সিং ৪ উইকেট নেন। জবাবে অ্যারন জর্জ (২০ রান) ও বৈভবের উইকেট হারিয়ে অনূর্ধ্ব ১৯ ভারত ২৩.৩ ওভারে ১৭৬ রান তুলে ডাকওয়ার্থ-লুইস পদ্ধতিতে ৮ উইকেটে ম্যাচ জিতে নেয়। অভিজ্ঞান কুণ্ডু ৪৮ ও বোদান্ত ত্রিবেদী ৩১ রানে অপরাজিত থেকে যান।



মুস্তাফিজুর-কাওর জল গড়াচ্ছে বহুদূর।

## মুস্তাফিজুরের দেশে ২০২৬ আইপিএলের সম্প্রচার নিষিদ্ধ হল

ঢাকা, ৫ জানুয়ারি : মুস্তাফিজুর রহমান বিতর্কে নয়া মোড়। বাংলাদেশে অনির্দিষ্টকালের জন্য আইপিএলের সম্প্রচার নিষিদ্ধ করল মুহাম্মদ ইউনিসের সরকার! জনস্বার্থে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে দাবি ইউনিস সরকারে।

এর আগেই ভারতের মাটিতে আসন্ন টি-২০ বিশ্বকাপের ম্যাচ খেলবে না বলে জানিয়েছিল বাংলাদেশ ক্রিকেট বোর্ড। এবার সরকারের তরফ থেকে এল এই কড়া পদক্ষেপ। সোমবার বাংলাদেশ সরকারের পক্ষ থেকে এক বিবৃতিতে জানানো হয়েছে, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত আইপিএল ম্যাচ বা টুর্নামেন্ট সংক্রান্ত কোনও কিছু সম্প্রচার করা যাবে না। একই সঙ্গে নিষিদ্ধ করা হয়েছে আইপিএলের প্রচারও।

জনস্বার্থেই এই সিদ্ধান্ত। বাংলাদেশের তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় দেশের সবকটি টেলিভিশন চ্যানেলকে আইপিএল সংক্রান্ত সব ধরনের সম্প্রচার বন্ধ করার নির্দেশ দিয়েছে। বলা হয়েছে, এবারের আইপিএল থেকে মুস্তাফিজুরকে বাদ দেওয়ার প্রতিবাদ জানাতেই এই সিদ্ধান্ত।

এদিকে, ভারতের মাটিতে বিশ্বকাপের ম্যাচ না খেলার যে সিদ্ধান্ত নিয়েছে, তার

দায় সরাসরি ভারতীয় বোর্ডের ঘাড়ে চাপিয়েছেন বাংলাদেশ বোর্ডের ডিরেক্টর ফারুখ আহমেদ। একটি সর্বভারতীয় সংবাদমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে তিনি বলেন, বিসিসিআই সচিব দেবজিৎ শইকিয়া কেকেআরকে বলেছিলেন, মুস্তাফিজুরকে ছেড়ে দিতে। সম্ভবত সেটা নিরাপত্তার কারণে। বিসিসিআই সচিব ইঙ্গিত দিয়েছিলেন, আইপিএল চলাকালীন মুস্তাফিজুরকে নিরাপত্তা দেওয়া কঠিন হবে। যদি একজন ক্রিকেটারেরই নিরাপত্তা নিয়ে সমস্যা দেখা দেয়, তাহলে কোন ভরসার পুরো বাংলাদেশ দল কলকাতা এবং মুম্বইয়ে বিশ্বকাপের ম্যাচ খেলতে যাবে? এটা বাংলাদেশ সরকারের কাছে উদ্বেগের বিষয়। ক্রিকেটার এবং সাপোর্ট স্টাফদের জন্যও উদ্বেগের বিষয়।

ফরুখ আশাবাদী, আইসিসি তাঁদের আবেদনে সাড়া দিয়ে ভারত থেকে বাংলাদেশের ম্যাচ শ্রীলঙ্কায় সরিয়ে নিয়ে যাবে। পাকিস্তানের উদাহরণ টেনে ফারুখ বলেছেন, সবাই এখন হাইব্রিড মডেলে খেলছে। ভারত তো পাকিস্তানের বিরুদ্ধে দুবাইয়ে গিয়ে খেলে! পাকিস্তানও বিশ্বকাপের ম্যাচ ভারতে না খেলে শ্রীলঙ্কায় খেলবে। তাহলে বাংলাদেশের ক্ষেত্রে আপত্তি কীসের!